banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

WBCS - CGL - BANK - RAIL
grassroot
7427927701
Dunlop • Tamluk
Sonarpur • Bolpur

বর্ষ ৩৯ সংখ্যা ৪০ কলকাতা বুধবার, ৮ মে ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৪ বৈশাখ ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## ভারতীয় নৌবাহিনীতে চার্জম্যান

মেকানিক ও অ্যামিউনিশন অ্যান্ড এক্সপ্লোসিভ বিভাগে ১৭২ জন চার্জম্যান নেবে ইন্ডিয়ান নেভি। নিয়োগ করা হবে ডিপো বা অর্ডন্যান্স ফ্যাক্টরি বা ডি আর ডি ও ল্যাব বা কোয়াসি মিলিটারি এস্টাবলিশমেন্টসের বিভিন্ন ন্যাভাল আর্মামেন্ট ইনস্পেক্টরেট ইউনিটে।

বিভাগ অনুসারে শূন্যপদ: মেকানিক: শূন্যপদ ১০৩টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৮, আর্থিকভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**অ্যামিউনিশন অ্যান্ড এক্সপ্লোসিভস:** শূন্যপদ ৬৯টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১৮, আর্থিকভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ২৬-৫-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-বেসড অনলাইন পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে জেনারেল নলেজ/অ্যাওয়ারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড/লজিক্যাল রিজনিং, জেনারেল ইংলিশ এবং অ্যাপ্লায়েড সায়েন্স অ্যান্ড স্পেশালাইজেশন বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন। সবশেষে নথিপত্র যাচাই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৩ মে থেকে ২৬ মে পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত

এরপর সাতের পাতায়

## এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ে ৩২৭ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

বিভিন্ন বিভাগে ৩২৭ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে এলাহাবাদ বিশ্ববিদ্যালয়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: UoA/Asst Prof/01/2019. সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বিষয়গুলি হল (বন্ধনীতে শূন্যপদ):** এনশিয়েন্ট হিস্ট্রি, কালচার অ্যান্ড আর্কিওলজি (১৩টি), অ্যানথ্রোপলজি (১টি), আরবিক অ্যান্ড পার্সিয়ান (৫টি), বিহেভিয়ারাল অ্যান্ড কগনিটিভ সায়েন্সেস (৩টি), বায়োকেমিস্ট্রি (১টি), বায়ো-ইনফরমেটিক্স (৩টি), বায়ো-টেকনোলজি (২টি), বটানি (১০টি), কেমিস্ট্রি (২৮টি), কমার্স অ্যান্ড বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (১৩টি), কম্পিউটার এডুকেশন অ্যান্ড ট্রেনিং (৩টি), ডিফেন্স অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (২টি), ইকনমিক্স (১২টি), এডুকেশন (১১টি), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন (১০টি), ইংলিশ অ্যান্ড মডার্ন ইউরোপিয়ান ল্যাঙ্গুয়েজেস (১৬টি), এনভায়রনমেন্টাল স্টাডিজ (২টি), এক্সপেরিমেন্টাল মিনারেলজি অ্যান্ড

এরপর সাতের পাতায়

## আই টি বি পি-তে ১২১ খেলোয়াড়

১২১ জন খেলোয়াড় নেবে ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ। নিয়োগ করা হবে কনস্টেবল (জেনারেল ডিউটি) পদে।

নিয়োগ হবে এইসব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স, কায়াকিং ও ক্যানোয়িং, বক্সিং, উশু, শ্যুটিং, রেসলিং, জুডো, রোয়িং, জিমন্যাস্টিক্স, আর্চারি, স্কিইং (অ্যালপাইন ও নর্ডিক) এবং ক্যারাটে।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল।

খেলাধুলার যোগ্যতা: ১-১-২০১৭ থেকে ২১-৬-২০১৯-এর মধ্যে অলিম্পিক্স বা ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ বা ওয়ার্ল্ড কাপ বা এশিয়ান বা কমনওয়েলথ গেমস, বা এশিয়ান বা কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ বা ইয়ুথ অলিম্পিক্স বা স্যাফ গেমসে দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে বা পদক পেয়ে থাকতে হবে। অথবা ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস বা ন্যাশনাল গেমস

এরপর পনেরোর পাতায়

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
বিস্তারিত ১৪ পাতায়

## সেনাবাহিনীতে দন্ত চিকিৎসক

৬৫ জন ডেন্টাল সার্জেন নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে সেনাবাহিনীর ডেন্টাল কোরে শর্ট সার্ভিস কমিশনে। মহিলারাও আবেদনের যোগ্য।

**শিক্ষাগত যোগ্যতা:** বি ডি এস অথবা এম ডি এস ডিগ্রি। বি ডি এস-এর ফাইনাল ইয়ারে অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকতে হবে। স্টেট ডেন্টাল কাউন্সিল অথবা ডেন্টাল কাউন্সিল অব ইন্ডিয়ায় চিকিৎসক হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। এছাড়া প্রার্থীকে ৩১-৩-২০১৯-এর মধ্যে ১ বছরের কম্পালসারি রোটেটরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। পার্মানেন্ট ডেন্টাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকতে হবে।

প্রার্থীর ন্যাশনাল বোর্ড অব এক্সামিনেশনস কর্তৃক পরিচালিত ন্যাশনাল এলিজিবিলিটি-কাম-এন্ট্রান্স টেস্ট, নিট (এম ডি এস)-২০১৯-এর স্কোর কার্ড থাকতে হবে। পরীক্ষা আয়োজিত হয়েছিল ২০১৮-র ১৪ ডিসেম্বর।

**বয়স:** ৩১-১২-২০১৯ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

দৈহিক মাপজোক: উচ্চতা:

এরপর সাতের পাতায়

## সেন্ট্রাল ম্যানুফ্যাকচারিং টেকনোলজি ইনস্টিটিউটে ইঞ্জিনিয়ারিং অ্যাপ্রেন্টিস

৪০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ব্যাঙ্গালোরের সেন্ট্রাল ম্যানুফ্যাকচারিং টেকনোলজি ইনস্টিটিউট। ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনস এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং শাখায়। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 07/2019.

আসনসংখ্যার বিবরণ: **মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** ১০টি, **টেকনিক্যাল (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস:** ১২টি। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনস ইঞ্জিনিয়ারিং: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** ৮টি, **টেকনিক্যাল (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস:** ৬টি। **কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** ২টি, **টেকনিক্যাল (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস:** ২টি।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা।

২০১৬-র আগে যোগ্যতামান

এরপর পনেরোর পাতায়

## ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালস ট্রাবাঙ্কোরে ১৩৭

১৩৭ জন কর্মী নিচ্ছে ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালস ট্রাবাঙ্কোর লিমিটেড। নিয়োগ করা হবে টেকনিশিয়ান, ম্যানেজমেন্ট ট্রেনি, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার এবং অফিসার পদে। ট্রেনি পদের ক্ষেত্রে প্রথমে ২ বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Ad 7/2019.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ১১: **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ফিনান্স):** ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া থেকে সি এ অথবা ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া থেকে সি এম এ বা আই সি ডব্লু এ আই পাশ। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ, জন্মতারিখ হতে হবে ১-৪-১৯৮৪-র পর। বেতনক্রম: ২০,৬০০-৪৬,৫০০ টাকা।

পোস্ট কোড ১২: **অফিসার (অ্যাডমিনিস্ট্রেশন):** ৭টি (সাধারণ ৫, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি বা ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। জন্মতারিখ ১-৪-১৯৮৪-র পরে হতে হবে। বেতনক্রম: ১২,৬০০-৩২,৫০০ টাকা।

পোস্ট কোড ১৪: **ম্যানেজমেন্ট ট্রেনি (কেমিক্যাল):** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে স্নাতক। পেট্রোলিয়াম রিফাইনিং অ্যান্ড পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা পলিমার টেকনোলজিতে স্নাতকরাও আবেদনের যোগ্য। ৬০ শতাংশ নম্বর থাকতে হবে।

পোস্ট কোড ১৫: **ম্যানেজমেন্ট ট্রেনি (মেকানিক্যাল):** ১৩টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৩, তফসিলি

এরপর পনেরোর পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন



banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৯ সংখ্যা ৪০ □ ৮ মে ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**SBI / HDFC / ICICI / PAN CARD / PAYTM** ব্যাঙ্কিং প্রসেসে অফিসিয়াল পদে 327 জন স্মার্ট বাংলাভাষী M/F (18-35) সরাসরি নিয়োগ চলছে। বেতন: 11,354/- – 35,850/- (PF+ESI) W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 98755-52728, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, ধর্মতলা / বেহালা: 62892-51870.

□

**Jio / SBI / Vodafone** কাস্টমার কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে, যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক, বেতন: INC + OT-সহ 12,000/- Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 90880-93059, উঃ ও দঃ ২৮ পরগনা: 98301-20692, কলকাতা: 96747-95345.

□

### স্টার হোটেলে চাকরি

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

### হোটেলে স্থায়ী চাকরি

কেন্দ্র ও রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কলি/বাইরে সরাসরি জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া উন্নতি। গড়িয়া-bshm.co.in (M) 92316-80651.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

ব্যাঙ্কের Payroll ও ব্যাংক অফিস May I Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

### SBI Banking, Online Shoping & Jio বাংলা কাস্টঃ কেয়ারে

M.P-Graduate (18-35) অভিজ্ঞ / অনভিজ্ঞ ছেলেমেয়েদের জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880 শিলিগুড়ি: 78900-33388. IIFA, Kol-28.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১১ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

২২ মে **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৮ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

### আর্জেন্ট ভ্যাকান্সি-এবার বেকার যুবক-যুবতীদের জন্য বিশেষ সুবিধা। নিজের যোগ্যতায় স্থায়ী কাজ

আর ঠকবার ভয় নেই, আপনার জেলার ব্যাঙ্কে কাজ করতে শীঘ্র যোগাযোগ করুন। Back Office ও Front অফিস, অফিস বয়, অফিস পিওন, ক্লার্ক পদে বেতন: (১৪,২০০/- – ২৮,৩০০/-) এছাড়া কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে সুপারভাইজার, ASV, অফিস স্টাফ, ইনচার্জ, স্টোরকিপার, হাউসকিপার পদে বেতন: (১৮,৭০০/- – ৩৪,৮০০/-) যোগ্যতা: (নামসই-স্নাতক)। আসন সীমিত। শীঘ্রই যোগাযোগ করুন। RT, Dum Dum, Kol-74, (M): 97341-67700.

□

### JOB VACANCY

**Mob: 95640-30192** বেসরকারি সংস্থায় সরাসরি স্থায়ী কাজের জন্য প্রতিটি জেলা থেকে 142 জন নিয়োগ হবে। ৮ম থেকে স্নাতকরা MNC, টাওয়ার, BANK (DSA), কনস্ট্রাকশন, Back অফিসে SV, ক্লার্ক, ASV, পিওন, ইনচার্জ, SK, ম্যানেজার, ATM গার্ড পদে পুরুষ চাই। বেতন: 13,700/- – 29,200/- আবেদন করার মুহূর্তে Joining date জানানো হবে। Web: www.gcagroup.co.in সেন্ট্রাল অ্যাভেনিউ, G. C. A, কলি-09.

□

### আর বেকার সমস্যা নয়-বেকারের সমস্যা সমাধানে এবার গভঃ স্বীকৃত লাইসেন্সপ্রাপ্ত অফিস দিচ্ছে নিজ যোগ্যতায় স্থায়ী কাজ

আপনার যোগ্যতানুযায়ী এয়ারপোর্ট ও ব্যাঙ্ক (DSA)-তে লোক নিয়োগ করছে। গ্রাম থেকে শহরের বেকার ছেলেমেয়েরা যোগাযোগ করুন। বেতন: (১৫,০০০/- – ৩৫,৭০০/-), বয়স: ১৮-৪০, আপনার মূল্যবান সাক্ষাৎকারে আপনি কাজের সম্বন্ধে জেনেবুঝে নিযুক্ত হবেন। বিশেষ সুবিধার জন্য যোগাযোগ করুন: RLT, শিয়ালদহ, কলি-৯, (M): 97342-14099.

□

### সুনিশ্চিত 5 দিনে স্থায়ী চাকরি মেট্রো ও এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে এবং ব্যাঙ্ক (DSA)-তে সরাসরি নিয়োগ

**Govt. R/L-No.-8253** গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে M/F কর্মপ্রার্থী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,300/- – 48,500/-, PF + ESI + OT বোনাস + অন্যান্য সুবিধা। কলি, G. C, দমদম, M: 83484-08500.

□

### সরাসরি জয়েনিং ৭ দিনে, Pvt, BANK ও এয়ারপোর্টে

**(৮ম-স্নাতক) M/F নিয়োগ চলছে।** লাইসেন্স নং- 28X059E GST নং 18AAGMO29C121 শূন্যপদ: ১৯২, বেতন: 15,700/- – 32,200/- সম্পূর্ণ বিনা ডোনেশনে Back Official ও Ground স্টাফের বিভিন্ন পদে নিয়োগ হবে। পদ: Peon, ক্লার্ক, Office বয়, ইনচার্জ, SV, হাউসকিপিং, ট্রলি বয়, চেকিং বয়। ESI, PF ও OT-এর সুবিধা। Dum Dum, Kol-30. (M): 97348-97647 (N. C.)

□

## কর্মখালি

### Direct নিয়োগ এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে M: 97351-59598

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48,900/-, PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রিতে। A. J, বি বোর্ড, Kol-1.

□

### এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L. No. 3293 M: 74070-36062

শূন্যপদ: 216, বয়স: 18-35 পুরুষ মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই থেকে স্নাতক। বেতন: 16,900/- – 48,700/-, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। S. J. S, Kol-110.

□

### Airport ও মেট্রোয় পার্মানেন্ট জব Govt - R/L No.-0287

কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,600/- – 48,500/-, S. R. C. Pvt. Ltd. Dum Dum, Kol-34. M: 89678-57516.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট

গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও ব্যাঙ্কে (DSA)-তে যোগ্যতা অনুযায়ী চাকরি। বেতন: 13,700/- – 42,800/-. যোগ্যতা: ৮ম-স্নাতক M/F চাই। A. G, Dum Dum, Kol-34, M: 97348-72045.

□

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

স্পট জয়েনিং। জেলায় জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

## স্কুল-কলেজ শিক্ষা

### টিচার্স ট্রেনিং

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

**Math, G.I, G.K Guide** বেলঘরিয়া CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-, চন্দননগর: 99035-00682.

□

### নার্সিং ট্রেনিং

**পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত (STVT),** 2 Years Diploma In Nursing, Hospital Practice যুক্ত, Placement Assistace, Nursing কোর্সে ভর্তি চলিতেছে। রবীন্দ্র পাঠ ভবন, 83350-66916 / 83350-66915.

□

### Achievement-Since-2007

**For: WBCS, Staff Selection, Rail** PSC, Bank, Police etc. নামমাত্র খরচে, অল্পদিনেই চূড়ান্ত সাফল্য। AT: বেলঘরিয়া, বারাসাত ও মানিকতলা। M: 98305-38588 / 92316-10947.

□

**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

**Math & Eng** সোনারপুর WBCS, Rail, PSC, SSC, ক্লার্ক GrD প্রাইমারি, পুলিশ, SI পরিকল্পিত, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

### নার্সিং কোর্সে ভর্তি

GNM ও B. Sc (N) সরাসরি ভর্তির জন্য যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### B. Ed / D. El. Ed / M. Ed

**বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ,** Sunday Class, Hostel facility SC/ST/OBC-Scholarship সুবিধা আছে। RCI, Dum Dum, Rajarhat, 87770-49063 / 98746-06164.

□

**Learn Technical Analysis of Stock** Market earn money with sure knowledge. Just Call: Amitava Sil, Mob: 62916-68857.

# দার্জিলিং ও কালিম্পং জেলা থেকে র‍্যালির মাধ্যমে গোর্খা সোলজার

র‍্যালির মাধ্যমে দার্জিলিং ও কালিম্পং জেলা থেকে বেশ কিছু সোলজার নেবে ভারতীয় সেনাবাহিনী। ভারতে স্থায়ীভাবে বসবাসকারী গোর্খা পুরুষরা র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। ডমিসাইল সার্টিফিকেট থাকতে হবে। নিয়োগ হবে সোলজার জেনারেল ডিউটি পদে।

র‍্যালি আয়োজিত হবে ১৭ ও ১৮ জুন, দার্জিলিংয়ের ঘুম আর্মি গ্রাউন্ডে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ করে নম্বর থাকতে হবে।

বয়স: সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে হতে হবে। জন্মতারিখ হতে হবে ১ অক্টোবর, ১৯৯৮ থেকে ১ এপ্রিল ২০০২-এর মধ্যে।

দৈহিক মাপজোক: উচ্চতা অন্তত ১৫৭ সেমি। বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি। ওজন অন্তত ৪৮ কেজি। সমরকর্মী, প্রাক্তন সমরকর্মীদের ছেলেরা এবং দক্ষ খেলোয়াড়রা উচ্চতা, বুকের ছাতি ও ওজনে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে দৈহিক সক্ষমতা যাচাই, দৈহিক মাপজোক যাচাই ও লিখিত পরীক্ষার মাধ্যমে। র‍্যালিতে অংশগ্রহণের জন্য ৯ জুনের মধ্যে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in ১০ জুন নাগাদ প্রার্থীর ই-মেল অ্যাড্রেসে অ্যাডমিট কার্ড পাঠানো হবে।

বিশদ তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। তথ্যের জন্য ফোন করতে পারেন এই দুই নম্বরেও: ৯০৬৪৩-৯২২৭৭, ৭৯৭৩২-২৪২৫০।

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০
**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ভোডা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# স্প্রিং তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**




**নিজস্ব প্রতিনিধি:** পেন, পুতুল, সোফা ও অন্যান্য অনেক জিনিস তৈরি করতে স্প্রিংয়ের প্রয়োজন হয়। অটোম্যাটিক, সেমি-অটোম্যাটিক এবং হস্তচালিত স্প্রিং তৈরির মেশিনের সাহায্যে তামা, লোহা বা স্টিলের স্প্রিং তৈরি করা যায়।

**কীভাবে করবেন:** বাজার থেকে প্রথমে তামা, লোহা বা স্টিলের তার কিনে আনতে হবে। এই তার সস্তায় পাওয়া যায় বড়বাজার অঞ্চলে। লোহার তারের দাম পড়বে ৫৫ টাকা কেজিপ্রতি। তামার তারের দাম পড়বে ৪০০-৫০০ টাকা কেজিপ্রতি এবং স্টিলের তারের দাম পড়বে ৩০০-৪০০ টাকা কেজিপ্রতি। এবার সেই তার রোলারে জড়িয়ে মেশিন চালু করলেই নির্দিষ্ট পদ্ধতিতে সরু-মোটা, বিভিন্ন আকৃতির স্প্রিং তৈরি হয়ে যাবে। এবার নির্দিষ্ট মাপ অনুযায়ী সেই স্প্রিং কাটিং করে নিতে হবে। এই মেশিনে ঘণ্টায় ৩০ কেজি পর্যন্ত স্প্রিং তৈরি সম্ভব। স্প্রিং তৈরির এই মেশিনের জন্য ২ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০ থেকে ৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** অটোম্যাটিক স্প্রিং তৈরির মেশিনের দাম পড়বে ১,৬০,০০০ টাকা। মোটরাইজড সেমি-অটোম্যাটিক মেশিনের দাম পড়বে ৬০,০০০ টাকা। ছোট আকৃতির হস্তচালিত স্প্রিং তৈরির মেশিনের দাম ১৫,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com


# নিশ্চিত চাকুরীমুখী কোর্স

যোগ্যতা মাধ্যমিক / উচ্চমাধ্যমিক (এ বছরের পরীক্ষার্থীরাও eligible)

| COURSES | BASIC | ADVANCE |
|---|---|---|
| ☆ MOBILE REPAIRING (Android / I-Phone) | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ HARDWARE & NETWORKING (Laptop / printer) | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ TOURISM MANAGEMENT | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ JOURNALISM & MASS COMMUNICATION | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ FASHION & JEWELLERY DESIGN | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ RETAIL & OFFICE MANAGEMENT | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ PARA MEDICAL & NURSING ( MLT,MHW, BTT,HN,HMRT ) | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ MEDICAL SALES REPRESENTATIVE | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |

- ☆ 100% job opportunity.
- ☆ Free Educational Kit
- ☆ স্বল্প খরচে হোস্টেলের সুবিধা & Special Classes For IELTS / TOEFL
- ☆ কোর্সের শেষে দেশে ও বিদেশে চাকরির সুযোগ
- ☆ ভারত সরকারের UGC / MHRD দ্বারা স্বীকৃত কোর্স

FREE Spoken English

## Tutorial Section

VIII/X/XII Fail ? ১ বছরে NIOS (Govt.) বোর্ড থেকে পাশ করুন।
ভর্তির সহায়তা করা হয় (Distance / Reguler)
B.A / B.Sc / B.Com / M.A / M.Sc / M.Com / BBA / BCA / B.Tech / MBA / PHARMACY / B.ED / LLB

NEET / JEE ( MAIN + ADVANCE )
MOCK TEST : 1 to 5 Test @ 750/- TO 2500/-
CAT , MAT , GMAT , CLAT , JENPAUH

## Mindmine
Institute For Skill Training (MIST)
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
✦ মৌলালী (Taltala) ✦ ঠাকুরপুকুর (Joka)
@7595077657 @7595077656



VISWA BHARATHI TRUST
## GNM, BSC, নার্সিং এ ভর্তি (ব্যাঙ্গালোর)

B.Ed, D.El.Ed, LL.B কোর্সে ভর্তি চলছে

SRI SHARADA NURSING COLLEGE (B.Sc)
VISWA BHARATHI SCHOOL OF NURSING (GNM)
যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ (35%-45%) মার্কস সহ যে কোনো শাখার ছেলে ও মেয়ে উভয় ভর্তি হতে পারে।

গতবছর পেপারে Ad দেখে আমি কামারপুকুর (আরামবাগ) এসে ঘোষ এডুকেশন সেন্টারের মাধ্যমে ব্যাঙ্গালোরে আমার ছেলেকে GNM নার্সিং এ ভর্তি করাই। এখানে কলেজের মান অন্যান্য কলেজের থেকে উন্নত। এনাদের মত দায়িত্ববান মানুষের হাতে আমার ছেলেকে তুলে দিয়ে আমি খুশি।

আমি পুরুলিয়া থেকে কলকাতায় এসে আমার মেয়েকে GNM নার্সিং এ ভর্তি করি ঘোষ এডুকেশন সেন্টারের মাধ্যমে। আমি পেশায় ডাক্তার। তাই কাজে ভিষণ ব্যস্ত থাকি, কিন্তু এই প্রতিষ্ঠান ব্যাঙ্গালোর থেকে মেয়েকে নিয়ে আসা ও নিয়ে যাওয়া অভিভাবকের মতো দায়িত্ব পালন করে। তাই যাওয়া আসা নিয়ে আমার কোন চিন্তা নেই।

কেন VISWA BHARATHI TRUST-এ ভর্তি হবে?

১. কলেজের নিজস্ব MULTI SPECIALITY HOSPITAL।
২. কলেজে 60% - 80% রেজাল্ট।
৩. ২৪ ঘন্টা সি.সি.টিভি ক্যামেরা, Aquaguard জল ও কারেন্টের ব্যবস্থা আছে।
৪. সমস্ত ছাত্র-ছাত্রীদের ইংরাজি ভীতি কাটানোর জন্য Special Spoken English-এর ব্যবস্থা আছে।
৫. কোর্স শেষে বিদেশ, কলকাতা ও ব্যাঙ্গালোর চাকরির সুযোগ।
৬. ছুটির দিনে বেড়াতে নিয়ে যাওয়া হয়।
৭. স্টুডেন্টদের লোন ও স্কোলারশিপ-এর সহায়তা করা হয়।

সম্পূর্ণভাবে উন্নত মানের বেঙ্গলী কুক দ্বারা খাবারের ব্যবস্থা 1day Fish, 2days Egg, 1day Chicken

100% LOAN ও PLACEMENT HELPING, MINORITY SCHOLARSHIP

বিগত বছর গুলিতে আমাদের প্রতিষ্ঠান থেকে যারা ভর্তি হয়েছে তাদের কয়েকজনের ছবি দেওয়া হলো



বিঃদ্রঃ- মাত্র ১০০০০ টাকায় ভর্তি/ Booking করে ৬ ঘন্টার মধ্যে Admission / Booking Letter হাতে পাবেন।

## ঘোষ এডুকেশন সেন্টার
An ISO 9001:2015 certified
দমদম রেল স্টেশন, কলকাতা - 700030, H.O. : 7797314385
কলকাতা : 9609440908, জলপাইগুড়ি : 9681176207 (C.O) কামারপুকুর (আরামবাগ) : 7047093097, মুর্শিদাবাদ : 8001883094, দঃ দিনাজপুর : 8001967916, সোনারপুর : 8001946942, মেদিনীপুর : 8001967916, ওনদা (বাঁকুড়া) : 6297535731, দুর্গাপুর : 8001883094

GNM-2,20,000
BSC-3,30,000

শিক্ষক এবং সম্মানীয় ব্যাক্তিরা ফ্রাঞ্চাইজির জন্য যোগাযোগ করুন 7797314385



IASBM
# ভর্তি চলিতেছে

WBUTTEPA // Burdwan University ( NCTE Approved )

B.Ed 2018 - 20 Batch অভূতপূর্ব সাফল্য




2018 - 20 1st Sem 250+ পরীক্ষার্থী, 97 %, 1st Class
রবিবার ক্লাস • সম্পূর্ণ ফ্রি বই ও নোটস্ Practicum ও Assignments সহযোগীতা
SC / ST / Minority স্কলারশিপ, হস্টেলের সুব্যবস্থা, Education Loan available

এখন কলকাতায়
- Regular Course
- EDUCATION LOAN
- SC / ST Scholarship
- 100 % Job Assistance

B.Ed @ 4000/-
M.Ed @ 5000/-

GNM Nursing
B.Sc Nursing

KOLKATA - 9073386334 / 9073386337
AGARTALA - 9073386335 / 9073386337
GUWAHATI - 9830476330 / 9073386337

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*তোমরা কখনও আশা ছেড়ো না। সাহস হারিয়ো না। যা তুমি করতে চাও, সেটা আন্তরিকতার সঙ্গে করো। সাহসের সঙ্গে করো। তুমি নিশ্চয়ই সফল হবে।*
*— সি ভি রমন*
*(নোবেল পুরস্কারপ্রাপ্ত ভারতীয় পদার্থবিদ)*

*✓ আমি উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছি। ক্যারাটে শিখছি। আমি পুলিশে চাকরি করতে ইচ্ছুক। আমার উচ্চতা ১৬১ সেন্টিমিটারের বেশি। আমি কি পুলিশে চাকরির জন্য আবেদন করতে পারব?*

*মেঘনা রায়, দুর্গাপুর, বর্ধমান।*

□ বর্তমান শিক্ষাগত যোগ্যতায় আপনি পুলিশের কনস্টেবল পদে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা এবং মেডিক্যাল টেস্টের মাধ্যমে পুলিশ কনস্টেবল পদে নিয়োগ হয়ে থাকে। পরীক্ষার প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** র‍্যালির মাধ্যমে ১০০জন উইমেন মিলিটারি পুলিশ (সোলজার জেনারেল ডিউটি) নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। র‍্যালির মাধ্যমে সোলজার পদে মহিলাদের নিয়োগ এই প্রথম। 'কর্মক্ষেত্র'-র ১ মে সংখ্যায় 'এই প্রথম দেশজুড়ে সেনাবাহিনীতে ১০০ মহিলা সোলজার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ৮ জুনের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in আপনি আবেদন করতে পারেন।

---

র‍্যালির মাধ্যমে ১০০জন উইমেন মিলিটারি পুলিশ (সোলজার জেনারেল ডিউটি) নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। র‍্যালির মাধ্যমে সোলজার পদে মহিলাদের নিয়োগ এই প্রথম। 'কর্মক্ষেত্র'-র ১ মে সংখ্যায় 'এই প্রথম দেশজুড়ে সেনাবাহিনীতে ১০০ মহিলা সোলজার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে। ৮ জুনের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in

---

***পরে আবেদন করতে পারবেন:*** শিক্ষাগত যোগ্যতা এবং উচ্চতার নিরিখে আপনি কলকাতা ও পশ্চিমবঙ্গ পুলিশে লেডি কনস্টেবল এবং রাজ্যের আবগারি বিভাগে এক্সাইজ কনস্টেবল পদে আবেদন করতে পারবেন। গ্র্যাজুয়েশনের পরে কলকাতা ও পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর পদে আবেদন করা যায়। গ্র্যাজুয়েট যোগ্যতায় ডব্লু বি সি এসের 'বি' গ্রুপের পরীক্ষা দিয়ে ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিসে অফিসার পদে যোগ দেওয়ার সুযোগও আছে।

*✓ আমি ক্লাস ইলেভেন পর্যন্ত পড়াশোনা করেছি। বর্তমানে বয়স ২৩ বছর। টাইপিং জানি। কম্পিউটারের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছি। একটি শপিং মলে চুক্তিতে চাকরি করি। সরকারি চাকরির সুযোগ থাকলে জানাবেন।*

*প্রদীপ মণ্ডল, ডায়মন্ড হারবার, দক্ষিণ ২৪ পরগনা।*

□ আপনার শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক বলে ধরা হবে। মাধ্যমিক যোগ্যতায় কিছু চাকরি আছে। টাইপিং জানা থাকায় চাকরি পেতে সুবিধেই হবে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কয়েক হাজার গ্রুপ 'সি' কর্মী নিয়োগ করবে কেন্দ্রীয় সরকার। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। দুই পর্বের কম্পিউটারভিত্তিক ও লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই হবে। 'কর্মক্ষেত্র'-র ১৭ এপ্রিল সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি'' এবং ২৪ এপ্রিল সংখ্যার 'কর্মক্ষেত্র'-য় 'মাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি'' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। অনলাইন আবেদন করতে হবে ২২ মে-র মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in

দার্জিলিং জেলা আদালতে কিছু লোয়ার ডিভিশন ক্লার্ক নেওয়া হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১ মে সংখ্যায় 'দার্জিলিং জেলা আদালতে লোয়ার ডিভিশন ক্লার্ক, প্রোসেস সার্ভার, নাইট গার্ড, ফরাস' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। চাইলে প্রোসেস সার্ভার পদেও আবেদন করতে পারেন। তবে যে কোনও একটি পদে আবেদন করবেন। ২২ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://districts.ecourts.gov.in/darjeeling

নদিয়া জেলা আদালতে কিছু লোয়ার ডিভিশন ক্লার্ক নেওয়া হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৪ এপ্রিল সংখ্যায় 'নদিয়া জেলা আদালতে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক ও গ্রুপ 'ডি'' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১২ মে-র মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www. nadiacourtrecruit.in

***পরে আবেদন করতে পারবেন:*** মাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারের গ্রুপ 'সি', রেলের লেভেল-ওয়ান এবং পশ্চিমবঙ্গ সরকারের গ্রুপ 'ডি' ও খাদ্য সরবরাহ বিভাগে সাব-ইন্সপেক্টর পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদে আবেদন করতে পারবেন। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, আদালতে ক্লার্ক, ক্লার্ক-কাম-টাইপিস্ট, টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন।

*✓ ফিটার ট্রেডে ২ বছরের আই টি আই কোর্স করেছি। অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে চাই। এখনই কোথাও ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করা যাবে কি? চাকরির খবর থাকলেও জানাবেন।*

*তীর্থঙ্কর দাশ, বেহালা, কলকাতা।*

□ রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থাতেই অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেওয়া হয়। শুধু আই টি আই যোগ্যতায় চাকরির সুযোগও আছে।

***এখনই আবেদন করতে পারেন:*** ফিটার-সহ বিভিন্ন আই টি আই ট্রেড কোর্স পাশ তরুণ-তরুণীদের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে হিন্দুস্তান এরোনটিক্স। ফিটার ট্রেডে আসন সংখ্যা ২৭৯। ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে ৩,৫৪২ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। 'কর্মক্ষেত্র'-র ১ মে সংখ্যায় 'হিন্দুস্তান এরোনটিক্সে ৮০১ অ্যাপ্রেন্টিস' শীর্ষক সংবাদে এই ট্রেনিং-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আবেদন করার জন্য প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www. apprenticeship.gov.in রেজিস্ট্রেশনের পরে এ স্টাবলিশমেন্ট সার্চে গিয়ে 'Hindustan Aeronautics Limited' of State : Maharashtra, District : Nashik' সিলেক্ট করতে হবে। তারপর অনলাইন দরখাস্ত করবেন। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ মে। আবেদনের পদ্ধতি-সহ বিস্তারিত তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: www.hal-india.co.in

বর্ডার সিকিউরিটি ফোর্স ৮০৫জন হেড কনস্টেবল নিচ্ছে। নির্দিষ্ট বিভিন্ন ট্রেডে আই টি আই সার্টিফিকেটধারীরা এই পদে আবেদন করতে পারবেন। প্রার্থীর উচ্চতা হতে হবে অন্তত ১৬৮ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি। নির্দিষ্ট দৈহিক মাপজোক থাকলে আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৪ এপ্রিল সংখ্যায় 'বি এস এফে ৮০৫ হেড কনস্টেবল' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন আবেদন করা যাবে ১৪ মে থেকে ১২ জুন পর্যন্ত, এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruitment.bsf.gov.in খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.bsf.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেল-সহ বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেওয়া হয়ে থাকে। এরকম কোনও সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর বিশদে জানানো হয়। অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের খবর জানার জন্য নিয়মিত 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন।

আই টি আইয়ের পরে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করা থাকলে অবশ্যই চাকরির সুযোগ-সম্ভাবনা বাড়ে। তবে শুধু আই টি আই যোগ্যতাতেও চাকরির সুযোগ আছে। আপনি রেলের লেভেল-ওয়ান পদে আবেদন করতে পারবেন। রেলের টেকনিশিয়ান পদেও আপনি আবেদনের যোগ্য। আগ্রহ থাকলে রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে আবেদন করতে পারবেন। আছে আরও নানা চাকরি।

---

ফিটার-সহ বিভিন্ন আই টি আই ট্রেড কোর্স পাশ তরুণ-তরুণীদের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে হিন্দুস্তান এরোনটিক্স। ফিটার ট্রেডে আসন সংখ্যা ২৭৯টি। ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে ৩,৫৪২ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। 'কর্মক্ষেত্র'-র ১ মে সংখ্যায় 'হিন্দুস্তান এরোনটিক্সে ৮০১ অ্যাপ্রেন্টিস' শীর্ষক সংবাদে এই ট্রেনিং-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

---

## হাল না ছাড়লেই স্বপ্ন বাস্তবায়িত হয়



অপূর্ব স্বর্ণকার
অ্যাসিস্ট্যান্ট কমিশনার, ইন্ডিয়ান রেভিনিউ সার্ভিস

উত্তর ২৪ পরগনার গ্রামের ছেলে আমি। পারিবারিক আর্থিক অবস্থা সচ্ছল ছিল না। স্কুলে পড়াশোনার সময়ে পরিবারের সদস্যদের সঙ্গে চাষ-আবাদের কাজ করেছি। কিন্তু প্রতিকূলতা আমার স্বপ্নটাকে কেড়ে নিতে পারেনি কখনও। পড়াশোনার পথ ধরেই আমাকে নিজের পায়ে দাঁড়াতে হবে, এটা বুঝে গিয়েছিলাম স্কুলে পড়ার সময়েই। মাধ্যমিক, উচ্চমাধ্যমিকের রেজাল্ট ভালোই হয়েছিল।

হাবড়া কলেজে বি কম পড়া শুরু হ'ল। সব পাঠ্যবই কিনতে পারিনি। তবে শিক্ষকদের দারুণ সহায়তা পেয়েছি। গ্র্যাজুয়েশনের পরে বিজনেস ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স (এম বি এম) সম্পূর্ণ করার প্রায় সঙ্গে সঙ্গেই স্কুল সার্ভিস কমিশন ও পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষায় বসেছিলাম। দু'টি পরীক্ষাতেই সফল হয়েছিলাম। কোচবিহার ও হুগলির দুটি সরকারি স্কুলে শিক্ষকতার চাকরি করলাম কয়েক বছর। চাকরি করতে করতেই ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসের পরীক্ষায় বসেছিলাম। ২০০৬-এর ব্যাচের পরীক্ষা। চতুর্থ র‍্যাঙ্ক হয়েছিল আমার এই পরীক্ষায়। শিক্ষকতার চাকরি ছেড়ে অ্যাডিশনাল ট্রেজারি অফিসার, অ্যাকাউন্টস অফিসার পদে চাকরি করলাম কয়েক বছর। ভালোই চলছিল। কিন্তু মানসিকভাবে থিতু হতে পারছিলাম না। ইন্দিরা গান্ধী ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার নিয়োগের বিজ্ঞাপন দিয়েছিল। আবেদন করলাম। এ চাকরিটাও হল।

ইগনুর চাকরি করতে করতেই ইউ পি এস সি-র সিভিল সার্ভিসের পরীক্ষায় পাশ করে ইন্টারভিউ পর্যন্ত এগিয়েছিলাম। প্রথমবারের পরীক্ষায় অপশনাল বিষয় ছিল কমার্স। দ্বিতীয়বার ফের পরীক্ষায় বসি। এবার অপশনাল বিষয় নিই পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন। দ্বিতীয়বারের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ে সফল হওয়া গেল। ২০১৮-য় চাকরি হয়েছে ইন্ডিয়ান রেভিনিউ সার্ভিসে। এটাই ছিল আমার কাঙ্ক্ষিত চাকরি। নির্দিষ্ট ইউনিফর্ম পরতে হয় এই চাকরিতে। ওই ইউনিফর্মটা ছিল আমার অনেক দিনের স্বপ্ন।

এ পর্যন্ত কোনও চাকরির পরীক্ষার জন্যই আমি কোনও প্রতিষ্ঠানে কোচিং নিইনি। পড়াশোনা করেছি নিজেই। পড়াশোনার চেয়ে বেশি চিন্তা করেছি বিষয় নিয়ে।

শেষে বলব, মন প্রাণ দিয়ে যদি কিছু আশা করেন আর প্রয়োজনীয় পরিশ্রমটা করতে পারেন, তবে আপনার সেই আশা বা স্বপ্ন বাস্তবায়িত হবেই। হাল ছাড়বেন না। এক্ষেত্রে একগুঁয়ে হওয়া ভালো। ভয় পাবেন না। ওটা মনে হয় আমার পক্ষে সম্ভব নয়, এই মনোভাব ঠিক নয়। ওই 'ওটা' বলে যেটা আপনি ভাবছেন, সেটা আপনি চান কী চান না, সেটাই মূল প্রশ্ন। যদি চান, তাহলে মনপ্রাণ দিয়ে চান। আর যেটা চাইছেন, সেটা পাওয়ার জন্য যদি নিজেকে নিংড়ে দিতে পারেন, তবে সেটা আপনি পাবেনই। নিজের অভিজ্ঞতার নিরিখে এটাই আমি বুঝেছি।

---

মন প্রাণ দিয়ে যদি কিছু আশা করেন আর প্রয়োজনীয় পরিশ্রমটা করতে পারেন, তবে আপনার সেই আশা বা স্বপ্ন বাস্তবায়িত হবেই। হাল ছাড়বেন না। এক্ষেত্রে একগুঁয়ে হওয়া ভালো।

---

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

## সেন্ট জেভিয়ার্স কলেজে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



কম্পিউটার সায়েন্স এবং মাইক্রোবায়োলজির এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে সেন্ট জেভিয়ার্স কলেজ। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে।

কোর্সের বিবরণ: এম এসসি ইন কম্পিউটার সায়েন্স: শিক্ষাগত যোগ্যতা: ৫৫ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ কম্পিউটার সায়েন্সে বি এসসি বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক।

এম এসসি ইন মাইক্রোবায়োলজি: ৫৫ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ মাইক্রোবায়োলজিতে বি এসসি (অনার্স) অথবা লাইফ সায়েন্স শাখার অন্তর্ভুক্ত যে-কোনও বিষয়ে অনার্স-সহ স্নাতক।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। পাঁচ বছর আগে স্নাতক কোর্সে পাশ করে থাকলে আবেদন গ্রাহ্য হবে না।

উভয় কোর্সের ক্ষেত্রেই প্রার্থী বাছাই করা হবে অ্যাডমিশন টেস্টের মাধ্যমে। অ্যাডমিশন টেস্ট ২৫ মে, সকাল ১০টা থেকে দুপুর ১২টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ৬০ নম্বরের এবং শর্ট ডেসক্রিপ্টিভ ধরনের প্রশ্ন হবে ৪০ নম্বরের।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sxccal.edu আবেদনের শেষ তারিখ ১৭ মে। ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। ফি দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অথবা অফলাইনে সিন্ডিকেট ব্যাঙ্কের চালানের মাধ্যমে। ব্যাঙ্ক চালান ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইট থেকেই।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## মেডিক্যাল ইমেজিং টেকনোলজি এবং রেডিওথেরাপি টেকনোলজির অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স



মেডিক্যাল ইমেজিং টেকনোলজি এবং রেডিওথেরাপি টেকনোলজির অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে টাটা মেমোরিয়াল সেন্টার। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। কোর্স শেষে ১ বছরের ইন্টার্নশিপ।

**শিক্ষাগত যোগ্যতা:** মেডিক্যাল ইমেজিং টেকনোলজির ক্ষেত্রে বি এসসি বা বি ফার্ম। রেডিওথেরাপি টেকনোলজির ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বি এসসি। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে এবং অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ১১,০০০ টাকা।

সফলভাবে কোর্স সম্পূর্ণ করার পর ১ বছরের ইন্টার্নশিপ। তখন বেতন: প্রতি মাসে ১৮,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। রেডিওথেরাপি টেকনোলজির ক্ষেত্রে অতিরিক্ত ইন্টারভিউ নেওয়া হবে। লিখিত পরীক্ষা ৯ জুলাই, ইন্টারভিউ ১০ জুলাই। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয়ে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tmc.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৭ মে। ফি বাবদ অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের সাহায্যে দিতে হবে ৩০০ টাকা। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ আবেদনপত্রের প্রিন্ট আউট ২৪ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the Director (Academics), 13th Floor, Homi Bhabha Block, Tata Memorial Hospital, Parel, Mumbai-400 012.

বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## দূরশিক্ষায় ট্যুরিজম অ্যান্ড এনভায়রনমেন্টাল লয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স



দূরশিক্ষা ব্যবস্থায় ট্যুরিজম অ্যান্ড এনভায়রনমেন্টাল লয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচারের অধীনস্থ সেন্টার ফর এনভায়রনমেন্টাল ল। কোর্সটি দিল্লির ন্যাশনাল ল ইউনিভার্সিটি কর্তৃক স্বীকৃত।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। কোর্স ফি: ১৩,০০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। প্রয়োজনে টেলিফোনে ইন্টারভিউ নেওয়া হতে পারে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wwfindia.org/cel আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সই করে দেবেন। আবেদনের সময়ই কোর্স ফি দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ড্রাফটটি 'World Wide Fund For Nature India'-র অনুকূলে নিউ দিল্লিতে প্রদেয় হতে হবে। ড্রাফটের পিছনে প্রার্থীর নাম ও ফোন নম্বর লিখে দেবেন। এ ছাড়া অনলাইন ট্রান্সফারের মাধ্যমে ফি দেওয়া যাবে। প্রার্থী নির্বাচিত না হলে কোর্স ফি ফেরত দিয়ে দেওয়া হবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে ফটোর ওপর সই করে দেবেন। ✓প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি। ✓ডিমান্ড ড্রাফট বা ফি জমা দেওয়ার রসিদ। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের নকল। ✓সংশ্লিষ্ট বিষয়টি নিয়ে পড়ার কারণ নিয়ে লেখা একটি রচনা।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্রটি কম্পিউটারে স্ক্যান করে ই-মেল করতে হবে এই ঠিকানায়: submissionscel@wwfindia.net অথবা নথি-সহ আবেদনপত্রটি পাঠাতে পারেন এই ঠিকানায়: The Course Coordinator, Centre for Environmental Law, WWF-INDIA, 172-B, Lodi Estate, NEW DELHI – 110 003. উভয় ক্ষেত্রেই আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ১৫ মে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮৬৮১৮৫৬০৫।

## রেডিওলজিক্যাল ফিজিক্সের ডিপ্লোমা কোর্স



স্টাইপেন্ড: মাসিক ২৫,০০০ টাকা

রেডিওলজিক্যাল ফিজিক্সের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারের রেডিওলজিক্যাল ফিজিক্স অ্যান্ড অ্যাডভাইসরি ডিভিশন। এটি হোমি ভাবা ন্যাশনাল ইনস্টিটিউটের অধীনস্থ একটি সংস্থা। কোর্সের মেয়াদ ১ বছর। পরীক্ষাকেন্দ্র মুম্বই। এই কোর্সটির বিজ্ঞপ্তি নম্বর: 1/2019 (R-V).

**আসনসংখ্যা:** ৩০টি। এর মধ্যে ৫টি আসন স্পনসর্ড প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ৬০ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে এম এসসি। স্নাতক স্তরেও প্রধান বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে এবং মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের রেডিওথেরাপি দপ্তরে অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ২৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। স্পনসর্ড প্রার্থীরা ৪০ বছর পর্যন্ত ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** নন-স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ২৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষা (কমন এন্ট্রান্স টেস্ট) এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২৩ জুন, সকাল ১১টা থেকে। পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষাকেন্দ্রের ঠিকানা: নিউ ট্রেনিং স্কুল কমপ্লেক্স, অণুশক্তিনগর, মুম্বই-৪০০ ০৯৪। পরীক্ষার ফল ঘোষণা করা হবে পরীক্ষার দিনই। লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৪ থেকে ২৬ জুন পর্যন্ত। স্পনসর্ড প্রার্থীদের শুধুমাত্র ইন্টারভিউ হবে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৫ জুন থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruit.barc.gov.in আবেদনের শেষ তারিখ ২৫ মে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ড হতে হবে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় মৃত সমরকর্মীর সন্তানদের কোনও ফি লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

খুঁটিনাটি জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.barc.gov.in

## রামকৃষ্ণ মিশনে আই টি আই ওয়েল্ডার কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** আই টি আইয়ের ওয়েল্ডার ট্রেডে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন শিল্পায়তন। মাধ্যমিক পাশ ছেলেরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। আবেদনের ফর্ম সংগ্রহ ও পূরণ করা আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ১৪ জুন।

ভোকেশনাল শাখায় ইলেক্ট্রিক্যাল ও কম্পিউটার বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পড়ার জন্য আবেদন করা যাচ্ছে এই প্রতিষ্ঠানে। আগ্রহীরা তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: রামকৃষ্ণ মিশন শিল্পায়তন, বেলুড় মঠ, হাওড়া। ফোন: (০৩৩) ২৬৫৪-১০৫২। ওয়েবসাইট: www.itirkmbelur.ac.in

## ডন বস্কোয় হোটেলে চাকরির প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস ও হাউসকিপিংয়ের প্রশিক্ষণ দেবে ডন বস্কো টেক। অন্তত মাধ্যমিক পাশ হলেই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যাবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। কোর্সের মেয়াদ ৬০ দিন। কোর্স ফি ১,০০০ টাকা। দু'টি কোর্সই ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন কর্তৃক অনুমোদিত।

প্রতিষ্ঠানের সেন্টার কো-অর্ডিনেটর অনন্যা মণ্ডল জানান, হোটেল শিল্পে দক্ষ খাদ্য-পানীয় পরিবেশক এবং হাউসকিপারদের ভালো চাহিদা আছে। তিনি জানান, ৬০ দিনের কোর্স শেষে ছেলেমেয়েদের হাতে-কলমে কাজ শেখানোর জন্য দেশের বিভিন্ন নামী হোটেলে পাঠানো হয়। প্রশিক্ষণের প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পরে চাকরির ব্যাপারেও প্রতিষ্ঠানের পক্ষ থেকে সহায়তা করা হয়। তিনি আরও জানান, ডন বস্কো টেকের এই দুই প্রশিক্ষণ নেওয়ার পরে অনেক ছেলেমেয়েই এখন নামী বিভিন্ন হোটেলে চাকরি করছেন।

আগ্রহীরা ভর্তির জন্য এখনই প্রতিষ্ঠানে যোগাযোগ করতে পারেন। ঠিকানা: ডন বস্কো টেক, কুন্তীঘাট, আপ্যায়ন, গ্রাম: রঘুনাথপুর নয়াসারাই, পোঃ নয়াসারাই, মগরা, হুগলি-৭১২ ৫১৩। তথ্যের জন্য সকাল ১০টা থেকে বিকেল ৪টের মধ্যে ফোনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৭৫৯৬৯-১২৯৬২, ৭৯৮০৩-৭৭৯৭৬, ৮৯১০৪-৩১৫১৮। ওয়েবসাইট: www.dbtech.in

## সত্যানন্দ মহাপীঠে বৃত্তিমূলক প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** সাতটি বৃত্তিমূলক বিষয়ে প্রশিক্ষণ দেবে বারুইপুরের শ্রী সত্যানন্দ মহাপীঠ।

প্রশিক্ষণের বিষয়, মেয়াদ, যোগ্যতা ও ফি এরকম: (১) **যোগ ও নেচারোপ্যাথি:** ১ বছরের কোর্স। পশ্চিমবঙ্গ যোগ ও নেচারোপ্যাথি কাউন্সিল কর্তৃক স্বীকৃত এই কোর্স শেষে কাউন্সিল থেকে রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। ক্লাস হবে প্রতি শনিবার। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। ফি ১৫,০০০ টাকা।

(২) **ফিজিওথেরাপি অ্যাসিস্ট্যান্ট:** ৬ মাসের কোর্স। প্রতি শনিবার ক্লাস। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। ফি ৫,০০০ টাকা।

(৩) **কাটিং টেলারিং:** ৬ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। ফি ৯০০ টাকা।

(৪) **ড্রেস ডিজাইনিং:** মেয়াদ ৬ মাস। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। ফি ৯০০ টাকা।

(৫) **বিউটিশিয়ান:** ৬ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। ফি ১,৫০০ টাকা।

(৬) **কম্পিউটার অ্যাপ্লিকেশন:** ৬ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। ফি মাসে ২০০ টাকা।

(৭) **লার্নিং ইংলিশ:** কোর্সের মেয়াদ ৬ মাস। প্রতি শুক্রবার বিকেল সাড়ে ৪টে থেকে সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত ক্লাস। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট পাশ। ফি মাসে ১০০ টাকা।

আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। দূরবর্তী প্রার্থীদের জন্য স্বল্প মূল্যে থাকা-খাওয়ার ব্যবস্থা আছে।

আগ্রহীরা নাম, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি উল্লেখ করে সাদা কাগজে আবেদন করতে পারেন। প্রতিষ্ঠানের অফিস থেকেও আবেদনের ফর্ম সংগ্রহ করতে পারেন। আবেদনের ফর্ম ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইট থেকেও: www.maayogabharati.com ফোন: ৯৮৩১৫-৭৫৭২১, ৯৮৩০২-১৯০৬৩।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন, ২০১৯' পরীক্ষা সম্পর্কে বিশদে জানতে চাই। —সাত্যকি ধরচৌধুরি, কোন্নগর, হুগলি।*

□□ ইউ পি এস সি আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন, ২০১৯' পরীক্ষা হবে তিনটি পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকবে ৪৫০ নম্বরের লিখিত পরীক্ষা। পরীক্ষার প্রথম পত্রে থাকবে জেনারেল এবিলিটি এবং ইন্টেলিজেন্স সংক্রান্ত প্রশ্ন। ২৫০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা। দ্বিতীয় পত্রে থাকবে জেনারেল স্টাডিজ, এসে এবং কম্প্রিহেনশন সংক্রান্ত প্রশ্ন। এই পত্রের জন্য বরাদ্দ নম্বর ২০০। সময়সীমা ৩ ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ে দৈহিক সক্ষমতার পরীক্ষা। এই পর্যায়ে থাকবে: (১) ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়। (২) ৩ মিনিট ৪৫ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়। (৩) ৩.৫ মিটার লং জাম্প (সর্বাধিক ৩টি সুযোগে)। (৪) ৭.২৬ কেজি ওজনের শটপাট ছুড়তে হবে ৪.৫ মিটার দূরত্বে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণদের মেডিক্যাল টেস্টের জন্য ডাকা হবে। তৃতীয় পর্যায়ে থাকবে মোট ১৫০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## ব্যাঙ্ক

□ *আই বি পি এসের মাধ্যমে দেশের বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লার্ক পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন হয়? —বিজন হালদার, ডোমজুড়, হাওড়া।*

□□ দেশের ১৯টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লার্ক নিয়োগের ক্ষেত্রে যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা নিয়ে থাকে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। পরীক্ষার নাম 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব ক্লার্কস ইন পার্টিসিপেটিং অর্গানাইজেশনস'। এক্ষেত্রে অনলাইন পরীক্ষা হয় দু'পর্যায়ে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হয় এইসব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর)। মোট সময়সীমা ১ ঘণ্টা। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হওয়া যায়। মেন পরীক্ষায় প্রশ্ন হয় এইসব বিষয়ে: রিজনিং (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), ব্যাঙ্কিং শিল্প-সহ জেনারেল অ্যাওয়্যারনেস (৪০ নম্বর), কম্পিউটার নলেজ (২০ নম্বর)। মোট সময়সীমা ২ ঘণ্টা ১৫ মিনিট। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। ওয়েবসাইট: www.ibps.in

## নার্সিং

□ *রাজ্যের সরকারি নার্সিং ট্রেনিং স্কুলগুলিতে তিন বছরের জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স বিষয়ে বিস্তারিত জানালে উপকৃত হব। —সহেলি সাহা, তারকেশ্বর, হুগলি।*

□□ রাজ্যের সরকারি নার্সিং ট্রেনিং স্কুলগুলিতে প্রতি বছর ৬ মাসের ইন্টার্নশিপ-সহ তিন বছরের জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্সে ট্রেনিং দিয়ে থাকে পশ্চিমবঙ্গ স্বাস্থ্য দপ্তর। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল। প্রার্থীকে অবশ্যই বাংলা বা নেপালি ভাষা লিখতে, পড়তে এবং বলতে জানতে হবে। উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় আবশ্যিক বিষয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাতালিকা তৈরি করা হবে। ভোকেশনাল বা অ্যাডিশনাল বিষয়ে প্রাপ্ত নম্বর এক্ষেত্রে গণ্য হবে না। বয়স থাকতে হয় ১৭ থেকে ২৭ বছরের মধ্যে। মনে রাখবেন, প্রার্থীকে অবশ্যই আবেদনের দিন পর্যন্ত একটানা ৫ বছর স্থায়ীভাবে পশ্চিমবঙ্গে বসবাস করে থাকতে হবে। এটি আবাসিক প্রশিক্ষণ কোর্স। থাকার খরচ বাবদ মাসে ১২ টাকা করে দিতে হবে। ওয়েবসাইট: www.wbhealth.gov.in

## কোর্স, ট্রেনিং

□ *সিপেট থেকে প্লাস্টিক্স প্রসেসিং অ্যান্ড টেস্টিংয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —স্বাগতম করাতি, শালকিয়া, হাওড়া।*

□□ সেন্ট্রাল ইনস্টিটিউট অব প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (সিপেট) কর্তৃক আয়োজিত প্লাস্টিক্স প্রসেসিং অ্যান্ড টেস্টিংয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'সিপেট জয়েন্ট এন্ট্রান্স এক্সাম-২০১৯' হবে ৭ জুলাই। কোর্স শুরু হবে অগস্টে। কোর্সের মেয়াদ দেড় বছর। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি। অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। কোর্স ফি: সেমেস্টার-পিছু ২২,০০০ টাকা। হস্টেল ফি অতিরিক্ত। প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৭ জুলাই। ৩০ জুনের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://eadmission.cipet.gov.in প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইনে ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৩০০ টাকা)। এ ছাড়া অফলাইনে ফি দিতে চাইলে চালানের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে: 33003659524. [(Branch Name: CHENNAI, COMMERCIAL BRANCH GUINDY (04327), CHENNAI, IFSC Code: SBIN 0004327, Name of Payee: CIPETTRAINING.]

□ *কোচির সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিশারিজ নটিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ট্রেনিংয়ে ফিশারি সায়েন্সের (নটিক্যাল সায়েন্স) স্নাতক কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —সুমনা পাত্র, দেউলিয়া, উত্তর ২৪ পরগনা।*

□□ নটিক্যাল সায়েন্সে স্পেশ্যালাইজেশন-সহ ব্যাচেলর অব ফিশারি সায়েন্স কোর্সে ভর্তি নিচ্ছে কোচির সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিশারিজ নটিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ট্রেনিং। কোর্সটি কোচিন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি কর্তৃক অনুমোদিত এবং ডিরেক্টোরেট জেনারেল অব শিপিং কর্তৃক স্বীকৃত। আসনসংখ্যা ৩৩। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। প্রার্থীকে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বা ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে এবং প্রতিটি বিষয়েই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর পেলেই আবেদন করা যাবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। বয়স থাকতে হবে ১৭ থেকে ২০ বছরের মধ্যে। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৮ জুন (শনিবার)। পরীক্ষাকেন্দ্রগুলি হল: কোচি, চেন্নাই এবং বিশাখাপত্তনম। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইট থেকে: www.cifnet.gov.in ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৬ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, Central Institute of Fisheries Nautical & Engineering Training, Fine Arts Avenue, Kochi-682016.

## অন্যান্য চাকরি

□ *নদিয়া জেলা আদালতে ইংলিশ স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই সম্পর্কে বিশদে জানাবেন। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মেহেলি ভৌমিক, গাংনাপুর, নদিয়া।*

□□ নদিয়া জেলা আদালতে ইংলিশ স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। এছাড়া ইংরেজিতে শর্টহ্যান্ডে মিনিটে ৮০টি শব্দের দ্রুততা ও ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে তিনটি পত্রের পরীক্ষার মাধ্যমে। পেপার-ওয়ানে (৪০০ নম্বর) থাকবে ডিক্টেশন ও ট্রান্সক্রিপশন টেস্ট। পেপার-টুতে (১০০ নম্বর) ইংরেজি ব্যাকরণ-সংক্রান্ত প্রশ্ন হবে এবং পেপার-থ্রিতে (১০০ নম্বর) প্রার্থীর নিজের আনা টাইপরাইটার মেশিনে নেওয়া হবে টাইপ টেস্ট। সফল প্রার্থীদের ক্ষেত্রে এরপর নেওয়া হবে কম্পিউটার অপারেশনস এবং পার্সোন্যালিটি টেস্ট। ১২ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: http://www.districts.ecourts.gov.in/india/wb/nadia/recruit, https://www.nadia courtrecruit.in

□ *ভারতীয় নৌবাহিনীতে নাবিক পদে মিউজিশিয়ান নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —পলাশ সমাজপতি, রেজিনগর, বহরমপুর।*

□□ ভারতীয় নৌবাহিনীতে ম্যাট্রিক এন্ট্রি রিক্রুটসে নাবিক পদে মিউজিশিয়ান নিয়োগের ক্ষেত্রে ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে নির্দিষ্ট বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতা থাকতে হবে। বাদ্যযন্ত্রগুলি হল— কী বোর্ড, স্ট্রিং, উইন্ড ইনস্ট্রুমেন্ট-সহ যে-কোনও ভারতীয় বা বিদেশি যন্ত্র। সেইসঙ্গে স্টাফ নোটেশন-সহ সঙ্গীতের থিওরি সম্পর্কে প্রাথমিক জ্ঞান থাকতে হবে এবং গান গাইতে জানতে হবে। পাশাপাশি, হিন্দুস্থানি বা কর্নাটিকি সঙ্গীতের প্রার্থীদের উইন্ড ইনস্ট্রুমেন্ট বাজানোর ক্ষেত্রে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সার্টিফিকেট পেয়ে থাকতে হবে, পাশ্চাত্য সঙ্গীতের প্রার্থীদের ক্ষেত্রে লন্ডনের ট্রিনিটি কলেজ অব মিউজিক বা রয়্যাল স্কুল অব মিউজিক থেকে সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ এবং পুরস্কারপ্রাপ্তির নথিপত্র থাকলেও আবেদন করা যাবে। এ ছাড়া উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি থাকতে হবে চশমা ছাড়া উভয় চোখে ৬/৬০ এবং চশমা-সহ ভালো চোখে ৬/৯ এবং খারাপ চোখে ৬/২৪ হতে হবে। দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *বি এস এফে রেডিও অপারেটর শাখায় হেড কনস্টেবল পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —উদয়ন মজুমদার, কৃষ্ণনগর, নদিয়া।*

□□ বি এস এফে রেডিও অপারেটর শাখায় হেড কনস্টেবল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে রেডিও অ্যান্ড টেলিভিশন বা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট বা ডেটা প্রিপারেশন অ্যান্ড কম্পিউটার সফটওয়্যার বা জেনারেল ইলেক্ট্রনিক্স বা ডেটা এন্ট্রি অপারেটর ট্রেডে অন্তত ২ বছরের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। অথবা ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ। ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বিষয়ে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা (স্ক্রিনিং টেস্ট), দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, ডেসক্রিপটিভ টেস্ট এবং মেডিক্যাল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: ফিজিক্স, ম্যাথমেটিক্স, কেমিস্ট্রি, ইংরেজি ও জেনারেল নলেজ। প্রতিটি প্রশ্নের মান ২। উত্তর দিতে হবে ও এম আর শিটে। সময় ৩ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। স্ক্রিনিং টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের দৈহিক সক্ষমতার পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষায় থাকবে ৬.৫ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, তিন বারের চেষ্টায় ৩.৬৫ মিটার লং জাম্প এবং পুরুষদের ক্ষেত্রে ১.২ মিটার হাই জাম্প। ডেসক্রিপটিভ টেস্টের প্রথম ভাগে ১৫০ নম্বরের প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথস, লজিক্যাল রিজনিং ও ইংরেজি বিষয়ে। সময় আড়াই ঘণ্টা। দ্বিতীয় ভাগে নেওয়া হবে ইংরেজি ভাষায় ডিক্টেশন টেস্ট ও প্যারাগ্রাফ রিডিং টেস্ট। নেগেটিভ মার্কিং আছে। সব শেষে মেডিক্যাল এক্সামিনেশন। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.bsf.nic.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## সি-টেট পাশ করেছি, ডি এল এড কোর্সও করেছি, তবু চাকরি মিলছে না।

আমি 'কর্মক্ষেত্র' পত্রিকার নিয়মিত পাঠক। একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের জন্য 'চাই সুবিচার' বিভাগে আমার এই চিঠি।

আমি কেন্দ্রীয় শিক্ষক নির্ণায়ক পরীক্ষা বা সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট (সি-টেট)-এর প্রাইমারি লেভেল পাশ করেছি। এর পাশাপশি, ডি এল এড (ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন) কোর্সও সম্পূর্ণ করেছি। একজন প্রাথমিক শিক্ষক হতে গেলে যে সকল যোগ্যতা থাকা প্রয়োজন তা আমার পুরোপুরি আছে। আমি সি-টেটের মতো কঠিন পরীক্ষায় পাশ করেছি, শিক্ষণ শিক্ষকতার প্রশিক্ষণও নিয়েছি। কিন্তু তা সত্ত্বেও পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আমরা ব্রাত্য। পশ্চিমবঙ্গে যেখানে পর্যাপ্ত প্রশিক্ষণপ্রাপ্ত ডি এল এড প্রার্থী নেই বলে, প্রাথমিক শিক্ষকের পদে প্রশিক্ষণহীনদের নিয়োগ করা নিয়ে এত দোলাচল, সেখানে প্রয়োজনীয় সমস্ত শিক্ষাগত যোগ্যতা ও সি-টেটের মতো পরীক্ষায় পাশের সার্টিফিকেট থাকা সত্ত্বেও কেন আমরা পশ্চিমবঙ্গে প্রাথমিক বিদ্যালয়গুলিতে পড়ানোর যোগ্য হিসেবে বিবেচিত হব না? প্রাথমিক শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে সি-টেট-কে ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি টেট-এর সমতুল হিসেবে মর্যাদা দিলে আমি ও আমার মতো বহু সি-টেট পাশ প্রার্থী উপকৃত হবেন।

যেখানে আমার মতো প্রায় ১৫ হাজার ডি এল এড প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থী প্রশিক্ষণ নিয়েও বেকার বসে আছে, সেখানে প্রশিক্ষণহীন প্রার্থীদের সুযোগ দিতে গিয়ে আমাদের মতো প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের চাকরির সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে। আমরাও সঞ্চিত অর্থ ব্যয় করে বহু প্রতিবন্ধকতার মধ্যেও প্রশিক্ষণ নিয়েছি শুধুমাত্র শিক্ষকতা করব বলে। আমাদের সময়, অর্থ, মেধা কোনও কিছুরই কোনও মূল্য নেই?

সবথেকে বড় কথা যেখানে আমার মতো প্রায় ১৫ হাজার ডি এল এড প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থী প্রশিক্ষণ নিয়েও বেকার বসে আছে, সেখানে প্রশিক্ষণহীন প্রার্থীদের সুযোগ দিতে গিয়ে আমাদের মতো প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের চাকরির সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে। আমরাও সঞ্চিত অর্থ ব্যয় করে বহু প্রতিবন্ধকতার মধ্যেও প্রশিক্ষণ নিয়েছি শুধুমাত্র শিক্ষকতা করব বলে। আমাদের সময়, অর্থ, মেধা কোনও কিছুরই কোনও মূল্য নেই? প্রশিক্ষণহীন প্রার্থীদের জন্য শিক্ষকতার চাকরি ছাড়াও রাজ্য ও কেন্দ্রীয় সরকারি বহু চাকরির পথ খোলা আছে। তাহলে কেন শিক্ষকতার চাকরির জন্য তাঁদের এত আবেদন, এত আন্দোলন, এত মামলা? শিক্ষকতার চাকরির জন্য উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা এবং এন সি টি ই (ন্যাশনাল কাউন্সিল ফর টিচার এডুকেশন) স্বীকৃত প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন আমরা দিনের পর দিন এত বঞ্চনার শিকার হব? অন্তত সারা দেশে মান্যতাপ্রাপ্ত সি-টেট পাশ প্রার্থীদের অবিলম্বে শিক্ষকতার চাকরি দেওয়া হোক। শিক্ষাদপ্তর এবং ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব প্রাইমারি এডুকেশনের আধিকারিকদের কাছে আমাদের ঐকান্তিক আবেদন, আমাদের দুর্দশা এবং হতাশার কথা একবার ভাবুন এবং সদর্থক পদক্ষেপ করুন।

সপ্তর্ষি ভট্টাচার্য, উত্তরপাড়া, হুগলি।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ে ৩২৭ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

*প্রথম পাতার পর*

পেট্রোলজি (৩টি), ফিল্ম অ্যান্ড থিয়েটার (৩টি), ফুড টেকনোলজি (২টি), গান্ধীয়ান স্টাডিজ (৩টি), জিওগ্রাফি (১০টি), গ্লোবালাইজেশন স্টাডিজ (১টি), হিন্দি অ্যান্ড মডার্ন ইন্ডিয়ান ল্যাঙ্গুয়েজেস (৩টি), হোম সায়েন্স (২টি), ইন্ডিয়ান ডায়াসপোরা (১টি), জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশন (৫টি), ল্যাঙ্গুয়েজেস (৪টি), ল (১৩টি), ম্যাথমেটিক্স (১১টি), মেডিয়াভাল অ্যান্ড মডার্ন হিস্ট্রি (১৩টি), মিউজিক অ্যান্ড পারফর্মিং আর্টস (৩টি), ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজি (২টি), ফিলজফি (১৪টি), ফিজিক্যাল এডুকেশন (৬টি), ফিজিক্স (১০টি), ফটো জার্নালিজম অ্যান্ড ভিস্যুয়াল কমিউনিকেশন (২টি), পলিটিক্যাল সায়েন্স (১৩টি), সাইকোলজি (৩টি), সংস্কৃত, পালি, প্রাকৃত অ্যান্ড ওরিয়েন্টাল ল্যাঙ্গুয়েজেস (১৮টি), সোশিওলজি (৩টি), সাউথ এশিয়া অ্যান্ড ইন্টারন্যাশনাল স্টাডিজ (৩টি), স্পেস স্টাডিজ (২টি), স্ট্যাটিস্টিক্স (২টি), উর্দু (৪টি), ভিস্যুয়াল আর্টস (৫টি), জুলজি (১৮টি)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। প্রার্থীকে অবশ্যই ইউ জি সি বা সি এস আই আর আয়োজিত নেট অথবা সমতুল সেট বা স্লেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ৫০ শতাংশ নম্বর থাকলেই আবেদন করতে পারবেন। পি এইচ ডি ডিগ্রিধারীরা, যাঁরা ১৯ সেপ্টেম্বর ১৯৯১-এর আগে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেছেন, তাঁরাও মোট নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.allduniv.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২২ মে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ফি বাবদ দিতে হবে ১,০৫০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৪৫০ টাকা, দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ টাকা)। পূর্বে যাঁরা বিজ্ঞপ্তি নম্বর: UoA/Asst.Prof/02/2017 অনুসারে আবেদন করেছেন, তাঁরাও ফি বাবদ ৫০ টাকা দেবেন। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারতীয় নৌবাহিনীতে চার্জম্যান

*প্রথম পাতার পর*

পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা আর্থিক অনগ্রসরতা বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জন্মতারিখের প্রমাণপত্র (সবক'টি পি ডি এফ ফর্ম্যাটে) আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ২০৫ টাকা। ভিসা বা মাস্টার ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দার্জিলিং জেলা আদালতে

## লোয়ার ডিভিশন ক্লার্ক, প্রোসেস সার্ভার, নাইট গার্ড, ফরাস

বিভিন্ন পদে ৫৪ জন কর্মী নেবে দার্জিলিং জেলা আদালত। নিয়োগ করা হবে লোয়ার ডিভিশন ক্লার্ক, প্রোসেস সার্ভার, নাইট গার্ড, ফরাস ও কর্মবন্ধু পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 103/E.

**শূন্যপদের বিবরণ:** লোয়ার ডিভিশন ক্লার্ক: ৩১টি (সাধারণ ৮, সাধারণ-ই সি ৫, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি ৪, তফসিলি জাতি-ই সি ২, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ২, তফসিলি উপজাতি-প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি-এ ২, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি ২, ও বি সি-বি-ই সি ১। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে কম্পিউটার-জ্ঞান থাকতে হবে। **বেতনক্রম:** ৫,৪০০-২৫,২০০ টাকা। সেই সঙ্গে গ্রেড পে ২,৬০০ টাকা।

**নাইটগার্ড, ফরাস, কর্মবন্ধু:** ১৮টি (সাধারণ ৩, সাধারণ-ই সি ৩, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ২, তফসিলি জাতি ৪, তফসিলি জাতি-ই সি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট। স্নাতক প্রার্থীরা আবেদন করবেন না। **বেতনক্রম:** ৪,৯০০-১৬,২০০ টাকা। সেই সঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা।

**প্রোসেস সার্ভার:** ৫টি (সাধারণ ২, সাধারণ-ই সি ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে কম্পিউটার-জ্ঞান থাকতে হবে। **বেতনক্রম:** ৫,৪০০-২৫,২০০ টাকা। সেই সঙ্গে গ্রেড পে ২,৩০০ টাকা।

**বয়স:** সবক্ষেত্রেই ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। ক্লার্ক ও প্রোসেস সার্ভার পদের ক্ষেত্রে দু'পর্যায়ে লিখিত পরীক্ষা হবে। এই দু'টি পদের ক্ষেত্রে পরীক্ষায় থাকবে— প্রথম পত্রে জেনারেল নলেজ, জেনারেল ইংলিশ, কম্প্রিহেনশন ও এরিথমেটিক। মোট নম্বর ১০০, সময় ১ ঘণ্টা। দ্বিতীয় পত্রে থাকবে ইংলিশ, জেনারেল নলেজ, এরিথমেটিক, ইংলিশ কম্প্রিহেনশন অ্যান্ড ট্রান্সলেশন, প্রেসিস অব সেনটেন্স। মোট নম্বর ১০০, সময় ২ ঘণ্টা। গ্রুপ 'ডি' পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় থাকবে ইংলিশ, জেনারেল নলেজ, এরিথমেটিক, ইংলিশ কম্প্রিহেনশন অ্যান্ড ট্রান্সলেশন, প্রেসিস অব সেনটেন্স। মোট নম্বর ৭৫, সময় ২ ঘণ্টা। এর পর ২৫ নম্বরের ইন্টারভিউ। এ ছাড়া ক্লার্ক ও প্রোসেস সার্ভার পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত ৭৫ নম্বরের কম্পিউটার টাইপরাইটিং টেস্ট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://districts.ecourts.gov.in/darjeeling অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২২ মে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো ও কালো কালির সই (ডিজিটাল জে পি জি ফর্ম্যাটে ৫০ কেবি সাইজের মধ্যে), জন্মতারিখের নথির প্রত্যয়িত নকল, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, আধার কার্ড বা ভোটার কার্ড বা প্যান কার্ডের মতো পরিচয়পত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি বা দৈহিক প্রতিবন্ধকতা বা ডিসচার্জ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল এবং কর্মরতদের ক্ষেত্রে নো অবজেকশন সার্টিফিকেটের প্রত্যয়িত নকল আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ক্লার্কের ক্ষেত্রে ৪০০ টাকা (তফসিলি, ও বি সিদের ক্ষেত্রে ২৫০ টাকা) এবং বাকি পদগুলির ক্ষেত্রে ৩০০ টাকা (তফসিলি, ও বি সিদের ক্ষেত্রে ২০০ টাকা)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কুলতলির স্কুলে শিক্ষক

**নিজস্ব প্রতিনিধি:** দক্ষিণ ২৪ পরগনার কুলতলি ব্লকের স্বামী বিবেকানন্দ স্কুলে কয়েকজন শিক্ষক ও অ্যাকাউন্ট্যান্ট নেওয়া হবে।

যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই শিক্ষক পদে আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। ডি এল এড কোর্স পাশ প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

অ্যাকাউন্ট্যান্ট পদের শিক্ষাগত যোগ্যতা গ্র্যাজুয়েট। হিসেব রক্ষণের কাজ জানা থাকতে হবে।

সব ক্ষেত্রেই প্রার্থীর বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে।

প্রাথমিকভাবে চুক্তিতে নিয়োগ হবে। এক বছর পরে চুক্তির পুনর্নবীকরণ হবে। নিয়োগপ্রাপ্তদের বাধ্যতামূলক ভাবে ৬ মাসের একটি টিচার্স ট্রেনিং কোর্স করতে হবে। এই কোর্সের ব্যয় বহন করবেন স্কুল কর্তৃপক্ষ।

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ আয়োজিত হবে জুন মাসের দ্বিতীয় সপ্তাহে।

আবেদনের বয়ান ডাউনলোড করে নেওয়া যাবে এই ওয়েবসাইট থেকে: hup://rotacalmetrosouth.org/np-content/uploads/2019/04/Recruitment.pdf ১৫ মে-র মধ্যে পূরণ করা দরখাস্ত জমা দিতে হবে এই ঠিকানায়: রোটারি ক্লাব অব ক্যালকাটা মেট্রো সাউথ, ৫৮/৪৫, প্রিন্স আনোয়ার শাহ রোড, কলকাতা-৭০০ ০৪৫।

# সেনাবাহিনীতে দন্ত চিকিৎসক

*প্রথম পাতার পর*

পুরুষদের ক্ষেত্রে ১৫৭.৫ সেমি, মহিলাদের ক্ষেত্রে ১৫২ সেমি। ওজন: পুরুষদের ক্ষেত্রে ৪৯.৫ কেজি, মহিলাদের ক্ষেত্রে ৪২ কেজি।

প্রার্থী বাছাই হবে এলিজিবিলিটি-কাম-এন্ট্রান্স টেস্টের স্কোরের ভিত্তিতে এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

**বেতনক্রম:** ৬১,৩০০-১,৯৩,০০০ টাকা। মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.indianarmy.nic.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ ২০০ টাকা জমা দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ডিমান্ড ড্রাফটটি 'Director General Armed Forces Medical Services (APF Fund)/DGAFMS (APF Fund)'-এর অনুকূলে নয়াদিল্লিতে প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ ডিরেক্টর জেনারেল অব আর্মড ফোর্সেস মেডিক্যাল সার্ভিসেসের ঠিকানায় দরখাস্ত পৌঁছতে হবে ১০ জুনের মধ্যে।

১১ মে থেকে দরখাস্ত গ্রহণ শুরু হবে। এদিন থেকেই এই নিয়োগ-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য পাবেন এই ওয়েবসাইটে: www.indianarmy.nic.in


# GSCE

## পড়লেই সরকারি চাকরি

**Helpline : 9830277100/200/300**

বেশ প্রায় ১০০ বছরের পুরোনো প্রতিষ্ঠান জর্জ টেলিগ্রাফের
GSCE অভিভাবক ও সরকারি চাকরিপ্রার্থীদের প্রথম পছন্দ -

- শিক্ষামূলক পরিবেশে সমস্ত কোর্স ...
- অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর নিয়মিত ক্লাস।
- নিয়মিত অনুশীলনের মাধ্যমে চাকরির পরীক্ষায় ... Time Management এবং Shortcut Technique শেখার সুযোগ।
- GSCE-তে Personality Development ও Group Discussion-এর উপর বিশেষ যত্ন নেওয়া হয়।
- ছাত্রছাত্রীদের সুবিধার জন্য প্রতিটি ব্যাচে আলাদা আলাদা কোর্স মেন্টর থাকেন।
- নিয়মিত ক্লাস, ক্লাস টেস্ট, মক টেস্ট এবং ডাউট ক্লিয়ারিং ক্লাস এর মাধ্যমে প্রতিটি ছাত্রছাত্রী আত্মবিশ্বাসের সঙ্গে নির্দিষ্ট লক্ষ্যে এগিয়ে যায়।
- ইন্ডিভিজুয়াল কেয়ারের মাধ্যমে পিছিয়ে পড়া ছাত্রছাত্রীদের উপরও বিশেষ যত্নপ্রদান করা হয়।
- সঙ্গে রয়েছে Home Works, Judge Yourself প্রভৃতি যেগুলি চাকরি প্রার্থীকে ভুলত্রুটি শুধরে নিতে সাহায্য করে।
- প্রতিদিন ক্লাসের শুরুতেই প্রস্তুতি যাচাই করার জন্য Performance Test ও বিশেষ হোম ওয়ার্ক কপির ব্যবহারের সঙ্গে Backup Class করারও সুযোগ রয়েছে।
- আসন্ন পরীক্ষার উপর আছে এক্সাম ওরিয়েন্টেড স্পেশাল ক্লাসের সুযোগ।
- গ্রুপ ডিসকাশন ও মক ইন্টারভিউ-এর মাধ্যমে লিখিত পরীক্ষার পর নিজেকে তৈরি করা ও যাচাই করার সুযোগ রয়েছে এখানে।
- আছে অনলাইন ও অফলাইন ফর্ম ফিল-আপ ও পরীক্ষার সুবন্দোবস্ত।
- এছাড়া GSCE-তে ১০০% কমনযোগ্য, সাজেস্টিভ এবং এক্সক্লুসিভ স্টাডি মেটেরিয়ালস, স্পীড টেস্ট, লাস্ট মিনিট সাজেশন ও বিশেষ পরীক্ষা পদ্ধতির মাধ্যমে নিজেকে তৈরি করার সুযোগ আছে-এক কথায় এক কমপ্লিট প্যাকেজ।
- GSCE-তে WBCS ও RCC কোর্সের রেগুলার ও অ্যাটেন্টিভ ছাত্রছাত্রীদের জন্য 'Till Success Facility' আছে যাতে কিছুটা পিছিয়ে পড়া ছাত্রছাত্রীরাও সরকারি চাকরি পেয়ে জীবনে প্রতিষ্ঠিত হতে পারে। তাছাড়া প্রয়োজনানুযায়ী শর্ট টার্ম কোর্সে কোন একটি পরীক্ষার উপরও পড়াশোনা করার সুযোগ রয়েছে। তাই এখানে - সাফল্যের অনুপাত প্রায় ১:১।
- সর্বোপরি GSCE-তে আছে আধিকারিকবৃন্দের সুপরামর্শ, গাইডলাইন ও মোটিভেশন।

কোর্স ফি সামর্থ্যের মধ্যে

**সরকারি চাকরির উপর সেমিনার কবে ও কোথায়-**

| Date | Day | Place | Time |
|---|---|---|---|
| 8/5/19 | Wednesday | Burdwan | 10.00 am |
| | | Bolpur | 1.30 pm |
| 9/5/19 | Thursday | Rampurhat | 10.00 am |
| | | Suri | 2.00 pm |
| 11/5/19 | Saturday | Sonarpur | 12.30 pm |
| 12/5/19 | Sunday | Behala | 11.30 am |
| 13/5/19 | Monday | Bagnan | 10.00 am |
| | | Tamluk | 2.00 pm |
| 14/5/19 | Tuesday | Natajinagar | 11.00 am |
| 15/5/19 | Wednesday | Katwa | 11.00 am |
| 17/5/19 | Friday | Bankura | 10.00 am |
| | | Purulia | 1.30 pm |

WBCS ও Combined কোর্সে ভর্তিতে বিশেষ ছাড়

জিএসসিই-তে যে সমস্ত কোর্সে ভর্তি চলছে

**WBCS** (Preliminary, Main, Interview + Other Exams)
Duration : 12 months + till success facility 2-3 days a week (per day 2-4 Classes)

**Regular Combined**
(Staff Selection, Bank (P.O & Clerk), Police, LIC, PSC, Rail, CDS, NDA)
Duration : 12 months + till success facility 1-3 days a week (per day 2-4 Classes)

**Interview & Personality Grooming**

(হেড অফিস)
**শিয়ালদহ**
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
9674087465
9051040306
9230056675
9830277761

কলকাতা জোন:
ডানলপ(C.O.) : 9230056673
বারাসাত : 9674087467
ব্যারাকপুর : 9230056668
গড়িয়াহাট : 9230056665
বেহালা : 9051040318
হাওড়া ময়দান : 9230056677
নেতাজিনগর : 9674087860
রানাঘাট : 9674083508
কৃষ্ণনগর : 9674087470
কল্যাণী : 9674087469
ডায়মন্ডহারবার : 9230056662
সোনারপুর : 9674087466
বনগাঁ : 8697984953

ইস্টার্ন জোন:
বর্ধমান : 9674025700
রামপুরহাট : 9674061397
কোন্নগর : 9230056667
বোলপুর : 9674012025
সিউড়ী : 9674087835
দুর্গাপুর : 9674025500
আসানসোল : 9674087475
ব্যান্ডেল : 9230056669
তারকেশ্বর : 9830277743
কাটোয়া : 9830277230

ওয়েস্টার্ন জোন:
পঃমেদিনীপুর : 9230056671
বাঁকুড়া : 8017491727
পুরুলিয়া : 9830277820
বাগনান : 9674087468
কাঁথি : 9674140376
খড়গপুর : 9230016054
তমলুক : 8697984951
ঝাড়গ্রাম : 9674087874

নর্দার্ন জোন:
শিলিগুড়ি : 9674087473
জলপাইগুড়ি : 9674025600
কালিম্পং : 9830277171
কোচবিহার : 9830277023
মালদা : 9674087472
বালুরঘাট : 9230056676
বহরমপুর : 9674087471
রায়গঞ্জ : 8017491728
আলিপুরদুয়ার : 9674033336
ইসলামপুর : 9830277597
ধূপগুড়ি : 9830277257
দিনহাটা : 9830277698

**Special Crash Course-এ**
রেল, পিএসসি ক্লার্কশিপ, রাজ্য পুলিশ, SSC CHSL, ব্যাঙ্ক প্রভৃতি পরীক্ষার উপর ভর্তি চলছে
সর্বমোট কোর্স ফি ১০২৪০ টাকা
আসন সীমিত

Website : www.gsceindia.org George Telegraph • Since 1920 www.facebook.com/George-School-of-Competitive-Exams

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৩ এপ্রিল-২৯ এপ্রিল

**২৩ এপ্রিল** শ্রীলঙ্কায় ধারাবাহিক বিস্ফোরণের দায় নিল ইসলামিক স্টেটস (আইএস) জঙ্গিরা। সে দেশের গির্জা ও পাঁচতারা হোটেলে সব বিস্ফোরণেই তাদের হাত রয়েছে বলে সরাসরি দাবি করেছে আইএস। তদন্তে প্রকাশ, একটা পরিবারই হামলার সঙ্গে জড়িত বলে সন্দেহ। কলম্বোয় শাংগ্রি লা হোটেলে যে দুই আত্মঘাতী বোমাক হামলা চালিয়েছিল তারা দুই ভাই বলে জানতে পেরেছে পুলিশ। মশলা রপ্তানির ব্যবসায় জড়িত ছিল তারা। দুই জঙ্গির একজন ভুয়ো পরিচয় দিয়ে হোটেলে ঢুকলেও অন্যজন আসল ঠিকানাই লিখেছিল হোটেলের রেজিস্টারে। সেই সূত্র ধরেই যখন বিশেষ টাস্ক ফোর্স ওই বাড়িতে হানা দেয়, এক ভাইয়ের স্ত্রী বোমা ফাটিয়ে দুই শিশু সহ নিজেকে শেষ করে দেয়। তিন জন পুলিশও মারা যান। একটা পরিবার নিজেরা মিলেই একটা জঙ্গি সেল চালাচ্ছিল বলে পুলিশ জানায়। তাদের অনুমান বিদেশি জঙ্গিগোষ্ঠী দ্বারাই এরা অনুপ্রাণিত। অন্যদিকে, আইএস এই ঘটনার দায় নেওয়ার পর, তাদের সঙ্গে এই পরিবারের কতটা যোগাযোগ ছিল তা খতিয়ে দেখার চেষ্টা হচ্ছে।

## মস্কোয় বৈঠক পুতিন ও কিমের



**২৫ এপ্রিল:** মস্কোতে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠক ফলপ্রসূ হয়েছে বলে দাবি করলেন উত্তর কোরিয়ার শাসক কিম জং উন। দু'মাস আগেই হানয়ে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে তাঁর বৈঠক মাঝপথেই ভেস্তে গিয়েছিল। এদিন রাশিয়ার পূর্ব প্রান্তের বন্দর শহর ভ্লাদিভস্তকে বৈঠকের পর উত্তর কোরিয়ার পাশে দাঁড়িয়েছেন পুতিনও। বৈঠক শেষে পুতিন জানিয়েছেন, উত্তর কোরিয়া যদি সম্পূর্ণ ভাবে পরমাণু নিরস্ত্রীকরণের রাস্তায় হাঁটে, তা হলে আমেরিকা-সহ বিভিন্ন দেশকেও উত্তর কোরিয়ার পাশে দাঁড়াতে হবে। এই বিবৃতির মধ্যে দিয়ে উত্তর কোরিয়ার উপর থেকে আর্থিক নিষেধাজ্ঞা তোলার জন্য প্রচ্ছন্ন ভাবে আমেরিকাকে বার্তা দিলেন তিনি। পুতিন জানিয়েছেন, তিনিও কোরীয় উপদ্বীপে সম্পূর্ণ পরমাণু নিরস্ত্রীকরণ চান। তবে তাঁর বক্তব্য, আন্তর্জাতিক আইনকে সম্মান করেই এ পথে এগোনো উচিত।

**ইরানের তেলে মার্কিন নিষেধাজ্ঞা জারি** হওয়ায় ইরান থেকে অশোধিত তেলের আমদানি বন্ধ হলেও যোগানের বিকল্প রাস্তা আগে থেকেই তৈরি রয়েছে বলে জানিয়ে দিল কেন্দ্র। অন্য দেশ থেকে বাড়তি তেল এনে ঘাটতি পূরণ করা হবে বলে আশ্বাস দিয়েছে কেন্দ্র। বলা হয়েছে দেশের চাহিদা মেটাতে তৈরি রয়েছে তৈলশোধনাগারগুলি। যদিও কংগ্রেস বলেছে,'আমেরিকার সিদ্ধান্ত ভারতের রাজনৈতিক ও অর্থনৈতিক সার্বভৌমত্বের উপরে আঘাত। এটা প্রধানমন্ত্রীর কূটনৈতিক ব্যর্থতা।' উল্লেখ্য, ২০১৮-১৯ অর্থবর্ষে ইরান থেকে ২.৪ কোটি টন তেল আমদানি করেছিল ভারত। ইরান থেকে কেনা তেল ছিল দেশের মোট চাহিদার ১০ শতাংশের বেশি। ইরান থেকে তেল আমদানিতে চিনের পরেই রয়েছে ভারত।

**প্রয়াত হয়েছেন প্রবীণ মহিলা** পর্বতারোহী রমা সেনগুপ্ত পাল (৬৬)। ১৯৭৫ সালে গাড়োয়াল হিমালয়ের কেদারনাথ ডোমে মহিলা পর্বতারোহীদের প্রথম সফল অভিযানে নেতৃত্ব দিয়েছিলেন তিনি। ১৯৭৯ সালে ইন্ডিয়ান মাউন্টেনিয়ারিং ফাউন্ডেশনের (আইএমএফ) মহিলা দলের প্রতিনিধি হিসেবে জাপানিজ আল্পসের একাধিক পর্বতে আরোহণ করেন। ১৯৭৬ সালে আইএমএফ-এর উদ্যোগে ইন্দো-জাপানি মহিলা অভিযাত্রী দলের সদস্য হিসেবে কামেট ও আবি গামিন পর্বতশৃঙ্গেও অভিযান করেন তিনি। ২১ এপ্রিল কলকাতার একটি হাসপাতালে তাঁর প্রয়াণ হয় বলে এদিন জানা গিয়েছে।

## জাপানের নির্বাচনে জয়ী ভারতীয়



**২৩ এপ্রিল:** ৪১ বছর বয়সি যোগেন্দ্র পুরানিক ওরফে যোগী জাপানের পুর নির্বাচনে টোকিয়োর এদোগাওয়া ওয়ার্ডে জিতেছেন। এই প্রথম জাপানে কোনও ভারতীয় বংশোদ্ভূত সে দেশের নির্বাচনে জিতলেন। গত ২১ এপ্রিল পুর নির্বাচন হয়েছিল সে দেশে। টোকিয়োর ২৩টি ওয়ার্ডের মধ্যে সবচেয়ে বেশি ভারতীয় থাকেন এদোগাওয়া ওয়ার্ডে। জাপানে প্রায় ৩৪ হাজারের বেশি ভারতীয় থাকেন। এইসব ভারতীয় নাগরিক ও অন্যান্য দেশের নাগরিকদের কথা মাথায় রেখে কনস্টিটিউশনাল ডেমোক্রেটিক পার্টি অব জাপান-এর প্রার্থী যোগেন্দ্র বলেন, 'জাপানি আর বিদেশিদের মধ্যে যোগসূত্র হব। ২০ বছর এ দেশে রয়েছি। বয়স, জাতি নির্বিশেষে সকলের কাছের লোক হয়ে উঠতে চাই।'



"ভারতে যদি বোরখা নিষিদ্ধ করা হয়, আমার কোনও আপত্তি নেই। কিন্তু রাজস্থানে ভোট শেষ হওয়ার আগে এই সরকার ওই রাজ্যে ঘোমটা নিষিদ্ধ করুক। আমার ইচ্ছা, বোরখা এবং ঘোমটা— দুটোই যাক। খুশিই হব।"

**জাভেদ আখতার,** *প্রখ্যাত লেখক ও গীতিকার*

শ্রীলঙ্কার মতো ভারতেও বোরখা নিষিদ্ধ করার জন্য শিবসেনা যে দাবি করছে, সেই প্রসঙ্গে

**২৫ এপ্রিল** অগুস্তা হেলিকপ্টার ঘুষ কাণ্ডে অভিযুক্ত অন্যতম মধ্যস্থতাকারী ক্রিশ্চিয়ান মিশেলের হয়ে ব্রিটিশ আইনজীবীদের একটি দল রাষ্ট্রপুঞ্জের দ্বারস্থ হল। তাঁরা অভিযোগ জানিয়েছেন, বেআইনিভাবে দুবাই থেকে এনে ভারতের হাতে তুলে দেওয়া হয়েছে ৫৭ বছরের এই ব্রিটিশ নাগরিককে। মানবাধিকার লঙ্ঘন করে অস্বাস্থ্যকর পরিবেশে তাঁকে আটকে রেখে জেরা করা হচ্ছে বলেও দাবি তাঁদের। রাষ্ট্রপুঞ্জের সংশ্লিষ্ট সংস্থা এই অভিযোগের ভিত্তিতে ভারত এবং সংযুক্ত আরব আমিরশাহি সরকারের কাছ থেকে জবাব চেয়ে পাঠিয়ে তার ভিত্তিতে রায় দিতে পারে। তবে এই রায় মানার ক্ষেত্রে সরকারের কোনও আইনি বাধ্যবাধকতা থাকবে না বলে জানা গিয়েছে।

## প্রয়াত কৃষ্ণাঙ্গ অধিকারের মুখ ডেমন জে কিথ



**২৯ এপ্রিল:** আমেরিকায় কৃষ্ণাঙ্গ অধিকার নিয়ে লড়াইয়ের অন্যতম মুখ বিচারপতি ডেমন জে কিথ (৯৬) প্রয়াত হলেন। ১৯৭০ সালে মিশিগানের বৈষম্যমূলক ও কৃষ্ণাঙ্গ-বিরোধী স্কুলবাস আইনের বিরুদ্ধে রায় দেন তিনি।

**২৬ এপ্রিল** ভারতের মহাকাশ গবেষণা সংস্থা ইসরো ইজরায়েলের চন্দ্র অভিযান ব্যর্থ হওয়ার পরে চন্দ্রযান-২ উৎক্ষেপণ পিছিয়ে দিল। সংশ্লিষ্ট মহলের বিশেষজ্ঞদের অনুমান, যানের 'মুন মিশন ল্যান্ডার' ঠিক মতো কাজ না করার জন্যই পিছিয়ে দেওয়া হয়েছে এই অভিযান।

**নোবেল সাহিত্য পুরস্কার সংক্রান্ত** কমিটির স্থায়ী সচিব হিসেবে ম্যাটস মাম-এর নাম ঘোষণা করল নোবেল কমিটি। মিটু বিতর্কের জেরে গত বছর ঘোষণা করা হয়নি নোবেল সাহিত্য পুরস্কার। এ বছর একসঙ্গে দু'বারের বিজয়ীদের নাম ঘোষণা হওয়ার কথা। এই পরিস্থিতিতে ঢেলে সাজা হয়েছে নোবেল কমিটি। ম্যাটস মাম হলেন সুইডেনের এক বিশ্ববিদ্যালয়ের সাহিত্যের অধ্যাপক। দায়িত্ব পেয়ে ম্যাটস বলেছেন,'আমার উপরে এতটা আস্থা রাখায় আমি খুশি। দায়িত্ব যথাযথ ভাবে পালনের চেষ্টা করব।'

ভারতে নতুন সরকার গড়ার লক্ষ্যে নির্বাচন প্রক্রিয়া শুরু হতেই চিনের তরফে ইতিবাচক বার্তা দেওয়া হল। গোটা জম্মু ও কাশ্মীর এবং অরুণাচল প্রদেশকে ভারতের মানচিত্রের অন্তর্ভুক্ত করে দেখাল চিন। একই সঙ্গে, কূটনৈতিক চ্যানেলে জানানো হল, মাসুদ আজহারকে নিষিদ্ধ তালিকায় অন্তর্ভুক্ত করার প্রশ্নে দ্রুত সিদ্ধান্ত নেবে বেজিং। বর্তমানে ইরান থেকে তেল আমদানি নিয়ে চিন এবং ভারত উভয়েই মার্কিন নিষেধাজ্ঞার সামনে পড়েছে। এই অবস্থায় ভারতকে কাছে টানার ব্যাপারে একটা বাধ্যবাধকতাও চিনের রয়েছে বলে কূটনীতিকদের অনুমান।

**২৭ এপ্রিল** মায়ানমারে আলফা শিবির থেকে পালানোর চেষ্টা করায় অনেক সদস্যকেই মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে বলে স্বীকার করলেন আলফা সেনাধ্যক্ষ পরেশ বরুয়া। টেলিফোনে এক সংবাদ মাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে পরেশ জানান, সংগঠনের সংবিধান অনুযায়ী অস্ত্র নিয়ে পালানোর চেষ্টা করা ও দলের খবর ভারতীয় বাহিনীকে ফাঁস করার অপরাধ প্রমাণিত হলে চরম শাস্তি দেওয়া হয়। সেই আইন মেনেই অনেককে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। তবে মৃত্যুদণ্ডে দণ্ডিতদের নাম প্রকাশ করা বা মৃত্যুসংবাদ পরিবারের লোকজনকে দেওয়া হয় না। যদিও লড়াইয়ে মারা গেলে সদস্যদের নাম প্রকাশ করা হয়। পরিবারকে খবরও দেওয়া হয়।

## শুল্ক নিয়ে ফের ভারতকে দুষলেন ট্রাম্প



**২৯ এপ্রিল:** শুল্ক নিয়ে ভারতকে ফের একবার আক্রমণ করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর আগে ভারতকে 'শুল্কের রাজা' বলেছিলেন তিনি। ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্যে আমেরিকার ক্ষতি হচ্ছে এমন অভিযোগও অনেকবার করেছেন। এ বারে তিনি ক্ষোভ প্রকাশ করেছেন কাগজে তৈরি পণ্যের উপর আমদানি শুল্ক নিয়ে। ভারতের পাশাপাশি ট্রাম্প অভিযোগের আঙুল তুলেছেন চিন, জাপানের বিরুদ্ধেও। তাঁর দাবি, অন্য দেশের কাগজের পণ্যে আমেরিকা আমদানি শুল্ক বসায় না। এরআগে হার্লে ডেভিডসন বাইকে ভারতের শুল্ক বসানো নিয়ে কড়া সমালোচনা করেছিলেন তিনি। ওই মোটরবাইকে ১০০ শতাংশ আমদানি শুল্ক নিত ভারত। নরেন্দ্র মোদী সরকার তা কমিয়ে ৫০ শতাংশ করে। যদিও ট্রাম্পের দাবি শুল্ক যা কমানো হয়েছে তা যথেষ্ট নয়।

## বিআরএফ-এ যোগ দিয়ে শি-ইমরান বৈঠক



**২৮ এপ্রিল:** চিনের 'বেল্ট অ্যান্ড রোড ফোরাম'-এ যোগ দিয়ে চিনা প্রেসিডেন্ট শি চিনফিংয়ের সঙ্গে বৈঠক করলেন পাক প্রেসিডেন্ট ইমরান খান। বিআরএফের অন্যতম বিষয় হল ৬০০০ কোটি ডলার ব্যয়ে তৈরি চিন-পাকিস্তান বাণিজ্যিক করিডর। পাক অধিকৃত কাশ্মীরের মধ্যে দিয়ে ওই করিডর যাওয়া নিয়ে ভারত বরাবরই তার অসন্তোষ জানিয়েছে। এই নিয়ে দ্বিতীয়বার ভারত বিআরএফে যোগও দেয়নি। তবে ইমরান-চিনফিং বৈঠকে পুলওয়ামার সেনা কনভয়ে জঙ্গি হামলার পর উদ্ভূত ভারত-পাকিস্তান পরিস্থিতির কথা ওঠে। ভবিষ্যতে দু'দেশের সম্পর্ক উন্নতি হবে বলে আশাপ্রকাশ করেন তাঁরা।

**শ্রীলঙ্কায় জঙ্গি-দমন অভিযানে ১৫** জনের প্রাণহানি হল। দেশের ইস্টার্ন প্রভিন্সের মুসলিমপ্রধান শহর সৈন্থামারুদু-র একটি বাড়িতে অভিযান চালায় বাহিনী। পাল্টা হামলার পাশাপাশি তিনটি আত্মঘাতী বিস্ফোরণও ঘটায় জঙ্গিরা। পুলিশ জানায়, ১৫ জন নিহতের মধ্যে রয়েছে ৬টি শিশু ও ৩ জন মহিলা। যৌথ বাহিনীর কোনও ক্ষয়ক্ষতি না হলেও দুই সন্দেহভাজন আত্মঘাতী জঙ্গি পালিয়েছে বলে জানিয়েছে পুলিশ।

**২৮ এপ্রিল** ইন্দোনেশিয়ায় ভোটের গণনার কাজ করতে করতে মারা গেলেন ২৭২ জন গণনাকর্মী। অসুস্থ হয়ে হাসপাতালে যেতে হয়েছে ১৮৭৮ জনকে। ইন্দোনেশিয়ার নির্বাচন দপ্তরের এক অফিসার এ খবর জানিয়ে বলেছেন, খরচ বাঁচাতে গিয়ে এই প্রথম প্রেসিডেন্ট, জাতীয় সংসদ ও আঞ্চলিক আইনসভার ভোট একসঙ্গে ১৭ এপ্রিল হয়েছে। ১৯ কোটি ৩০ লক্ষ ভোটারের ৮০ শতাংশই ভোটাধিকার প্রয়োগ করেছেন। দিনরাত ধরে গণনা চালাতে গিয়েই এত মৃত্যুর ঘটনা বলে মনে করা হচ্ছে।

**২৯ এপ্রিল** পাঁচ বছর পর হঠাৎই প্রকাশ্যে এল ইসলামিক স্টেটের প্রধান আবু বকর আল-বাগদাদির একটি ভিডিয়ো। এদিন সংগঠনের পক্ষ থেকে এটি প্রকাশ করা হয়েছে। জঙ্গি নেতা মৃত বলে পশ্চিমি দুনিয়া যে দাবি করেছিল তা মিথ্যা বলেই এদিন দাবি করেছে আইএস। ভিডিয়োয় বাগদাদিকে পূর্ব সিরিয়ায় আইএসের 'লড়াই' নিয়ে কথা বলতে শোনা গিয়েছে। গত মাসেই বাঘৌজের এই লড়াই শেষ হয়েছে। বোঝা যাচ্ছে ভিডিয়োটি খুব একটা পুরনো নয়। ভিডিয়ো বক্তৃতায় সেই যুদ্ধ শেষের ঘোষণাই করেছেন বাগদাদি।

**আন্তর্জাতিক চাপের মুখে কুখ্যাত জঙ্গি** মাসুদ আজহার নিয়ে কিছুটা নরম মনোভাব দেখাল পাকিস্তান। পাক বিদেশমন্ত্রকের মুখপাত্র মহম্মদ ফৈজল বলেছেন, জইশ প্রধানকে রাষ্ট্রপুঞ্জের আন্তর্জাতিক জঙ্গি হিসেবে তালিকাভুক্ত করতে তাঁদের কোনও আপত্তি নেই। অবশ্য এই বক্তব্যের সঙ্গে একটি শর্তও জুড়েছে পাকিস্তান। সেটি হল, এই পদক্ষেপের সঙ্গে পুলওয়ামায় সিআরপিএফের কনভয়ে হামলার ঘটনাকে এক করে দেখা যাবে না। কারণ পাকিস্তানের দাবি, এই হামলার সঙ্গে জইশের প্রত্যক্ষ যোগ রয়েছে এমন কোনও প্রমাণ নয়াদিল্লি দিতে পারেনি।

## শ্রীলঙ্কায় ধারাবাহিক বিস্ফোরণে মৃতের সংখ্যা বাড়ল



**২৪ এপ্রিল:** শ্রীলঙ্কার ধারাবাহিক হামলায় নিহতের সংখ্যা বেড়ে হল ৩৫৯। আত্মঘাতী জঙ্গিদের সম্পর্কে সে দেশের প্রতিরক্ষা প্রতিমন্ত্রী রুয়ান বিজয়বর্ধনে বলেছেন, 'আমরা জেনেছি, আত্মঘাতী বোমারুর মধ্যে একজন ব্রিটেনে পড়াশোনা শেষ করে অস্ট্রেলিয়া গিয়েছিল স্নাতকোত্তর পড়ার জন্য।' তাঁর কথায়, 'আত্মঘাতী জঙ্গির এই দলটির বেশির ভাগ সদস্যই উচ্চশিক্ষিত। মধ্যবিত্ত বা উচ্চ মধ্যবিত্ত পরিবারের সন্তান। ফলে এদের কেউ আর্থিক ভাবে দুর্বল নয়। আর এটাই উদ্বেগের বিষয় আমাদের কাছে।' বিজয়বর্ধনে এদিন আরও দাবি করেন নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চে মসজিদে জোড়া হামলার বদলা নিতেই নাকি শ্রীলঙ্কার এই ভয়াবহ হামলা। যদিও নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জেসিন্ডা আর্ডের্ন, এই দাবি খারিজ করে দিয়ে জানিয়েছেন, তাঁর সরকার ও গোয়েন্দাদের কাছে এ ধরনের কোনও তথ্য ছিল না।

ছবি: পি টি আই

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# লড়াইয়ের ময়দান কখনও ছাড়বে না



সৈকত গঙ্গোপাধ্যায়
ম্যানেজিং পার্টনার- ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস
ডিরেক্টর- কোয়েস ইস্টবেঙ্গল ফুটবল ক্লাব প্রাইভেট লিমিটেড

> আমরা অনেকেই ইগো, রাগ, অবসাদের কারণে নিজেদের পুরোপুরি ব্যবহার করি না। নিজের অভিজ্ঞতা থেকেই দেখেছি, কেরিয়ারের শুরুর দিন থেকে ইগো, রাগ, অবসাদকে পাত্তা না দিতে পারলে, শেষ দিন পর্যন্ত তা কাজে লাগে।

যে-সেক্টরেই চাকরির ইন্টারভিউ দিতে যাও না কেন, দুটো বিষয় খুব গুরুত্বপূর্ণ—বিষয়গত বা টেকনিক্যাল দক্ষতা এবং মানসিক দৃঢ়তা। বিশেষ করে ফ্রেশারদের ক্ষেত্রে ইন্টারভিউয়াররা প্রার্থীর মানসিক গড়ন যাচাই করে নেন। কাজেই চাকরি খোঁজার অনেক আগে থেকেই মানসিক গঠন-সহ সার্বিক প্রস্তুতি নিয়ে রাখতে হবে। সম্ভব হলে কলেজে পড়ার সময় থেকেই এগুলির উপর আলাদা করে জোর দিতে পারলে ভালো।

## কথা বলার সময় দ্বিধা নয়

দেশের বিভিন্ন অঞ্চলে কাজ করার ফলে, বিভিন্ন সংস্কৃতির ছেলেমেয়েদের দেখেছি। সেই অভিজ্ঞতা থেকে বলতে পারি, এই রাজ্যের গড়পড়তা ছেলেমেয়েরা খুব ভালো ইংরেজি বলতে জানে না বলে যে হীনমন্যতায় ভোগে, সেটা ভুল করে। দেশের অন্য রাজ্যগুলির সব ছেলেমেয়েই ইংরেজি ভাষায় খুব দক্ষ, এমনটা কিন্তু নয়। তফাত হয়ে যায় আত্মবিশ্বাসের জায়গায়। অন্য রাজ্যের ছেলেমেয়েরা ভুলটাকেও আত্মবিশ্বাসের সঙ্গে বলতে পারে। অথচ এ রাজ্যের ছেলেমেয়েরা আগেই ভাবতে শুরু করে, যদি ভুল



বলি তাহলে কী হবে! ফলে কথা বলায় দ্বিধা এবং জড়তা এসে যায়।

এর মানে এই নয় যে, ভুল বলা ভালো। কেবল আত্মবিশ্বাসের প্রসঙ্গেই এই তুলনা টানলাম। বস্তুত, আত্মবিশ্বাসটাই সাফল্যের সবচেয়ে বড় হাতিয়ার। এই গুণটিকে ধারালো করতে হবে। দেশের বাকি অংশের তুলনায় এই রাজ্যে ছেলেমেয়েদের আত্মবিশ্বাসের ঘাটতি বেশি চোখে পড়ে। এই অভাব দূর করতে বিভিন্ন লোকের সঙ্গে কথা বলো, বিভিন্ন বিষয়ে কথা বলো। চাকরির শুরু থেকেই টেকনিক্যাল দক্ষতা দুর্দান্ত, এমনটা তো খুব একটা হয় না। লোকে কাজ করতে করতেই শেখে। এই সময়টায় নিজের উপর বিশ্বাস থাকা খুব জরুরি। তাই বিশেষ করে আত্মবিশ্বাসই সবচেয়ে বেশি যাচাই করা হয় ইন্টারভিউয়ে।

## বিশ্বাসের জায়গা তৈরি করো

ইন্টারভিউ দিতে এসে অনেকেই অসত্য কথা বলে। যার উল্টো ফল হয়। প্রার্থীকে বুঝতে হবে, যখন কাউকে কাজের দায়িত্ব দেওয়া হচ্ছে, তখন সেখানে স্বাভাবিকভাবেই একটা বিশ্বাসের জায়গা তৈরি হতে চলেছে।

কোনও বিষয় না জানলে ইন্টারভিউতে সহজভাবে 'জানি না' বলায় কোনও বাধা নেই। অনেক সময় ইন্টারভিউয়াররাই চান, প্রার্থী দশটা প্রশ্নের মধ্যে সব প্রশ্নেরই উত্তর দেওয়ার চেষ্টা না করে অন্তত একটার উত্তরে 'জানি না' বলুক। এর থেকে বোঝা যায় তার সত্যি বলার সাহস এবং আত্মবিশ্বাস আছে।

পোশাক নিয়ে মানুষ কম সচেতন। বিশেষ করে এই রাজ্যে বিষয়টা আরও বেশি চোখে পড়ে। কোনটা ফর্ম্যাল, কোনটা নয়— তাই নিয়ে অনেকেরই স্পষ্ট ধারণা থাকে না। কিন্তু ইন্টারভিউ দিতে যাওয়ার আগে এই বিষয়টা নিয়েও অবশ্য ভাবনাচিন্তা করা উচিত। পোশাক নির্বাচনের উপরও প্রার্থীর আত্মবিশ্বাস এবং সার্বিক ভাবমূর্তি অনেকখানি নির্ভর করে।

## নিজের পুরোটা দিতে তৈরি থাকো

আমি প্রথম থেকেই ফিনান্সের লোক। এই ক্ষেত্রেই আমার পড়াশোনা এবং কাজ। ফলে পেশার গতিপথ নিয়ে খুব একটা সমস্যায় পড়তে হয়নি কখনও। কেরিয়ারের শুরুর দিকের একটা অভিজ্ঞতা বলি। আমি তখন একটি মিউচুয়াল ফান্ড সংস্থায় কাজ করি। ক্লায়েন্ট-মিট, টার্গেট পূরণের চাপ থাকে প্রতি মাসেই। ব্যবসার আশায় একটি ট্রাস্টের কর্তাব্যক্তিদের কাছে প্রায় আট-নয় মাস ধরে ঘুরছিলাম। অবশেষে একটি বিরাট অঙ্কের চেক দিলেন তাঁরা। সেই চেকের অঙ্ক দেখে ফিরতি পথে বাসে যেতে যেতে ভেবে চলেছি যে, মে মাসের এই গরমে অফিসে এসি-র ঠান্ডায় ঢুকব এখন, আর রাস্তায় বেরোতে হবে না। এ মাসের মতো টার্গেট সম্পূর্ণ আমার। বরং চেকের কথা জানার পর সারা অফিস, সহকর্মীরা, কর্তৃপক্ষ কীভাবে আমাকে বাহবা দেবে সেই চিন্তায় মশগুল হয়ে পড়লাম।

অফিসে পৌঁছনোর পর সেই চেক দেখে বস বললেন, এটা ডেড ফান্ডে ইনভেস্টমেন্ট, এতে বিশেষ কিছু হবে না। এখন তাড়াতাড়ি যাও, টার্গেট পূরণ করে নিয়ে এসো, আজ মাসের শেষ দিন, আর সময় নেই। মনে মনে দমে গেলাম, খুব রাগও হল। একবার মনে হল আর যাবও না, কাজও করব না। কিন্তু শেষপর্যন্ত বেরোলাম, সবটা নয় কিছুটা টার্গেট পূরণ হল।

দিনটা কিন্তু শিক্ষণীয় হয়ে থাকল আমার কাছে।

আমরা অনেকেই ইগো, রাগ, অবসাদের কারণে নিজেদের পুরোপুরি ব্যবহার করি না। নিজের অভিজ্ঞতা থেকেই দেখেছি, কেরিয়ারের শুরুর দিন থেকে ইগো, রাগ, অবসাদকে পাত্তা না দিতে পারলে, শেষ দিন পর্যন্ত তা কাজে লাগে। লড়াইয়ের ময়দান কখনও ছাড়বে না।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.com
Great careers start here

**Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA**

**Companies Recruiting This Week**

PS AVIATION

Company: **PS AVIATION ACADEMY PVT.LTD**
Position Title: **Ground Staff & Cabin Crew**
Experience, Location: **Fresher, Kolkata, Delhi, Vizag**
Profile: Join aviation to secure your future.PS Aviation academy offers different courses for the elegable students, Qualification minimum 12th Pass. Age limit -18 to 28. Male female both can apply. After completion of the course we provide them 100% placement in aviation sector. Contact no-8240117926/ 9007421048, mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using **9246724** as keyword.

MET Technologies Pvt Ltd

Company: **MET Technologoies Pvt Ltd**
Position Title: **CCE Domestic Outbound Sales Process**
Experience, Location: **Both Fresher & Experienced**
Profile: CCE Domestic Outbound Sales Process. Salary 8k-10k(Freshers) Hike for Experienced candidates as per performance in the interview. Requirements: H.S Pass + Hindi and Bengali Fluency. Office Address- 1307, Godrej Waterside, Sector V, Salt Lake,Kolkata. Interview & Working location : Kolkata. Contact HR's numbers: 9073927808//8617211828//6290829612
To apply for this job, log on to www.shine.com

TRIUMPH

Company: **National Level client of Triumph**
Position Title: **Experience Civil Engineer-Building and Roads**
Experience, Location: **3- 5 years, WB/Out of WB**
Profile: We need diploma/B.Tech (Civil) for our different clients in India.Experience on building/roads /Auto-Cad(High rise building) is required.Salary - Rs.15000/- per month to Rs.30000/- per month (depending on experience).Opening for West Bengal /out of WB location. Send your CV to email: teamtriumph16@gmail.com Call-8961790933/9073822440
To apply for this job, log on to www.shine.com

FI (OPC) Pvt. Ltd

Company: **FI (OPC) Pvt. Ltd**
Position Title: **Phone Banking / Back Office Executive**
Experience, Location: **Fresher & Experienced, Kolkata**
Profile: We are hiring Phone Banking Executive / Back Office Executive. Job Profile is all Retail Liability, Credit Card, Assests (EMI based Loans) and Hot Listening Desk Customers Card Products. Salary Rs. 11000 - 19000 PM + huge incentive. Walk-In @ Nelguru Building (1st Floor), Salt Lake, Sector 5, Kolkata-91 with an updated resume & photograph. Call @ 8585877840 / 8697336886 or mail @ fdcspvtltd@gmail.com
To apply for this job, log on to www.shine.com

Green Ocean Technology Pvt. Ltd.

Company: **Green Ocean Technology Pvt. Ltd.**
Position Title: **Customer Service (International)**
Experience, Location: **Fresher & Experienced, Kolkata**
Profile: We are hiring for "UK SURVEY & SALES". Fixed day shift of work from (1.30PM - 9.30PM, Mon-Fri) With salary of (9K - 25K in hand + Incentives). FRESHERS AND EXPERIENCED BOTH ARE WELCOME. Walk-In @ PARK CIRCUS 4NO BRIDGE KOL-46 with an updated resume & photograph. Call @ 8910526069 or mail @ info@greenoceantechnology.com
To apply for this job, log on to www.shine.com

A Financial Company

Company: **A Financial Company**
Position Title: **Sales Executive**
Experience, Location: **Both Fresher & Experienced, Kolkata**
Profile: Require any graduates in a leading MNC for management marketing profile. Income- 3lakh-4 lakh per annum. No age criteria. Contact Mr Singh - 8240932293
Email id: singh.sambhu11@gmail.com
To apply for this job, log on to www.shine.com

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203***
*Not for Candidates

shine.com
Great careers start here

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ইলেকট্রন ভোল্ট কীসের একক?
(a) তড়িতাধান (b) তড়িৎবিভব (c) তড়িৎ ক্ষমতা (d) তড়িৎ পরিবহণ
2. কোনটি বায়োগ্যাসের উপাদান নয়?
(a) $CO_2$ (b) $H_2S$ (c) $CS_2$ (d) $H_2O$
3. তাপীয় রোধ নির্ভর করে:
(a) বস্তুর আয়তনের ওপর (b) বস্তুর ভরের ওপর (c) বস্তুর উপাদানের ওপর (d) কোনওটাই নয়
4. উদ্ভিদের চলন নির্ণায়ক জগদীশচন্দ্র বোস আবিষ্কৃত যন্ত্রটির নাম কী?
(a) পোটোমিটার (b) স্পাইরোমিটার (c) কেসকোগ্রাফ (d) সিসমোগ্রাফ
5. কানহা ন্যাশনাল পার্ক কোন রাজ্যে অবস্থিত?
(a) রাজস্থান (b) মধ্যপ্রদেশ (c) মণিপুর (d) উত্তরপ্রদেশ
6. মস্তিষ্কের যে অংশটি পিটুইটারি গ্রন্থির ক্রিয়া নিয়ন্ত্রণ করে:
(a) লঘু মস্তিষ্ক (b) গুরু মস্তিষ্ক (c) হাইপোথ্যালামাস (d) করপাস ক্যালোজাম
7. কুমিরের হৃৎপিণ্ডে প্রকোষ্ঠের সংখ্যা:
(a) 5 (b) 8 (c) 4 (d) 1
8. ওজোনস্তর ধ্বংসে অনুঘটকের কাজ করে:
(a) NO (b) $NO_2$ (c) $N_2O_3$ (d) CFC
9. চাপ স্থির রেখে উষ্ণতা বাড়লে কোনও গ্যাসের ঘনত্ব:
(a) একই থাকে (b) হ্রাস পায় (c) বৃদ্ধি পায় (d) প্রথমে বৃদ্ধি পরে হ্রাস পায়
10. তেজস্ক্রিয় মৌল সর্বশেষ কোন মৌলতে পরিণত হয়?
(a) কোবাল্ট (b) লেড (c) টাংস্টেন (d) রেডিয়াম
11. কোন রোগে ঝালাইকর্মীরা বেশি আক্রান্ত হন?
(a) অ্যাজমা (b) ব্রংকাইটিস (c) ক্যানসার (d) এম্ফাইসেমা
12. DNA অণুর অ্যাডিনিন ও থাইমিনের মধ্যে হাইড্রোজেন বন্ধনীর সংখ্যা:
(a) 3 (b) 1 (c) 2 (d) 4
13. $N_2$ সংবন্ধন করে না:
(a) অ্যাজোটোব্যাক্টির (b) রাইজোবিয়াম (c) ভিব্রিয়ো কলেরি (d) ক্লসট্রিডিয়াম
14. গৃহস্থালীর বৈদ্যুতিক বর্তনীতে ফিউজ তার নীচের কোনটির সঙ্গে যুক্ত?
(a) আর্থ লাইন (b) লাইভ লাইন (c) নিউট্রাল লাইন (d) লাইভ ও নিউট্রাল লাইন
15. দীর্ঘ পর্যায় সারণিতে শ্রেণি সংখ্যা কত?
(a) 7 (b) 8 (c) 9 (d) 18
16. রোধের SI একক হল:
(a) ভোল্ট (b) অ্যাম্পেয়ার (c) কুলম্ব (d) ওহম
17. তেজস্ক্রিয় মৌল থেকে নির্গত β রশ্মি হল:
(a) ইলেকট্রনের স্রোত (b) প্রোটনের স্রোত (c) নিউট্রনের স্রোত (d) তড়িৎ চুম্বকীয় তরঙ্গ
18. ডায়াবেটিস মেলিটাসে আক্রান্ত একজন ব্যক্তির কোন হরমোনটির যথেষ্ট ক্ষরণ হয় না?
(a) অ্যাড্রেনালিন (b) ইনসুলিন (c) থাইরক্সিন (d) টেস্টোস্টেরন
19. কিছু ফুল সূর্যোদয়ের পরে ফোটে, সূর্যাস্তের সঙ্গে সঙ্গে বুজে যায়, একে বলে:
(a) ফোটোন্যাস্টি (b) সিসমোন্যাস্টি (c) কেমোন্যাস্টি (d) থার্মোন্যাস্টি
20. বায়ু দূষণের ফলে হয়:
(a) ডায়ারিয়া (b) ব্রংকাইটিস (c) টাইফয়েড (d) এডস
21. আলোর তরঙ্গদৈর্ঘ্য বাড়লে মাধ্যমের প্রতিসরাঙ্ক:
(a) বাড়ে (b) অপরিবর্তিত থাকে (c) কমে (d) কোনওটাই নয়
22. আন্তর্জাতিক নিয়ম অনুসারে লাইভ তারের রং:
(a) বাদামি (b) কালো (c) লাল (d) হালকা নীল
23. সর্বাধিক তড়িৎ ধনাত্মক হ্যালোজেন মৌলটি হল:
(a) F (b) Cl (c) I (d) Br
24. সৌরশক্তির উৎস হল:
(a) নিউক্লিয় বিভাজন (b) নিউক্লিয় সংযোজন (c) কয়লা (d) পেট্রোলিয়াম
25. Greenhouse effect-এর জন্য দায়ী:
(a) UV ray (b) X-ray (c) অবলোহিত রশ্মি (d) গামা রশ্মি
26. সরল সুদের হার বার্ষিক 7% হলে, 450 টাকা বেড়ে 576 টাকা হতে সময় লাগবে:
(a) 2 বছর (b) 4 বছর (c) 6 বছর (d) 8 বছর
27. একটি টেবিলের দাম একটি চেয়ারের দামের 4 গুণ। দু'টির দাম একসঙ্গে 1800 টাকা হলে একটি চেয়ারের দাম কত?
(a) 360 টাকা (b) 720 টাকা (c) 1500 টাকা (d) 1700 টাকা
28. কোনও সংখ্যার $\frac{1}{4}$ অংশ $\frac{1}{5}$ অংশ অপেক্ষা 20 বেশি হলে সংখ্যাটি কত?
(a) 300 (b) 400 (c) 500 (d) 600
29. তিন অঙ্কের কোন বৃহত্তম সংখ্যাকে 10, 12, 15 দিয়ে ভাগ করলে 4 ভাগশেষ থাকবে?
(a) 955 (b) 964 (c) 963 (d) 965
30. A, B, C, D -এর গড় বয়স 7 বছর। A, B, D ও X-এর গড় বয়স 8 বছর। C -এর বয়স 10 বছর হলে X-এর বয়স কত?
(a) 18 (b) 17 (c) 25 (d) 14
31. পিন্টু 1200 টাকা ব্যাঙ্কে রেখে কয়েক বছর পর 1800 টাকা ফেরত পেল। ব্যাঙ্কে আমানতের ওপর বার্ষিক 10% সরল সুদ দেয়। পিন্টুর টাকা কত বছর ব্যাঙ্কে ছিল?
(a) 5 (b) 6 (c) 4 (d) 7
32. কত টাকার আসলের 2 বছরে বার্ষিক 10% হারে চক্রবৃদ্ধি সুদ 105 টাকা?
(a) 300 (b) 450 (c) 500 (d) 600
33. একটি মেশিনের দাম 180000 টাকা। প্রতিবছর 10% হারে দাম হ্রাস পেলে তিন বছর পর মেশিনটির দাম কত হবে?
(a) 120553 (b) 123665 (c) 117575 (d) 131220
34. একটি শিশু বিকাশ কেন্দ্রে 4 জন মহিলা 4 দিনে 4টি খেলনা তৈরি করেন। 12 জন মহিলা 12 দিনে ক'টি খেলনা তৈরি করবেন?

এরপর এগারোর পাতায়

## পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. জলীয় বাষ্পকে জলকণায় রূপান্তর ঘটাতে সাহায্য করে:
(a) কার্বন (b) ধূলিকণা (c) হিলিয়াম (d) নাইট্রোজেন
2. 'ভাঙর' নামে পরিচিত:
(a) নবীন পলি মৃত্তিকা (b) ল্যাটেরাইট মৃত্তিকা (c) পার্বত্য মৃত্তিকা (d) প্রাচীন পলি মৃত্তিকা
3. পশ্চিমবঙ্গে কবে প্রথম রাষ্ট্রপতি শাসন জারি হয়েছিল?
(a) 1952 সালে (b) 1962 সালে (c) 1965 সালে (d) 1968 সালে
4. কোন গুপ্তরাজা নিজ মুদ্রায় নিজের 'লিচ্ছবি দৌহিত্র' নাম মুদ্রিত করেছেন?
(a) শ্রীগুপ্ত (b) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (c) সমুদ্রগুপ্ত (d) দ্বিতীয় জীবিত গুপ্ত
5. শেরশাহের হিন্দু সেনাপতি ছিলেন:
(a) বিজয়গুপ্ত (b) মানিকলাল (c) কর্ণদেব (d) ব্রহ্মজিৎ গৌড়
6. মণিপুরে অবস্থিত ভারতের একমাত্র ভাসমান অভয়ারণ্য হল:
(a) নকরেক ন্যাশনাল পার্ক (b) কেইবুল লামজাও ন্যাশনাল পার্ক (c) কাজিরাঙা ন্যাশনাল পার্ক (d) মানস ন্যাশনাল পার্ক
7. পশ্চিমবঙ্গের কোন শহরকে 'শৈল শহর' বলে?
(a) দার্জিলিং (b) জলপাইগুড়ি (c) কোচবিহার (d) হুগলি
8. হ্যালির ধূমকেতু কত বছর অন্তর দেখা যায়?
(a) প্রায় 50 বছর (b) প্রায় 66 বছর (c) প্রায় 76 বছর (d) প্রায় 100 বছর
9. বনভূমি ও পার্বত্য অঞ্চলের মৃত্তিকা কী নামে পরিচিত?
(a) লালমাটি (b) পলিমাটি (c) রেগুর (d) পডজল
10. নীচের কোন প্রাণী ইকোলোকেশনে সক্ষম?
(a) পায়রা (b) শিম্পি (c) বাদুড় (d) উট
11. জরায়ুজ অঙ্কুরোদ্গম দেখা যায় যে উদ্ভিদে সেটি হল:
(a) গরাণ (b) মটর (c) তেঁতুল (d) রেড়ি
12. আর্যদের প্রধান বাহন কী ছিল?
(a) ঘোড়া (b) গাধা (c) গোরু (d) হাতি
13. ভারতে যে প্রকার উদ্ভিদ সবচেয়ে বেশি পরিমাণে লক্ষ করা যায় তা হল:
(a) পাতাঝরা উদ্ভিদ (b) চিরসবুজ উদ্ভিদ (c) সরলবর্গীয় উদ্ভিদ (d) ম্যানগ্রোভ উদ্ভিদ
14. লোহার ভাগ বেশি থাকে:
(a) লাল মাটিতে (b) ল্যাটেরাইট মাটিতে (c) রেগুর মাটিতে (d) পডসল মাটিতে
15. ভারতের আর্থিক বছর শুরু হয় কোন তারিখ থেকে?
(a) 1 জানুয়ারি (b) 24 জানুয়ারি (c) 31 মার্চ (d) 1 এপ্রিল
16. কার প্রাব্যতার জন্য সোডার বোতল খুললে হিসহিস শব্দ হয়?
(a) অক্সিজেন (b) কার্বন ডাইঅক্সাইড (c) কার্বন মনোক্সাইড (d) নাইট্রোজেন ডাইঅক্সাইড
17. রক্তাল্পতা রোগের কারণ কী?
(a) রক্তে হিমোগ্লোবিনের অপ্রাচুর্যতা (b) রক্তে শ্বেতরক্তকণিকার অপ্রাচুর্যতা (c) রক্তে অনুচক্রিকার অপ্রাচুর্যতা (d) রক্ত ঘনীভূত হলে
18. ভারতে প্রথম রাজদ্রোহের মামলার আসামি কে?
(a) মদনলাল ধিংড়া (b) বাসুদেব বলবন্ত ফাড়কে (c) কানাইলাল দত্ত (d) সত্যেন বসু
19. ভারতের কোথায় কার্পাস গবেষণাগার আছে?
(a) কলকাতা (পশ্চিমবঙ্গ) (b) নাগপুর (মহারাষ্ট্র) (c) চিকমাগালুর (কর্নাটক) (d) জোড়হাট (অসম)
20. তৈতালি হল উচ্চকম্পনশীল:
(a) ধানবীজ (b) গমবীজ (c) পাটবীজ (d) কোনওটিই নয়
21. কোন শিল্পকে সমস্ত শিল্পের মেরুদণ্ড বলা হয়?
(a) লৌহ-ইস্পাত শিল্প (b) পেট্রো-রসায়ন শিল্প (c) বস্ত্র-বয়নশিল্প (d) ইঞ্জিনিয়ারিং শিল্প
22. হলদিঘাটের যুদ্ধে আকবরের পক্ষে প্রধান সেনাপতি ছিলেন:
(a) হিমু (b) আসফ খাঁ (c) বৈরাম খাঁ (d) মান সিংহ
23. বিজয়নগর রাজ্যের ধ্বংসাবশেষ বর্তমানে কোথায় দেখতে পাওয়া যায়?
(a) বিজাপুর (b) কাঞ্চি (c) হাম্পি (d) থাঞ্জাভুর
24. কুল্যান্ট (Coolant) হিসেবে কোন তরল ব্যবহৃত হয়?
(a) তরল হাইড্রোজেন (b) তরল অ্যামোনিয়া (c) তরল সালফার ডাইঅক্সাইড (d) তরল সোডিয়াম
25. মহাবীর কোন নদীর তীরে কৈবল্য লাভ করেন?
(a) নিরঞ্জনা (b) ঝিলাম (c) ঋজুপালিকা (d) কৃষ্ণা
26. কে সর্বপ্রথম অশোকের শিলালিপির পাঠোদ্ধার করেন?
(a) ক্যানিংহাম (b) ল্যাসেন (c) জেমস প্রিন্সেপ (d) কেউই নন
27. সুভাষচন্দ্র বসু গৃহত্যাগ করেন 1941-এর:
(a) 15 জানুয়ারি (b) 16 জানুয়ারি (c) 17 জানুয়ারি (d) 18 জানুয়ারি
28. জেটপ্লেন নিউটনের কোন গতিসূত্রানুযায়ী ক্রিয়া করে?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
29. দইয়ের স্বাদ টক হয় কার উপস্থিতিতে?
(a) টারটারিক অ্যাসিড (b) ল্যাকটিক অ্যাসিড (c) তেঁতুল (d) ভিনিগার
30. প্রাপ্তবয়স্ক মানুষের অস্থি-সংখ্যা:
(a) 306 (b) 106 (c) 206 (d) 226
31. চিরস্থায়ী বন্দোবস্তে জমিদারগণকে আদায়ীকৃত রাজস্বের কত শতাংশ কোম্পানিকে প্রদান করতে হত?
(a) পাঁচ শতাংশ (b) ছয়-সাত শতাংশ (c) নয়-দশ শতাংশ (d) কুড়ি শতাংশ
32. কে 'নীলদর্পণ' নাটক ইংরেজিতে অনুবাদ করেন?

এরপর তেরোর পাতায়

## পলিটেকনিকের প্রবেশিকা

# জেক্সপো

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ৩০ মে

**অঙ্ক**

1. একটি সংখ্যার দুই-তৃতীয়াংশের দুই -পঞ্চমাংশের তিন-চতুর্থাংশের মান 36 হলে ওই সংখ্যার চার-পঞ্চমাংশের বর্গমূল:
(a) 9 (b) 21 (c) 12 (d) 14
2. একটি আয়তাকার মেঝের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে 16.25 m এবং 12.75 m সবচেয়ে কমসংখ্যক বর্গাকৃতি টালি দ্বারা মেঝেকে আবৃত করতে টালির সংখ্যা:
(a) 315 (b) 3315 (c) 3513 (d) 5331
3. a, b, c, d সংখ্যা চারটির গড় 16, a, b, c -এর সমষ্টির অর্ধেক 23 হলে d-এর মান:
(a) 20 (b) 19 (c) 18 (d) 17
4. ABCD আয়তক্ষেত্রের AB = 3 cm এবং BD = 5 cm হলে, ABCD-র পরিসীমা:
(a) 12 cm (b) 16 cm (d) 18 cm (d) 14 cm
5. $(55)^{3.5} \times (55)^{x} = (55)^{8}$ হলে $x =$
(a) 2.25 (b) 2.75 (c) 3.5 (d) 4.5
6. চালের দাম প্রতি কিলোগ্রাম 30 টাকা থেকে 40 টাকায় বৃদ্ধি হলে একজন গৃহস্থকে চালের ব্যবহার শতকরা কত ভাগ কমালে খরচের বৃদ্ধি ঘটবে না?
(a) 25% (b) 19% (c) 12% (d) 32%
7. যদি $5x + y = 15$, $5y + z = 25$ এবং $2z + x = 2$ হয় তবে x-র মান:
(a) 5 (b) 4 (c) 3 (d) 2
8. একটি রাজ্যের জনসংখ্যা 160000, যদি জনসংখ্যা বৃদ্ধির বাৎসরিক হার 6% হয় তবে দু'বছর পরে জনসংখ্যা হবে:
(a) 268942 (b) 186935 (c) 167425 (d) 179776
9. তিনটি সংখ্যার প্রতিবারে দু'টি গুণফলের সমষ্টি 131। তিনটি সংখ্যার বর্গের সমষ্টি 138 হলে সংখ্যা তিনটির সমষ্টি:
(a) 25 (b) 20 (c) 22 (d) 30
10. A, B, C-র একটি অংশীদারি কারবারে A, 1200 টাকা 4 মাসের জন্য B, 1400 টাকা 8 মাসের জন্য এবং C, 1000 টাকা 10 মাসের জন্য বিনিয়োগ করে মোট 585 টাকা লাভ হল। B-র লভ্যাংশ (টাকায়):
(a) 195 (b) 252 (c) 225 (d) 212
11. যদি $x \propto yz^2$, $y \propto ab^2$ এবং $z \propto \frac{2}{a}$ হয় x-এর সঙ্গে a এবং b-এর সম্পর্ক:
(a) $x \propto ab$ (b) $x \propto \frac{a^2}{b}$ (c) $x \propto \frac{b^4}{a}$ (d) $x \propto \frac{b^2}{a}$
12. $\cos^2 x + \cos^4 x = 1$ হলে $\tan^2 x + \tan^4 x$-এর মান:
(a) 0 (b) 1 (c) 2 (d) 4
13. একটি রম্বসের কর্ণদ্বয় 15m এবং 20m হলে, রম্বসের বাহুর দৈর্ঘ্য:
(a) 12.5 m (b) 13 m (c) 14.5 m (d) 13.5 m
14. একটি সুষম বহুভুজের অন্তঃকোণগুলি সমষ্টি 1440° হলে প্রতিটি অন্তঃকোণের পরিমাপ:
(a) 288° (b) 216° (c) 144° (d) 72°
15. একটি জাহাজ কোনও স্থান থেকে উত্তরদিকে 20 km যাওয়ার পর পশ্চিমদিকে 15 km গেল, স্থানটি থেকে জাহাজের দূরত্ব (km এ)
(a) 17.5 (b) 22.5 (c) 25 (d) 27
16. k-এর কোন মানের জন্য $(7 - k)x + 5y = 13$ এবং $(7 - 9k)x$ $4y + 7 = 0$ সহ সমীকরণ দু'টির কোনও সমাধান সম্ভব নয়?
(a) $\frac{9}{7}$ (b) $-\frac{9}{7}$ (c) $\frac{7}{9}$ (d) $-\frac{7}{9}$
17. $\frac{(a-b)^2}{(b-c)(c-a)} + \frac{(b-c)^2}{(a-b)(c-a)} + \frac{(c-a)^2}{(a-b)(b-c)}$ -এর মান।
(a) 0 (b) 1 (c) 2 (d) 3
18. একটি দড়ির দ্বারা একটি বর্গক্ষেত্র তৈরি করলে বর্গক্ষেত্রের ক্ষেত্রফল হয় 22 $cm^2$; ওই দড়ির দ্বারা একটি বৃত্ত তৈরি করলে বৃত্তের ক্ষেত্রফল ($cm^2$ এককে):
(a) 22 (b) 24 (c) 28 (d) 35
19. 200 m লম্বা একটি ট্রেন 3 km/h বেগে সমান্তরাল পথে বিপরীত দিকে হেঁটে

এরপর বারোর পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) 12 (b) 20 (c) 24 (d) 36

35. একটি রেডিও 450 টাকায় বিক্রি করলে যত লাভ হয় 350 টাকায় বিক্রি করলে তত ক্ষতি হয়। রেডিওটির ক্রয়মূল্য কত?
(a) 200 টাকা (b) 300 টাকা (c) 400 টাকা (d) 500 টাকা

36. যিনি 600 মিটার রাস্তা 5 মিনিটে অতিক্রম করেন প্রতিঘণ্টায় তিনি কত কিলোমিটার যান?
(a) 5.2 (b) 6.2 (c) 7.2 (d) 4.2

37. একটি টিনে 20 লিটার কেরোসিন তেল আছে। টিনটিতে একটি ছিদ্র করা হল যা দিয়ে প্রতি সেকেন্ডে 2 মিলি তেল বেরিয়ে এলে 1 ঘণ্টা পরে কত লিটার তেল থাকবে?
(a) 7.2 (b) 10.5 (c) 9.6 (d) 12.8

38. 8টা ও 9 টার মধ্যে কখন ঘণ্টার কাঁটা এবং মিনিটের কাঁটা পরস্পরের সমকোণে থাকে?
(a) 8টা $5\frac{1}{11}$ (b) 8টা $5\frac{2}{11}$ (c) 8টা $5\frac{5}{11}$ (d) 8টা $6\frac{1}{11}$

39. কাল্পনিক সংখ্যাটি খুঁজে বের করুন।
(a) – 2 (b) 0 (c) $\sqrt{-2}$ (d) 1

40. 5% এর দশমিক মান নির্ণয় করুন।
(a) 0.5 (b) 0.05 (c) 0.005 (d) কোনওটিই নয়

41. 100 পর্যন্ত সমস্ত বিজোড় সংখ্যার গড় কত?
(a) 51 (b) 50 (c) 49 (d) 49.5

42. 80-এর 30%, 25-এর $\frac{4}{5}$ অংশের কত বেশি?
(a) 2 (b) 4 (c) 10 (d) 15

43. ক্ষুদ্রতম ভগ্নাংশ কোনটি?
(a) $\frac{9}{13}$ (b) $\frac{17}{26}$ (c) $\frac{28}{39}$ (d) $\frac{33}{52}$

44. $\frac{1}{0}$ -এর মান কত?
(a) 1 (b) 0 (c) $\infty$ (d) কোনওটাই নয়

45. একটি সংখ্যার $\frac{3}{8}$ অংশ এবং $\frac{2}{7}$ অংশের মধ্যে পার্থক্য 50। সংখ্যাটি হল:
(a) 500 (b) 520 (c) 540 (d) 560

46. 1 টাকার 1 মাসের সুদ 1 পয়সা হলে বার্ষিক সুদের হার কত?
(a) 6% (b) 8% (c) 12% (d) 1%

47. এক ব্যক্তি একটি ব্যাঙ্কে 200 টাকা রাখলেন এবং 2 বছর পরে মোট 242 টাকা ফেরত পেলেন। ব্যাঙ্কের চক্রবৃদ্ধি সুদের হার:
(a) 10% (b) 20% (c) 5% (d) $10\frac{1}{2}$ %

48. এখন থেকে 15 বছর পর এক ব্যক্তির বয়স 15 বছর আগে যা বয়স ছিল তার 4 গুণ হবে। বর্তমানে তার বয়স কত?
(a) 10 (b) 25 (c) 20 (d) কোনওটাই নয়

49. একটি সংখ্যার বর্গের $\frac{1}{2}$ অংশ থেকে সংখ্যাটি বিয়োগ করলে বিয়োগফল হয় 48। সংখ্যাটির বর্গমূল হল:
(a) 4 (b) 5 (c) 6 (d) 0

50. 15টি পুতুলের ক্রয়মূল্য 35 টাকা, 39টি পুতুলের ক্রয়মূল্য কত টাকা?
(a) 90 (b) 91 (c) 92 (d) কোনওটাই নয়

51. 5, 10, 17, 26, 37, ... এই সিরিজের পরবর্তী সংখ্যাটি কী?
(a) 40 (b) 30 (c) 26 (d) 50

52. ABY, CEY, FIY, JNY, .... —এই সিরিজের পরবর্তী অক্ষরবন্ধ:
(a) OTZ (b) OPY (c) OSY (d) OTY

53. 4, 10, 22, 46, 96, 190, 382-এর মধ্যে বিসদৃশ কোনটি?
(a) 4 (b) 22 (c) 46 (d) 96

54. নীচের কোনটি আলাদা?
(a) সচিব (b) কমিটি (c) প্যানেল (d) পর্ষদ

55. PEN = 123, HELP = 4278, COW = 956
PEOPLE = ?
(a) 1217253 (b) 125127 (c) 125172 (d) 125721

56. পরীক্ষা : পরীক্ষার্থী, ভ্রমণ : ?
(a) যাযাবর (b) বাস (c) পর্যটক (d) চাঁদ

57. বিকাশবাবুর মেয়ে-জামাই অতসী ও বীরেন। মানসী ও ঋক যথাক্রমে বিকাশবাবুর স্ত্রী ও শ্যালক। ঋকের বোনপো তাতাই। তাতাই ও বীরেনের মধ্যে কী সম্পর্ক?
(a) দাদু-নাতি (b) বাবা-ছেলে (c) শ্যালক-ভগিনীপতি (d) মামা-ভাগনে

58. একটি গন্ডার তার যাত্রাপথের প্রারম্ভিক বিন্দু থেকে দক্ষিণ দিকে 35 কিলোমিটার গিয়ে বাঁদিকে বাঁক নিল। 17 কিলোমিটার যাওয়ার পর আবার বাঁদিকে বাঁক নিয়ে পূর্ব পথের সমান্তরালে 35 কিলোমিটার পথ অতিক্রম করল। প্রারম্ভিক বিন্দু থেকে এখন তার দূরত্ব কত?
(a) 15 কিলোমিটার (b) 17 কিলোমিটার (c) 18 কিলোমিটার (d) 52 কিলোমিটার

59. এখন থেকে 2 ঘণ্টা পরে মধ্যরাত হতে যত সময় লাগবে এখন থেকে 1 ঘণ্টা পর মধ্যরাত হতে তার দ্বিগুণ সময় লাগবে। এখন ক'টা বাজে?
(a) রাত 1টা (b) রাত 10টা (c) রাত 9টা (d) রাত 11টা

60.




(a) 27 (b) 35 (c) 47 (d) 9

61. A, B, C তিন বোন। D হল E-এর ভাই। E, B-এর কন্যা। A ও D -এর সম্পর্ক কী?
(a) মা (b) পিসিমা (c) মাসিমা (d) বোন

62.



মোট ত্রিভুজের সংখ্যা:
(a) 8 (b) 10 (c) 11 (d) 12

63.




A-এর বিপরীতে কোন অক্ষর বসবে?
(a) B (b) C (c) E (d) D

64. নীচের কোন ছবিটি বিচারক, চোর ও সমাজবিরোধীর মধ্যে সম্পর্ক বোঝাবে?



(a) (b) (c) (d)

65.




66. নীচের চিত্রগুলির কোনটির মধ্যে বৈসাদৃশ্য আছে?



(a) (b) (c) (d) (e)

67. UNDERSTAND = 1234567823
START = ?
(a) 56781 (b) 83243 (c) 73652 (d) 67857

68.




(a) 14 (b) 22 (c) 32 (d) 320

69. বিষম সংখ্যাটি খুঁজে বের করুন।
24, 27, 31, 33, 36
(a) 24 (b) 27 (c) 31 (d) 33

70. সৌমিত্র এক ভদ্রমহিলাকে দেখিয়ে বলল 'উনি আমার ভাইয়ের স্ত্রীর শাশুড়ি'। ভদ্রমহিলা সৌমিত্রের কে হন?
(a) শাশুড়ি (b) মা (c) কাকিমা (d) ভাগনি

71. Gold : Goldsmith : : Leather : ?
(a) Cleaner (b) Painter (c) Cobbler (d) Butcher

72. নীচের কোনটি আলাদা?
(a) পাউন্ড (b) প্রাকমা (c) পয়সা (d) ইয়েন

73. উপযুক্ত অক্ষর বসিয়ে শূন্যস্থান পূরণ করুন।
abca ___ bcaab ___ ca ___ bbc ___ a
(a) abac (b) abba (c) ccaa (d) bbaa

74. B, F, K, Q, ?
(a) A (b) D (c) X (d) S

75. 5 জন বৃত্তাকারে দাঁড়িয়ে আছে। A দাঁড়িয়ে B ও C-এর মাঝখানে, D, E-এর বাঁদিকে এবং B, D-এর বাঁদিকে। A-এর ডানদিকে কে দাঁড়িয়ে?
(a) B (b) C (c) D (d) E

76. নয়দিন আগে শঙ্খ সিনেমা দেখতে গিয়েছিল। সেদিন ছিল বৃহস্পতিবার। আজ তবে কী বার?
(a) বৃহস্পতি (b) শনি (c) রবি (d) মঙ্গল

77. কোনটি পৃথক?
(a) জিঙ্ক (b) ব্রোঞ্জ (c) সিলভার (d) প্ল্যাটিনাম

78. যদি + = ×, − = +, × = ÷, ÷ = − হয় তাহলে
15 × 5 ÷ 3 + 1 − 1 = ?
(a) − 1 (b) − 2 (c) 3 (d) 1

79. বিহু ও আঁখি সাইকেল নিয়ে প্রথমে উত্তরদিকে গেল। তারপর বাঁদিকে ঘুরে পূর্ব পথের সমান্তরালে 2 কিলোমিটার গিয়ে দেখল যে তারা পূর্বে অবস্থানের পশ্চিমদিকে মাত্র 1 কিলোমিটার দূরে আছে। উত্তরে তারা কত কিলোমিটার গিয়েছিল?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

80. 1997 সালের 18 ফেব্রুয়ারি মঙ্গলবার হলে, 1999 সালের 18 ফেব্রুয়ারি কী বার?
(a) সোমবার (b) মঙ্গলবার (c) বৃহস্পতিবার (d) শুক্রবার

81. ঘনা দা কার সৃষ্টি?
(a) প্রেমেন্দ্র মিত্র (b) সুকুমার রায় (c) নারায়ণ সান্যাল (d) লীলা মজুমদার

82. নীচের কোন রাজ্যে কোনও এয়ারপোর্ট নেই?
(a) গোয়া (b) বিহার (c) অরুণাচল প্রদেশ (d) সিকিম

83. প্রথম প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ হল:
(a) C (b) Basic (c) COBOL (d) FORTRAN

84. আন্তর্জাতিক অর্থনীতির দৃষ্টিকোণ থেকে তৃতীয় বিশ্ব বলতে বোঝায়:
(a) আমেরিকা (b) ফ্রান্স (c) উন্নয়নশীল দেশসমূহ (d) উন্নত দেশসমূহ

85. ভারতের সপ্তদশ অর্থ কমিশনের সচিব কে?
(a) মিথিলেশ শর্মা (b) এন কে সিং (c) সি রঙ্গরাজন (d) ভি রাজাগোপালন

86. স্যাক্রেডগেমস ওয়েব সিরিজের পরিচালক কে?
(a) রাজ চক্রবর্তী (b) করণ জোহর (c) মেঘনা গুলজার (d) অনুরাগ কশ্যপ-বিক্রমাদিত্য মোটওয়ানে

87. প্রথম মহিলা ব্যালন ডি অঁর বিজেতা কে?
(a) শান্তা ঘোষ (b) সেরেনা উইলিয়ামস (c) এডা হেগেরবার্গ (d) মেরি কম

88. পৃথিবীর ক্ষুদ্রতম রাষ্ট্র কোনটি?
(a) মোনাকো (b) ভ্যাটিকান সিটি (c) লাইমটেনটাইন (d) পেরু

89. কৃষ্ণের শঙ্খের নাম কী?
(a) পাঞ্চজন্য (b) সাত্যকি (c) গাণ্ডীব (d) উলুপি

90. UNESCO-এর সদর দফতর কোথায়?
(a) মস্কো (b) নিউ ইয়র্ক (c) অসলো (d) প্যারিস

91. বাবর তাঁর আত্মজীবনী কোন ভাষায় লেখেন?
(a) আরবি (b) তুর্কি (c) ফারসি (d) ভোজপুরি

92. পৃথিবীতে কোন ভাষায় সবথেকে বেশি মানুষ কথা বলেন?
(a) ইংরেজি (b) স্প্যানিশ (c) বাংলা (d) মান্দারিন

93. ভারতের প্রথম পরমাণু শক্তিকেন্দ্র কোনটি?
(a) কালাপক্কম (b) নারোরা (c) কোটা (d) তারাপুর

94. পশ্চিমবঙ্গের কোথায় জাহাজ তৈরি এবং অ্যাসেম্বল হয়?
(a) গার্ডেনরিচ (b) গোবরডাঙ্গা (c) ডানকুনি (d) বসিরহাট

95. 'Habeas Corpus' কথাটির অর্থ হল:
(a) You may have the body (b) You may detain a person (c) You may release a person (d) None of the above

96. সংবিধানের কোন ধারায় সংবাদপত্রের স্বাধীনতার কথা বলা হয়েছে?
(a) 19 (b) 15 (c) 14 (d) 22

97. শেষ ওয়ানডে বিশ্বকাপ (মহিলা) ক্রিকেটে ভারত ফাইনালে কার কাছে পরাজিত হয়?
(a) অস্ট্রেলিয়া (b) ইংল্যান্ড (c) পাকিস্তান (d) ওয়েস্ট ইন্ডিজ

98. ভারতে কেন্দ্রীয় স্তরে পরিবেশ দূষণ রোধে গঠিত বোর্ডের নাম কী?
(a) Zoological Society (b) Central Pollution Control Board (c) National Pollution Board (d) Environment Protection of India

99. সত্যজিৎ রায়ের কোন সিনেমা দূরদর্শনের মাধ্যমে দেখিয়ে ভারতে রঙিন দূরদর্শনের সূচনা হয়?
(a) খিলাড়ি (b) সদগতি (c) অশনিসংকেত (d) জনঅরণ্য

100. ফাদার ব্রাউন চরিত্রের স্রষ্টা কে?
(a) জিকে চেস্টারসন (b) আগাথা ক্রিস্টি (c) এসি ডয়েল (d) এডগার অ্যালন পো

### উত্তর

1(b), 2(d), 3(c), 4(c), 5(b), 6(c), 7(d), 8(d) 9(b), 10(b), 11(d), 12(c), 13(c), 14(b), 15(b), 16(d), 17(a), 18(b), 19(b), 20(b), 21(b), 22(a), 23(c), 24(a), 25(c), 26(b), 27(a), 28(b), 29(c), 30(d), 31(a), 32(c), 33(d), 34(d), 35(c), 36(c), 37(d), 38(c), 39(c), 40(b), 41(b), 42(b), 43(d), 44(c), 45(d), 46(c), 47(a), 48(b), 49(d), 50(b), 51(d), 52(d), 53(d), 54(a), 55(c), 56(c), 57(b), 58(d), 59(b), 60(b), 61(c), 62(d), 63(d), 64(b), 65(a), 66(b), 67(d), 68(c), 69(c), 70(b), 71(c), 72(c), 73(a), 74(c), 75(b), 76(b), 77(b), 78(a), 79(b), 80(c), 81(a), 82(c), 83(d), 84(c), 85(b), 86(d), 87(c) 88(b), 89(a), 90(d), 91(b), 92(d), 93(d), 94(a), 95(a), 96(a), 97(b), 98(b), 99(b), 100(a),

### সমাধান

26(b): আসল 450 টাকা
সুদ + আসল 576 টাকা
সুদ (576 – 450) টাকা = 126 টাকা

| আসল | সময় | মোট সুদ |
|---|---|---|
| 100 | 1 | 7 |
| 450 | x | 126 |

$x = 1 \times \frac{126}{7} \times \frac{100}{450} = \frac{1800}{450} = 4$ বছর।

27(a): চেয়ার x, টেবিল 4x
5x = 1800 টাকা, $x = \frac{1800}{5}$ টাকা = 360 টাকা।

28(c): Let the number is x
$\therefore \frac{x}{4} - \frac{x}{5} = 20 \therefore x = 400.$

30(d): A + B + C + D = 7 × 4 = 28 বছর
A + B + D + x = 8 × 4 = 32 বছর
C = 10 বছর
$\therefore$ A + B + D = 28 – 10 = 18 বছর $\therefore$ X = 32 – 18 = 14 বছর।

31(a): (1800 – 1200) = 600 টাকা
100 টাকার 10 টাকা সুদ হয় 1বছরে
সুতরাং, 1200 টাকার 600 টাকা সুদ হয় $\frac{(600 \times 100)}{1200 \times 10} = 5$ বছরে।

32(c): ধরি, আসল 100 টাকা
100 টাকার 2 বছরে চক্রবৃদ্ধি সুদ সহ আসল হবে $100 \times \frac{110}{100} \times \frac{110}{100} = 121$
চক্রবৃদ্ধি সুদ 121 – 100 = 21 টাকা
$\therefore \frac{105}{21} \times 100 = 500$ টাকা।

33(d): প্রথম বছর দাম কমে হবে $\frac{90}{100} \times 180000 = 162000$
দ্বিতীয় বছর $\frac{90}{100} \times 162000 = 145800$
তৃতীয় বছর $\frac{90}{100} \times 145800 = 131220.$

34(d): 4 জন 4 দিনে 4টি খেলনা তৈরি করে

এরপর বারোর পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পলিটেকনিকের প্রবেশিকা জেক্সপো

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

যাওয়া এক পথচারীকে 10 s এ সম্পূর্ণ অতিক্রম করে, km/h এককে ট্রেনের গতিবেগ:

(a) 72 (b) 69 (c) 66 (d) 63

20. একটি সমকোণী ত্রিভুজের পরিসীমা 60 cm এবং অতিভুজের দৈর্ঘ্য 26 cm হলে, ত্রিভুজের ক্ষেত্রফল ($cm^2$ এককে)

(a) 120 (b) 240 (c) 390 (d) 780

21. $2x+\frac{2}{x}=3$ হলে, $x^3+\frac{1}{x^3}+\frac{17}{8}$ -এর মান হবে:

(a) 0 (b) $\frac{1}{8}$ (c) 1 (d) 8

22. $\frac{5}{(x+1)(2x+1)}$ -কে $\frac{A}{x+1}+\frac{B}{2x+1}$ এর আকারে লিখলে (A, B) =

(a) (5, 10) (b) (5, – 10) (c) (–5, 10) (d) (– 5, – 10)

23. একটি ত্রিভুজের দু'টি কোণ 105° এবং $\frac{\pi}{12}$ হলে, তৃতীয় কোণটির বৃত্তীয় মান:

(a) $\frac{\pi}{3}$ (b) $\frac{2\pi}{3}$ (c) $\frac{\pi}{4}$ (d) $\frac{7\pi}{12}$

24. কিছু পরিমাণ টাকা A, B, C-র মধ্যে এমনভাবে ভাগ করা হল যে, A, 100 টাকা পেলে B পায় 65 টাকা এবং C-এর প্রাপ্য 40 টাকা, C-এর অংশ 800 টাকা হলে মোট টাকার পরিমাণ (টাকায়):

(a) 3600 (b) 3900 (c) 4100 (d) 4300

25. একটি উলম্ব খুঁটির ছায়ার দৈর্ঘ্য খুঁটির উচ্চতার $\sqrt{3}$ গুণ। সূর্যের উন্নতি কোণ:

(a) 30° (b) 45° (c) 60° (d) কোনওটাই নয়

### পদার্থবিদ্যা ও রসায়ন

1. পৃথিবীর অভিকর্ষ বল চাঁদের অভিকর্ষজ বলের:

(a) $\frac{1}{6}$ গুণ (c) $\frac{1}{3}$ গুণ (c) 3 গুণ (d) 6 গুণ

2. 0° c উষ্ণতায় 10g বরফকে 100° c উষ্ণতার বাষ্পে পরিণত করতে প্রয়োজনীয় তাপের পরিমাণ Kcal (এককে):

(a) 7.17 (b) 71.7 (c) 76.3 (d) 7.63

3. একটি ট্রেন মোট অতিক্রান্ত দূরত্বের প্রথম অর্ধেক দূরত্ব 80 kph গড় দ্রুতিতে এবং শেষ অর্ধেক দূরত্ব 120 kph গড় দ্রুতিতে অতিক্রম করল। সমগ্র যাত্রাপথে ট্রেনের গড় দ্রুতি:

(a) 10 kph (b) 102 kph (c) 96 kph (d) 98 kph

4. 10 g ভরের একটি স্থির বস্তুর ওপর F একক বল প্রযুক্ত হওয়ায় 5 s-এ বস্তুটির বেগ 15 $cm.s^{-1}$ হল। F-এর মান:

(a) 20 dyne (b) 25 dyne (c) 30 dyne (d) 35 dyne

5. কোনও গতিশীল বস্তুর ভর (m), ভরবেগ (p) এবং গতিশক্তি (E)-এর সম্পর্ক E =

(a) $\frac{mp^2}{2}$ (b) $\frac{2m}{p}$ (c) $\frac{2m}{p^2}$ (d) $\frac{p^2}{2m}$

6. একটি যন্ত্র 20 kg.wt বল প্রয়োগ করে 200 kg.wt ভার তোলে, যন্ত্রটির যান্ত্রিক সুবিধা হল:

(a) 4000 (b) 220 (c) 180 (d) 10

7. শূন্য মাধ্যমে আলোর বেগ $v_0$ এবং কোনও মাধ্যমে আলোর বেগ v হলে, ওই $v_0$ মাধ্যমের পরম প্রতিসরাঙ্ক =

(a) $\frac{v}{v_0}$ (b) $\frac{v_0}{v}$ (c) $v \times v_0$ (d) $v + v_0$

8. কোনও তরঙ্গের কম্পাঙ্ক 400 Hz এবং তরঙ্গ দৈর্ঘ্য 4 m হলে $m.s^{-1}$ এককে তরঙ্গের বেগ হবে:

(a) 400 (b) 100 (c) 1600 (d) 25

9. একটি প্রোটন একটি ইলেকট্রনের তুলনায় কত গুণ ভারী?

(a) 1836 (b) 1837 (c) 1838 (d) 1839

10. অপরিবর্তিত চাপে n মোল গ্যাসের আয়তন 0° c t° c উষ্ণতায় যথাক্রমে $v_o$ এবং $v_t$ হলে, $v_t$ =

(a) $tv_o$ (b) $\left(\frac{273+t}{273}\right)v_o$ (c) $\left(\frac{273}{273+t}\right)v_o$ (d) $\left(\frac{t}{273}\right)v_o$

11. সঠিক শব্দবন্ধ দ্বারা শূন্যস্থান পূরণ করুন:

কোনও মৌলের একটি অণুর ভর এবং কার্বনের C–12 আইসোটোপের ভরের ____ অংশের অনুপাতকে ওই মৌলের আণবিক ভর বলা হয়।

(a) $\frac{1}{2}$ (b) $\frac{1}{4}$ (c) $\frac{1}{8}$ (d) $\frac{1}{12}$

12. STP-তে 22.4L $CO_2$ গ্যাসে অণুর সংখ্যা $6.002 \times 10^{23}$ হলে STP-তে 11.2L $O_2$ গ্যাসে অণুর সংখ্যা:

(a) $6.022 \times 10^{23}$ (b) $3.011 \times 10^{23}$ (c) $6.022 \times 10^{22}$ (d) $3.011 \times 10^{22}$

13. 50 g $CaCO_3$ খোলা জায়গায় উত্তপ্ত করলে ওজন হ্রাসের পরিমাণ = [Ca = 40, C = 12, O = 16]

(a) 25g (b) 26g (c) 27g (d) 28g

14. একটি পারদ থার্মোমিটার বরফে –2° c পাঠ দেখায় ও ফুটন্ত জলে 97° c পাঠ দেখায়। এই থার্মোমিটার যখন 31° c পাঠ দেখায় তখন সেলসিয়াস স্কেলে সঠিক তাপমাত্রা:

(a) $\left(\frac{100}{3}\right)^o$ C (b) $\left(\frac{98}{3}\right)^o$ C (c) 33° C (d) $\left(\frac{101}{3}\right)^o$ C

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

এগারোর পাতার পর

1 জন 4 দিনে $\frac{4}{4}$ টি খেলনা তৈরি করে

1 জন 1 দিনে $\frac{4}{4 \times 4}$ টি খেলনা তৈরি করে

12 জন 1 দিনে $\frac{12 \times 4}{4 \times 4}$ টি খেলনা তৈরি করে

12 জন 12 দিনে $\frac{4 \times 12 \times 12}{4 \times 4}$ টি খেলনা তৈরি করতে = 36টি খেলনা তৈরি করে।

35(c): ধরি ক্রয়মূল্য x

∴ 450 – x = x – 350, 2x = 800, x = 400.

36(c): 5 মিনিটে যান 600 মিটার

∴ 60 মিনিটে যান $\frac{600 \times 60}{5}$ মিটার = 7200 মিটার = 7.2 কিলোমিটার।

37(d): 1 সেকেন্ডে তেল বেরয় 2 ml

60 × 60 সেকেন্ডে তেল বেরয় 2(60 × 60) ml = 7200 ml = 7.2 ℓ

∴ তেল থাকবে 20 – 7.2 = 12.8 ℓ

38(c): 8টার সময় মিনিটের কাঁটা 20 মিনিট স্পেস এগিয়ে থাকে

এই অবস্থায় মিনিটের কাঁটা (20 – 15) = 5 মিনিট স্পেস এগিয়ে থাকবে

35 মিনিট এগিয়ে থাকে $\frac{60}{11} \times 5$ মিনিট $= 5\frac{5}{11}$ মিনিট

∴ 8টা $\frac{5}{11}$ মিনিটে কাঁটা দুটি সমকোণে থাকবে।

39(c): $\sqrt{-2}$

40(b): $\frac{5}{100} = .05$.

41(b): $\sum_{i=1}^{n}(2i-1) = 1+3+5+\ldots(2n-1) = n^2$

S = 1 + 3 + 5 + ... + 99

S = 1 + 3 + 5 + ... + (2x – 1) = $n^2$

99 = 2n – 1, n = 50.

42(b): 80 এর 30% = 24

25 এর $\frac{4}{5} = 20$

Difference 4.

43(d): হরগুলির ল.সা.গু. 156

$\frac{9}{13}=\frac{9\times12}{13\times12}=\frac{108}{156}$, $\frac{17}{26}=\frac{17\times6}{26\times6}=\frac{102}{156}$

$\frac{28}{39}=\frac{28\times4}{39\times4}=\frac{112}{156}$, $\frac{33}{52}=\frac{33\times3}{52\times3}=\frac{99}{156}$ ক্ষুদ্রতম।

45(d): Let the number x

$\frac{3x}{8}-\frac{2x}{7}=50$

$21x - 16x = 56 \times 50$, $x=\frac{56\times50}{5}=560$.

46(c): 1 টাকার 1 মাসের সুদ 1 পয়সা

∴ 100 টাকার 12 মাসের সুদ = 1200 পয়সা = 12 টাকা ∴ বার্ষিক সুদ 12%.

47(a) P = 200, x = 2

সমূল চক্রবৃদ্ধি = 242, $P\left(1+\frac{r}{100}\right)^x$ = সমূল চক্রবৃদ্ধি

$200\left(1+\frac{r}{100}\right)^2 = 242$, $\frac{100+r}{100}\times\frac{100+r}{100}=\frac{242}{200}$ ∴ $(100+r)^2 = 12100$

or, $100 + r = \sqrt{12100} = 110$ ∴ r = 10%.

48(b): ধরি, বর্তমান বয়স x

প্রশ্নানুযায়ী 4(x – 15) = x + 15

4x – x = 60 + 15 = 75, x = 25.

49(d): $\frac{x^2}{2} - x = 48$, $x^2 - 2x - 96 = 0$.

50(b): 39টি পুতুলের ক্রয়মূল্য $\frac{35\times39}{15} = 91$.

51(d): 5 $\xrightarrow{+5}$ 10 $\xrightarrow{+7}$ 17 $\xrightarrow{+9}$ 26 $\xrightarrow{+11}$ 37 $\xrightarrow{+13}$ 50.

52(d): A $\xrightarrow{B+1}$ C, C $\xrightarrow{DE+2}$ F, F $\xrightarrow{GHI+3}$ J $\xrightarrow{KLMN+4}$ O

B $\xrightarrow{CD+2}$ E, E $\xrightarrow{FGH+3}$ I, I $\xrightarrow{JKLM+4}$ N,

N $\xrightarrow{OPQRS+5}$ T

53(d): এই সিরিজে একমাত্র 96-কে 3 দিয়ে বিভাজিত করা যায়।

55(c):

| P | E | N | | H | E | L | P | | C | O | W |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | | ↓ | ↓ | ↓ | ↓ | | ↓ | ↓ | ↓ |
| 1 | 2 | 3 | | 4 | 2 | 7 | 8 | | 9 | 5 | 6 |

| P | E | O | P | L | E |
|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 1 | 2 | 5 | 1 | 7 | 2 |

57(c):




58(d): ত্রিভুজের দু'টিবাহুর সমষ্টি তৃতীয় বাহুর সমান এই সূত্রানুযায়ী প্রারম্ভিক বিন্দু থেকে গন্তব্যটির দূরত্ব 35 + 17 = 52 km.

59(b): 10টা থেকে 12 টা → 2 ঘণ্টা
11টা থেকে 12 টা → 1 ঘণ্টা ↑ double

60(b): 4 $\xrightarrow{+1}$ 5 $\xrightarrow{+2}$ 7 $\xrightarrow{+4}$ 11 $\xrightarrow{+8}$ 19 $\xrightarrow{+16}$ 35.

61(c):




65(a): বেঞ্জিন রিংটিতে বন্ডগুলো ক্লকওয়াইজ ঘুরছে।

66(b): একমাত্র b-তে বিন্দুগুলো কোণগুলোতে আছে।

67(d):

| U | N | D | E | R | S | T | A | N | D |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 2 | 3 |

| S | T | A | R | T |
|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 6 | 7 | 8 | 5 | 7 |

69(c): একমাত্র 31 এখানে 3-এর গুণিতক নয়।

72(c): পয়সা কোনও দেশের মুদ্রার নাম নয়।

74(c): B $\xrightarrow{+3}$ F $\xrightarrow{+4}$ K $\xrightarrow{+5}$ Q $\xrightarrow{+6}$ X.

75(b):




∴ A-এর ডানদিকে C দাঁড়িয়ে আছে।

78(d): চিহ্ন পরিবর্তনের পর 15 ÷ 5 – 3 × 1 + 1 = 1.

প্রস্তুত করেছেন: রায়া দেবনাথ

---

15. m ভরের কোনও বস্তুর উপাদানের আপেক্ষিক তাপ s হলে SI-তে ওই বস্তুর জলসমের সাংখ্যমান =

(a) ms একক (b) $\frac{m}{s \times 4200}$ একক (c) $\frac{ms}{4200}$ একক (d) $\frac{4200}{ms}$ একক

16. নীচের বিবৃতির কোনটি ভুল?

(a) কোনও বস্তুর তাপগ্রাহিতা ও জলসমের সাংখ্য মান সমান (b) এই একক দ্বারা কোনও বস্তুর তাপগ্রাহিতা ও জলসম পরিমাপের একক করা হয় (c) তাপগ্রাহিতার একক cal/gm° c এবং জলসমের একক gm (d) তাপগ্রাহিতা ও জলসম নির্ণয়ে উপাদানের আপেক্ষিক তাপের ভূমিকা থাকে

17. একটি দ্বিগুণ দৈর্ঘ্য ও দ্বিগুণ ব্যাসের তারের মধ্য দিয়ে একই সময় ধরে একই পরিমাণ তড়িৎ প্রবাহিত করলে উৎপন্ন তাপ পূর্বের তাপের ——— হবে। নীচের শব্দগুলি থেকে সঠিক শব্দ বাছাই করুন।

(a) দ্বিগুণ (b) চারগুণ (c) অর্ধেক (d) সমান

18. β কণা হল দ্রুতগামী:

(a) ইলেকট্রন (b) প্রোটন (c) নিউট্রন (d) এদের কোনওটিই নয়

19. $MnO_2$ একটি:

(a) পরা অনুঘটক (b) অপরা অনুঘটক (c) স্বয়ং অনুঘটক (d) অনুঘটক বিষ

20. গ্রিন ভিট্রিয়লের প্রতি অণু কেলাসে কেলাস জলের অণুর সংখ্যা:

(a) 5 (b) 7 (c) 16 (d) 24

21. 30° C তাপমাত্রায় 20 g জলে 90 g $KNO_3$ দ্রবীভূত করলে সম্পৃক্ত দ্রবণ পাওয়া যায়। ওই তাপমাত্রায় $KNO_3$-র দ্রাব্যতা:

(a) 900 g (b) 750 g (c) 600 g (d) 450 g

22. HCl + NaOH = NaCl + $H_2O$ এটি একটি:

(a) বিয়োজন বিক্রিয়া (b) যুত বিক্রিয়া (c) প্রশমন বিক্রিয়া (d) পুনর্গঠন বিক্রিয়া

23. গাঢ় HCl থেকে $Cl_2$ প্রস্তুতিতে $MnO_2$-র ভূমিকা

(a) জারক রূপে (b) বিজারক রূপে (c) ধনাত্মক অনুঘটকরূপে (d) ঋণাত্মক রূপে

24. লঘু $H_2SO_4$ দ্রবণে ফেনলপথ্যালিন দিলে:

(a) দ্রবণের বর্ণ লাল হয় (b) দ্রবণের বর্ণ কমলা হয় (c) দ্রবণ বর্ণহীন হয় (d) দ্রবণের বর্ণের কোনও পরিবর্তন হয় না

25. আয়রন পাইরাইটিসের রাসায়নিক সংকেত:

(a) FeO (b) $Fe_2O_3$ (c) FeS (d) $FeS_2$

### উত্তর

**অঙ্ক:** 1(c), 2(b), 3(c), 4(d), 5(d), 6(a), 7(d), 8(d), 9(b), 10(b), 11(c), 12(b), 13(a), 14(c), 15(c), 16(a), 17(d), 18(c), 19(b), 20(a), 21(c), 22(c), 23(a), 24(c), 25(a).

**পদার্থবিদ্যা ও রসায়ন: পদার্থবিদ্যা ও রসায়ন:** 1(d), 2(a), 3(c), 4(c), 5(d), 6(d), 7(b), 8(c), 9(a), 10(b), 11(d), 12(b), 13(d), 14(a), 15(c), 16(b), 17(c), 18(a), 19(a), 20(b), 21(d), 22(c), 23(a), 24(d) 25(d).

### সমাধান

**অঙ্কের**

1(c): সংখ্যাটি = x, $\frac{2}{3}\cdot\frac{2}{5}\cdot\frac{3}{4}(x) = 36$

$\frac{1}{5}(x) = 36 \Rightarrow \frac{4}{5}(x) = 4 \times 36$

$=\sqrt{\frac{4}{5}(x)} = \sqrt{4\times36} = 2\times6 = 12$.

এরপর তেরোর পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পলিটেকনিকের প্রবেশিকা
# জেক্সপো

*বারোর পাতার পর*

2(b): বর্গাকৃতি টালির বাহুর সর্বোচ্চ পরিমাপ = (16.25, 12.75) m এর গ.সা.গু

$= (16\frac{1}{4}, 12\frac{3}{4}) = (\frac{65}{4}, \frac{51}{4})$

$= \frac{(65, 51)\text{-এর গ.সা.গু.}}{(4, 4)\text{-এর ল.সা.গু.}} = \frac{1}{4}$ m

সর্বনিম্ন টালির সংখ্যা = $\frac{\text{মেঝের ক্ষেত্রফল}}{\text{টালির ক্ষেত্রফল}}$

$= \frac{(65/4).(51/4)}{(1/4).(1/4)} = 65 \times 51 = 3315.$

3(c): $\frac{a+b+c+d}{4} = 16 \Rightarrow a+b+c+d = 64$ ... (i)

$\frac{1}{2}(a+b+c) = 23 \Rightarrow a+b+c = 46$ ... (ii)

(ii) ... (i) , d = 64 − 46 = 18.

4(d): $AD^2 = BD^2 - AB^2$

$= 25 - 9 = 16$

$\Rightarrow AD = 4$ cm




পরিসীমা = 2(3 + 4) = 14 cm.

5(d): $(55)^{3.5+x} = (55)^8$

$\Rightarrow 3.5 + x = 8 \Rightarrow x = 8 - 3.5 = 4.5.$

6(a): বর্ধিত মূল্য = $\frac{40}{30}$ × প্রাথমিক মূল্য

চালের ব্যবহার কমাতে হবে $\frac{30}{40}$ × প্রাথমিক ব্যবহার ∴ চাল ব্যবহারের শতকরা মাত্রার হ্রাস $= \left(1 - \frac{30}{40}\right) \times 100\% = \left(\frac{1}{4} \times 100\right)\% = 25\%.$

7(d): 25 x + 5y = 75

$$\begin{array}{rl} - \quad 5y + z = & 25 \\ \hline 25x - z = & 50 \\ 50x - 2z = & 100 \\ + \; x + 2z = & 2 \\ \hline 51x = & 102 \Rightarrow x = 2 \end{array}$$

8(d): দু'বছর পরে জনসংখ্যা $= 160000\left(1 + \frac{6}{100}\right)^2 = 160000 \times \frac{106 \times 106}{100 \times 100}$

= 16 × 106 × 106 = 179776 [ যে option এ এককের ঘরে 6 আছে সেটি নিতে হবে 6 × 6 × 6 = 6]

9(b): সংখ্যা তিনটি x, y, z

$xy + yz + zx = 131, x^2 + y^2 + z^2 = 138$

$(x + y + z)^2 = (x^2 + y^2 + z^2) + 2(xy + yz + zx) = 138 + 2.131 = 400$

$\Rightarrow x + y + z = 20.$

10(b): A : B : C = (1200 × 4) : (1400 × 8) : (1000 × 10)

= 48 : 112 : 100

B-র লভ্যাংশ $= \frac{112}{48+112+100} \times 585 = \frac{112}{260} \times 585 = \frac{112}{20} \times 45$

$= \frac{28}{5} \times 45 = 28 \times 9 = 252$ টাকা।

11(c): $x = kyz^2, y = k_1ab^2, z = k^2\frac{b}{a}$

$x = k(k_1 ab^2) \times (k_2^2 \frac{b^2}{a^2}) = k_1 K_2^2 \frac{b^4}{a}$

$x \propto \frac{b^4}{a}$ যেহেতু $k k_1 k_2^2$ ধ্রুবক।

12(b): $\cos^4x = 1 - \cos^2x = \sin^2x$

$\tan^2x + \tan^4x = \tan^2x + \frac{\sin^4 x}{\cos^4 x} = \frac{\sin^2 x}{\cos^2 x} + \frac{\sin^4 x}{\sin^2 x}$

$= \frac{\cos^4 x}{\cos^2 x} + \frac{\sin^{-4} x}{\sin^{-2} x} = \cos^2x + \sin^2x = 1.$

13(a): OD = $\frac{15}{2}$ m, OC = 10m

$DC^2 = OD^2 + OC^2 = \frac{225}{4} + 100$

$= \frac{625}{4}, DC = \frac{25}{2} = 12.5$ m.




14(c): বাহুসংখ্যা = কোণসংখ্যা = n

(2n − 4) × 90° = 1440° ⇒ 2n − 4 = 16

⇒ 2n = 16 + 4 = 20 ⇒ n = 10

একটি অন্তঃকোণ $= \left(\frac{1440}{10}\right)^o = 144^o.$

15(c): O বিন্দু প্রাথমিক অবস্থান,

B বিন্দু অন্তিম অবস্থান $OB^2 = OA^2 + AB^2$

= 400 + 225 = 625, OB = 25 km.




16(a): $\frac{x\text{-এর সহগ}}{x\text{-এর সহগ}} = \frac{y\text{-এর সহগ}}{y\text{-এর সহগ}}$

$\Rightarrow \frac{7-k}{7-9k} = -\frac{5}{4} \Rightarrow 28 - 4k = -35 + 45k$

$\Rightarrow 49k = 63 \Rightarrow k = \frac{63}{49} = \frac{9}{7}.$

17(d): রাশিমালা $= \frac{(a-b)^3 + (b-c)^3 + (c-a)^3}{(a-b)(b-c)(c-a)}$

$= \frac{3(a-b)(b-c)(c-a)}{(a-b)(b-c)(c-a)} = 3.$

[যদি x = a − b, y = b − c, z = c − a হয় তবে x + y + z = a − b + b − c + c − a = 0, $x^3 + y^3 + z^3 = 3xyz$]

18(c): বর্গক্ষেত্রের ক্ষেত্রফল x হলে বৃত্তের ক্ষেত্রফল হবে $\frac{4x}{\pi}$

এখানে x = 22, $\frac{4x}{\pi} = \frac{4 \times 22}{22/7} = 4 \times 7 = 28$ cm².

19(b): ট্রেনের আপেক্ষিক বেগ $= \frac{200}{10} = 20$ m/s $= 20 \times \frac{18}{5} = 72$ kph

[1m/s = $\frac{18}{5}$ kph]

ট্রেনের বেগ = x হলে ব্যক্তির সাপেক্ষে আপেক্ষিক বেগ = x + 3 = 72 ⇒ x = 69

20(a): দৈর্ঘ্য = x, y, ভূমি = b, উচ্চতা = h

b + h + 26 = 60 ⇒ b + h = 34

$(b + h)^2 = 34^2, (b^2 + h^2) = (\text{অতিভূজ})^2 = 26^2$

$2bh = (b + h)^2 - (b^2 + h^2) = 34^2 - 26^2 = 1154 = 676 = 480$

⇒bh = 240 cm², ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}$ bh $= \frac{1}{2} \times 240 = 120$ cm².

21(c): $2\left(x + \frac{1}{x}\right) = 3 \Rightarrow x + \frac{1}{x} = \frac{3}{2}$

$= \left(x + \frac{1}{x}\right)^3 = \frac{27}{8}, x^3 + \frac{1}{x^3} + 3x.\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right) = \frac{27}{8}$

$\Rightarrow x^3 + \frac{1}{x^3} + 3.\frac{3}{2} = \frac{27}{8} \Rightarrow x^3 + \frac{1}{x^3} = -\frac{9}{8}$

$x^3 + \frac{1}{x^3} + \frac{17}{8} = -\frac{9}{8} + \frac{17}{8} = 1.$

22(c): $\frac{5}{(x+1)(2x+1)} = \frac{A(2x+1) + B(x+1)}{(x+1)(2x+1)}$

5 = A(2x + 1) + B (x + 1)

x = −1, 5 = (A (−2 + 1) + 0 ⇒ A = − 5

$x = -\frac{1}{2}, 5 = B.\frac{1}{2} \Rightarrow B = 10.$

23(a): $105^o = 105 \times \frac{\pi}{180} = \frac{7\pi}{12}$, তৃতীয় কোণ = x,

$\frac{7\pi}{12} + \frac{\pi}{12} + x = \pi \Rightarrow x = \pi - \frac{8\pi}{12} = \frac{\pi}{3}.$

24(c): A : B : C = 100 : 65 : 40

C অংশ $= \frac{40}{100 + 65 + 40} = \frac{40}{205} = \frac{8}{41} \Rightarrow \frac{8}{41}$ অংশ = 800 টাকা

1 অংশ $= 800 \times \frac{41}{8} = 4100$ টাকা।

25(a): খুঁটির দৈর্ঘ্য = x, ছায়ার দৈর্ঘ্য = y হলে,

$y = x\sqrt{3}$

$\tan\theta = \frac{x}{y} = \frac{x}{x\sqrt{3}} = \frac{1}{\sqrt{3}} = \tan 30^o \Rightarrow \theta = 30^o.$




**পদার্থবিদ্যা ও রসায়নের সমাধান**

2(a): 0° C উষ্ণতায় গলনের জন্য তাপ = 10 × 80 = 800 cal

0° C উষ্ণতায় 10 g জলকে 100° C উষ্ণতার জলে পরিণত করতে তাপ = 10 × 1 × 100 = 1000 cal

100° C উষ্ণতার 10 g জলকে বাষ্পে পরিণত করতে তাপ = 10 × 537= 5370 cal

মোট তাপ = (800 + 1000 + 5370) = 7170 cal = 7.17 Kcal.

3(c): গড় দ্রুতি $= \frac{2 \times 80 \times 120}{80 + 120} = 96$ k/ph.

4(c): u = 0, t = 5, v = 15, v = u + at ⇒ 15 = 0 + a × 5

⇒ a = 3 cm.s⁻², F = am = 3 × 10 = 30 dyne

5(d): $E = \frac{1}{2}mv^2 = \frac{1}{2} = \frac{m^2v^2}{m} = \frac{P^2}{2m}$ [v = গতিবেগ]

6(d): যান্ত্রিক সুবিধা $= \frac{\text{ভার}}{\text{প্রযুক্ত বল}} = \frac{200}{20} = 10.$

8(c): n = 400, Hz, λ = 4m

V = nλ = 1600 m.s⁻¹.

12(b): STP-তে 22.4L$O_2$ এ অণুর সংখ্যা = $6.022 \times 10^{23}$

$\Rightarrow 11.2L \to 3.011 \times 10^{23}.$

13(d): $CaCO_3 = CaO + CO_2\uparrow$

40 + 12 + 48 = 100    12 + 32 = 44

100 g $CaCO_3$ উত্তপ্ত করলে 44g → $CO_2$ উৎপন্ন হয়

50 g → $\frac{44}{100} \times 50 = 22$ g , ওজনের হ্রাস = 50 − 22 = 28 g.

14(a): $\frac{C - 0}{100 - 0} = \frac{31 - (-2)}{97 - (-2)} = \frac{33}{99}, \frac{C}{100} = \frac{1}{3} \Rightarrow C = \left(\frac{100}{3}\right)^o C.$

17(c): $R_1 = \frac{PL}{\pi r^2}, R_2 = \frac{P.2\ell}{\pi(2r)^2}, \frac{H_1}{H_2} = \frac{R_1}{R_2} = \frac{2}{4} = \frac{1}{2}.$

20(b): $FeSO_4, 7H_2O.$

21(d): 20 g জলে 90g, 100 g → $\frac{90}{20} \times 100 = 450$ g, দ্রাব্যতা = 450 g.

প্রস্তুত করেছেন: সল্টলেকের ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট-এর অধ্যাপক ডঃ শক্তিপদ নন্দ।

## পি এস সি-র মাধ্যমে
# রাজ্য সরকারে ক্লার্ক
## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) মাইকেল মধুসূদন দত্ত (b) দীনবন্ধু মিত্র (c) পাদরি জেমস লঙ (d) ব্রেয়ার ক্লিং

33. কে সর্বপ্রথম 'বয়কটের' আহ্বান জানান?

(a) আনন্দমোহন বসু (b) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (c) কৃষ্ণকুমার মিত্র (d) রামমোহন রায়

34. ভারতে নৌবিদ্রোহের সময় নৌসেনাপতি ছিলেন:

(a) লর্ড মাউন্টব্যাটেন (b) অ্যাডমিরাল গডফ্রে (c) ম্যাক আর্থার (d) কেউই নন

35. উত্তরপ্রদেশে একটি ডিজেল ইঞ্জিন নির্মাণ কারখানা আছে:

(a) এলাহাবাদে (b) কানপুরে (c) বারাণসীতে (d) লখনউতে

36. ভারতের কোন ন্যাশনাল পার্কটি আয়তনে বৃহত্তম?

(a) গঙ্গোত্রী ন্যাশনাল পার্ক (উত্তরাখণ্ড) (b) হেমিস ন্যাশনাল পার্ক (জম্মু-কাশ্মীর) (c) নামধাপা ন্যাশনাল পার্ক (অরুণাচল প্রদেশ) (d) ইন্দ্রাবতী ন্যাশনাল পার্ক (ছত্তিশগড়)

37. ভারতে ক'টি আন্তর্জাতিক সড়কপথ আছে?

(a) একটি (b) দু'টি (c) তিনটি (d) চারটি

38. মেহেরগড় সভ্যতা কোন যুগের সভ্যতা?

(a) নব্যপ্রস্তর যুগের (b) তাম্র প্রস্তর যুগের (c) মধ্য প্রস্তর যুগের (d) ব্রোঞ্জ যুগের

39. উত্তর ভারতে খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতকে ক'টি মহাজনপদ ছিল?

(a) 11টি (b) 13টি (c) 16টি (d) 17টি

40. স্টেনলেস স্টিল (কলঙ্কহীন ইস্পাত) নীচের কোন ধাতুগুলির সংকর?

(a) লৌহ ও নিকেল (b) লৌহ, ক্রোমিয়াম এবং নিকেল (c) লৌহ, ক্রোমিয়াম ও দস্তা (d) লৌহ ও ম্যাঙ্গানিজ

**Direction (41 and 42):** *Choose the word from the list which is nearest in meaning to the underlined part of the sentence.*

41. A bird is sitting on the <u>pinnacle</u> of the temple.

(a) throne (b) branch (c) window (d) turret

42. Our art treasures must be kept for <u>posterity</u>.

(a) art connoisseurs (b) future generations (c) prosperity (d) the wealthy

**Direction ( 43 to 46):** *Choose the word closest in meaning to the opposite of the underlined part of the sentence.*

43. She used to <u>disparage</u> her neighbour every now and then.

(a) praise (b) please (c) belittle (d) denigrate

44. <u>Adversity</u> teaches man to be humble and self-reliant.

(a) sincerity (b) curiosity (b) prosperity (d) animosity

45. The crowd felt <u>stupefied</u> by the lecture.

(a) encouraged (b) engulfed (c) enthused (d) entertained

46. He <u>tended</u> the saplings.

(a) watched (b) spoil (c).negligible (d) ignored

**উত্তর**

1(b), 2(d), 3(d), 4(c), 5(d), 6(b), 7(a), 8(c), 9(d), 10(c), 11(a), 12(a), 13(a), 14(b), 15(d), 16(b), 17(a), 18(b), 19(b), 20(c), 21(a), 22(d), 23(c), 24(d), 25(c), 26(c), 27(c), 28(c), 29(b), 30(c), 31(c), 32(a), 33(c), 34(b), 35(c), 36(b), 37(b), 38(a), 39(c), 40(b), 41(d), 42(b), 43(a), 44(c), 45(b), 46(d).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: কমল বৈদ্য*

## পি এস সি-র মাধ্যমে
# রাজ্য সরকারে ক্লার্ক
## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

58. He deals ____ leather goods.

(a) with (b) for (c) on (d) in

59. When I went there I was accompanied _____ my brother.

(a) with (b) for (c) by (d) of

60. Ram assured the officer ______ his sincerity.

(a) with (b) in (c) for (d) of

**Direction (61 to 65):** *Fill in the blank with appropriate words.*

61. He has been playing _____ morning.

(a) from (b) since (c) for (d) offer

62. She did not turn up _____ 10 p.m.

(a) till (b) until (c) at (d) by

63. No sooner did I reach the station _____ the train started.

(a) then (b) and (c) than (d) that

64. Though he is rich _____ he is very miserly.

(a) yet (b) and (c) nor (d) but

65. You should wait there ____ he comes.

(a) unless (b) whereas (c) until (d) although

**Direction (66 to 70):** *Choose the most opposite one-word substitute.*

এরপর চোদ্দোর পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*

66. A person who has an extensive knowledge:
(a) Scholar (b) Illiterate (c) Innocent (d) Erudite
67. The study of the earth is:
(a) Geology (b) Economy (c) Astronomy (d) Botany
68. One who makes or compiles a dictionary:
(a) Photographer (b) Publisher (c) Manuscript (d) Lexicographer
69. A building where dead bodies are kept:
(a) Aviary (b) Hospital (c) Zoo (d) Mortuary
70. A murderer of one's own mother:
(a) Fratricide (b) Matricide (c) Genocide (d) Suicide
71. একটি ভাগ প্রক্রিয়ায় ভাজক ও ভাগফল, ভাগশেষের 3 ও 4 গুণ, ভাগশেষ 5 হলে ভাজ্য কত?
(a) 60 (b) 300 (c) 305 (d) 320
72. কয়লার মূল্য 25% বৃদ্ধি পাওয়ায় কোনও পরিবার কয়লার ব্যবহার শতকরা কী পরিমাণ কমালে মোট খরচ অপরিবর্তিত থাকবে?
(a) 25% (b) 20% (c) 15% (d) 35%
73. এক ব্যক্তি একটি ঘড়ি 355 টাকায় বিক্রি করলে যত ক্ষতি হয় 425 টাকায় বিক্রি করলে তত লাভ হয়, ঘড়িটির ক্রয়মূল্য কত?
(a) 390 টাকা (b) 400 টাকা (c) 375 টাকা (d) 387.50 টাকা
74. দু'টি সংখ্যার অন্তর 4 ও তাদের গুণফল 96 হলে সংখ্যাদু'টির বর্গের যোগফল কত?
(a) 104 (b) 208 (c) 216 (d) 262
75. $\sqrt{2}+\sqrt{2}+\sqrt{2}$ ...-এর মান কত?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
76. একটি ট্রেন দু'জন ব্যক্তিকে, যাঁদের গতিবেগ 2 কিলোমিটার/ঘণ্টা ও 4 কিলোমিটার/ঘণ্টা যথাক্রমে 9 সেকেন্ড ও 10 সেকেন্ডে অতিক্রম করে। তাহলে ট্রেনটির দৈর্ঘ্য কত? (ট্রেন ও দুই ব্যক্তি একইদিকে যাচ্ছে)
(a) 40 মিটার (b) 50 মিটার (c) 60 মিটার (d) 70 মিটার
77. দু'টি সংখ্যার গুণফল ও ভাগফল যথাক্রমে 128 এবং 2 হলে, বড় সংখ্যাটি হবে:
(a) 18 (b) 16 (c) 14 (d) 19
78. একটি ত্রিভুজের পরিসীমা 30 সেমি, যার বাহুগুলির অনুপাত হল $\frac{1}{20}:\frac{1}{15}:\frac{1}{12}$, ত্রিভুজটির ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য কত?
(a) 7 সেমি (b) $7\frac{1}{2}$ সেমি (c) 1 সেমি (d) $1\frac{1}{2}$ সেমি
79. 62 পয়সা প্রতি মিটার হিসেবে একটি বর্গক্ষেত্র বেড় দিতে 42.16 টাকা খরচ হয়। প্রতি বর্গমিটারে 2 টাকা হিসেবে ওই বর্গক্ষেত্র বাঁধাতে খরচ হয়:
(a) 578 টাকা (b) 600 টাকা (c) 558 টাকা (d) 568 টাকা
80. কয়েকজন বালক তাদের সংখ্যার তিনগুণ 10 পয়সা খরচ করে। যদি মোট খরচ 235.20 টাকা হয়, তবে বালকের সংখ্যা:
(a) 31 (b) 32 (c) 28 (d) 38
81. ছ'টি ক্রমিক সংখ্যার প্রথম তিনটির যোগফল 36। বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যাদু'টির যোগফল কত?
(a) 23 (b) 26 (c) 29 (d) 27
82. তিন অঙ্কের কোন বৃহত্তম সংখ্যা 10, 12, 15 দিয়ে ভাগ করলে প্রতিক্ষেত্রে 4 ভাগশেষ থাকে?
(a) 964 (b) 984 (c) 992 (d) 996
83. একজন লোক 5 মাসের আয় 6 মাসে ব্যয় করেন। তাঁর বার্ষিক সঞ্চয় 9000 টাকা। তাঁর বার্ষিক আয় কত?
(a) 50000 টাকা (b) 52000 টাকা (c) 54000 টাকা (d) 56000 টাকা
84. দু'টি সংখ্যার যোগফল 240 ও ভাগফল 3 হলে, তাদের বিয়োগফল কত?
(a) 60 (b) 90 (c) 120 (d) 180
85. একটি তরল পদার্থপূর্ণ পাত্রের ওজন 24 কিলোগ্রাম এবং অর্ধপূর্ণ পাত্রের ওজন 13 কিলোগ্রাম হলে, পাত্রের ওজন কত?
(a) 1 কিলোগ্রাম (b) 15 কিলোগ্রাম (c) 2 কিলোগ্রাম (d) 25 কিলোগ্রাম
86. একজন লোক 4 টাকায় 5টি জিনিস ক্রয় করলেন এবং 5 টাকায় 4টি জিনিস বিক্রয় করলেন। তাঁর শতকরা লাভ হল কত?
(a) $33\frac{1}{2}$ (b) $41\frac{2}{3}$ (c) $56\frac{1}{4}$ (d) $66\frac{2}{3}$
87. একটি ঘরের দৈর্ঘ্য 6 মিটার, প্রস্থ 4 মিটার ও উচ্চতা 3 মিটার হলে চার দেওয়ালের ক্ষেত্রফল কত হবে?
(a) 30 বর্গমিটার (b) 40 বর্গমিটার (c) 50 বর্গমিটার (d) 60 বর্গমিটার
88. বিক্রয়মূল্য 11 টাকা কম করায় 10% লাভ $8\frac{1}{3}$ % ক্ষতিতে পরিণত হয়। জিনিসটির ক্রয়মূল্য কত?
(a) 55 টাকা (b) 60 টাকা (c) 65 টাকা (d) 75 টাকা
89.60 এবং 75-এর মধ্যে মৌলিক সংখ্যাগুলির যোগফল কত?
(a) 272 (b) 201 (c) 211 (d) 199
90. একটি পরিবারে মজুত চাল থেকে প্রত্যহ 5 কিলোগ্রাম চাল দান করলে ওই পরিবারের 30 দিন চলে এবং প্রত্যহ 8 কিলোগ্রাম চাল দান করলে মাত্র 25 দিন চলে। ওই পরিবারের খাদ্যভাণ্ডারে মজুত চালের পরিমাণ কত?
(a) 400 কিলোগ্রাম (b) 450 কিলোগ্রাম (c) 500 কিলোগ্রাম (d) 425 কিলোগ্রাম
91. একটি নৌকা স্রোতের প্রতিকূলে 30 মিনিটে যায় 2 কিলোমিটার এবং স্রোতের অনুকূলে 2 ঘণ্টা 20 মিনিটে যায় 14 কিলোমিটার। স্রোতের গতিবেগ কত?
(a) 1 কিলোমিটার (b) 1.5 কিলোমিটার (c) 2 কিলোমিটার (d) 2.5 কিলোমিটার
92. A-র বেতন B-র বেতনের থেকে 20% কম। B-র বেতন A-র বেতনের চেয়ে শতকরা কত বেশি?
(a) 25% (b) 15% (c) 20% (d) $33\frac{1}{3}$ %
93. একটি বৃত্তের ব্যাসার্ধ 10% বৃদ্ধি পেলে, ক্ষেত্রফল কত বৃদ্ধি পাবে?
(a) 20% (b) 19% (c) 21% (d) 25%
94. 40 লিটার মিশ্রণে দুধ ও জলের অনুপাত 5 : 3। ওই মিশ্রণে কত লিটার জল মিশ্রিত করলে মিশ্রণে দুধ ও জলের অনুপাত 5 : 4 হবে?
(a) 4 লিটার (b) 5 লিটার (c) 10 লিটার (d) 12 লিটার
95. 1 জানুয়ারি 2001 শুক্রবার হলে, 1 জানুয়ারি 2002 কী বার হবে?
(a) শুক্রবার (b) শনিবার (c) রবিবার (d) সোমবার
96. $\sqrt{1+\frac{27}{169}} = 1+\frac{x}{13}$ হলে x-এর মান কত?
(a) 4 (b) 3 (c) 2 (d) 1
97. চার অঙ্কবিশিষ্ট বৃহত্তম কোন সংখ্যাকে 12, 18 এবং 27 দ্বারা ভাগ করলে ক্রমান্বয়ে 10, 16 এবং 25 ভাগশেষ থাকবে?
(a) 9934 (b) 9936 (c) 9914 (d) 9938
98. রমা ও তার মায়ের বয়সের অনুপাত 2 : 9; তাদের বয়সের পার্থক্য 28 বছর হলে, 6 বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে?
(a) 2 : 7 (b) 3 : 10 (c) 1 : 3 (d) 1 : 2
99. একটি ধাতুর তিনটি ঘনকের ধারের দৈর্ঘ্য 3, 4 এবং 5 সেন্টিমিটার। তিনটিকে গলিয়ে একটা বড় ঘনক তৈরি করলে তার ধার কত হবে?
(a) 6 সেন্টিমিটার (b) 7 সেন্টিমিটার (c) 8 সেন্টিমিটার (d) 9 সেন্টিমিটার
100. একজন গৃহশিক্ষক গৃহ নির্মাণের জন্য ব্যাঙ্ক থেকে 5 বছরের জন্য সরল সুদে কিছু টাকা ঋণ নিলেন। যদি 5 বছরের শেষে সুদের পরিমাণ আসলের $\frac{3}{5}$ অংশ হয়। তাহলে সুদের হার কত?
(a) 8% (b) 10% (c) 12% (d) 14%

### উত্তর

1(d), 2(a), 3(b), 4(c), 5(b), 6(c), 7(c), 8(a), 9(a), 10(a), 11(d), 12(a), 13(b), 14(b), 15(a), 16(a), 17(a), 18(d), 19(c), 20(c), 21(c), 22(c), 23(c), 24(c), 25(d), 26(b), 27(a), 28(c), 29(b), 30(b), 31(b), 32(b), 33(b), 34(c), 35(a), 36(b), 37(b), 38(b), 39(a), 40(a), 41(a), 42(d), 43(c), 44(b), 45(c), 46(c), 47(c), 48(b), 49(b), 50(b), 51(c), 52(c), 53(c), 54(c), 55(a), 56(b), 57(c), 58(d), 59(c), 60(d), 61(c), 62(a), 63(c), 64(a), 65(c), 66(d), 67(a), 68(d), 69(d), 70(b), 71(c), 72(b), 73(a), 74(b), 75(b), 76(b), 77(b), 78(b), 79(a), 80(c), 81(d), 82(a), 83(c), 84(c), 85(c), 86(c), 87(d), 88(b), 89(a), 90(b), 91(a), 92(a), 93(c), 94(b), 95(b), 96(d), 97(a), 98(c), 99(a), 100(c).

### সমাধান

71(c): ভাজক = 3 × 5 = 15, ভাগফল 4 × 5 = 20
ভাজ্য = (20 × 15 + 5) = 305.

72(b): কয়লার ব্যবহার = $\left(\frac{r}{100+r}\times 100\right)\% = \left(\frac{25}{100+25}\times 100\right)\%$
$= \left(\frac{1}{5}\times 100\right)\% = 20\%$.

73(a): ঘড়িটির ক্রয়মূল্য = $\left(\frac{355+425}{2}\right)$ টাকা = $\left(\frac{780}{2}\right)$ = 390 টাকা।

74(b): দু'টি সংখ্যার বর্গের যোগফল = (বিয়োগফল)$^2$ + 2 × গুণফল
∴ দু'টি সংখ্যার বর্গের যোগফল = $(4)^2 + 2\times 96 = (16+192) = 208$.

75(b): ধরি, $x = \sqrt{2+\sqrt{2+\sqrt{2+}}}$ ... ...
∴ $x^2 - x - 2 = 0$ or, $(x-2)(x+1) = 0$ or, $x = 2, -1$
∴ রাশিটির মান 2 বা – 1.

76(b): *সংকেত:* যদি x = প্রথম ব্যক্তির বেগ
y = দ্বিতীয় ব্যক্তির বেগ
a = প্রথম ব্যক্তিকে অতিক্রম করার সময়
b = দ্বিতীয় ব্যক্তিকে অতিক্রম করার সময়
∴ ট্রেনটির দৈর্ঘ্য = $\frac{(y-x)\times a\times b}{a-b}$
প্রথম ব্যক্তির বেগ = 2 কিলোমিটার/ঘণ্টা = $\left(2\times\frac{5}{18}\right) = \frac{5}{9}$ মিটার/সেকেন্ড
দ্বিতীয় ব্যক্তির বেগ = 4 কিলোমিটার/ঘণ্টা = $\left(4\times\frac{5}{18}\right)$
$= \frac{10}{9}$ মিটার/সেকেন্ড
ট্রেনটির দৈর্ঘ্য = $\frac{\left(\frac{10}{9}-\frac{5}{9}\right)\times 10\times 9}{10-9}$ = 50 মিটার।

77(b): সংকেত: ছোট সংখ্যা = $\sqrt{\frac{\text{গুণফল}}{\text{ভাগফল}}}$
ছোট সংখ্যা = $\sqrt{\frac{128}{2}} = \sqrt{64} = 8$
∴ বড় সংখ্যা = (8 × 2) = 16.

78(b): বাহুগুলির অনুপাত = $\frac{1}{20}:\frac{1}{15}:\frac{1}{12}$
20, 15 ও 12-এর ল.সা.গু. = 60
∴ অনুপাত = 3 : 4 : 5
সুতরাং, ক্ষুদ্রতম বাহু = $30\times\frac{3}{(3+4+5)} = 7\frac{1}{2}$ সেমি।

79(a): পরিসীমা = 4216 ÷ 62 = 68 মিটার
∴ দৈর্ঘ্য = 68 ÷ 4 = 17 মিটার
∴ ক্ষেত্রফল = 17 × 17 = 289 বর্গমিটার
∴ খরচ = (289 × 2) = 578 টাকা।

80(c): 10 পয়সার মুদ্রার সংখ্যা = $\left(\frac{235.20\times 100}{10}\right) = 2352$
∴ প্রত্যেকে তিনগুণ 10 পয়সার মুদ্রা দিলে বালকের সংখ্যা = $\sqrt{\frac{2352}{3}}$
$= \sqrt{784} = 28$।

81(d): প্রথম তিনটির যোগফল = 36
∴ দ্বিতীয় সংখ্যাটি = $\frac{36}{3} = 12$
∴ ক্রমিক সংখ্যাগুলি = 11, 12, 13, 14, 15 এবং 16
∴ বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার যোগফল = (16 + 11) = 27.

82(a): 10, 12 ও 15-এর ল.সা.গু. = 60
তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা = 999-কে 60 দ্বারা 16 বার ভাগ করা যায়
∴ নির্ণেয় সংখ্যা = (60 × 16) + 4 = 964.

83(c): 5 মাসের আয় 6 মাসের ব্যয় হলে, বছরে 2 মাসের আয় সঞ্চয় হয়
সুতরাং তাঁর বার্ষিক আয় = $\left(9000\times\frac{12}{2}\right)$ = 54000 টাকা।

84(c): সংকেত: ছোট সংখ্যা = $\frac{\text{সংখ্যাদু'টির যোগফল}}{\text{ভাগফল} + 1}$
ছোট সংখ্যা = $\left(\frac{240}{3+1}\right) = 60$
∴ বড় সংখ্যা = (240 – 60) = 180
∴ বিয়োগফল = 180 – 60 = 120.

85(c): পাত্রের ওজন = (2 × 13 – 24) কিলোগ্রাম
= (26 – 24) কিলোগ্রাম = 2 কিলোগ্রাম।

86(c): লাভ/ক্ষতি = $\left(\frac{5^2-4^2}{4^2}\times 100\right)\% = \left(\frac{9}{16}\times 100\right)\% = \frac{225}{4}\%$
$= 56\frac{1}{4}\%$ ['+' বলে লাভ হবে]

87(d): সংকেত: চার দেওয়ালের ক্ষেত্রফল = পরিসীমা × উচ্চতা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ) উচ্চতা
ক্ষেত্রফল = 2(6 + 4) × 3 = 60 বর্গমিটার।

88(b): $\left(10\% + 8\frac{1}{3}\%\right)$ = 11 টাকা
∴ $\frac{55}{3}\%$ = 11 টাকা, 100% = $\left(\frac{11\times 3\times 100}{55}\right)$ টাকা = 60 টাকা।

89(a): 60 এবং 75-এর মধ্যে মৌলিক সংখ্যাগুলির যোগফল = (61 + 67 + 71 + 73) = 272.

90(b): 30 দিনে দান করে = (30 × 5) = 150 কিলোগ্রাম
25 দিনে দান করে (25 × 8) = 200 কিলোগ্রাম
খাওয়ার জন্য দৈনিক চাল = $\left(\frac{200-150}{30-25}\right)$ কিলোগ্রাম = 10 কিলোগ্রাম
∴ মজুত চালের পরিমাণ = 30(10 + 5) = 450 কিলোগ্রাম।

91(a): প্রতিকূলে গতিবেগ ঘণ্টায় = $\left(2\div\frac{1}{2}\right)$ = 4 কিলোমিটার
এবং অনুকূলে গতিবেগ ঘণ্টায় = $\left(14\div 2\frac{1}{3}\right)$ = 6 কিলোমিটার
∴ স্রোতের গতিবেগ =(6 – 4) ÷ 2 = 1 কিলোমিটার।

92(a): B-র বেতন 100 টাকা হলে, A-র বেতন 80 টাকা
∴ B-র বেতন, A-র চেয়ে $\left(\frac{20}{80}\times 100\right)$ = 25% বেশি।

93(c): ক্ষেত্রফল বৃদ্ধি পাবে = $\left\{(2\times 10) + \left(\frac{10\times 10}{100}\right)\right\}\% = 21\%$.

94(b): জল মেশাতে হবে = $40\times\left(\frac{4-3}{5+3}\right)$ = 5 লিটার।

95(b): 1 জানুয়ারি 2002 = (শুক্রবার + 1) = শনিবার।

96(d): $\sqrt{1+\frac{27}{169}} = \sqrt{\frac{169+27}{169}} = \sqrt{\frac{196}{169}} = \frac{14}{13}$
$= 1+\frac{1}{13} = 1+\frac{x}{13}$ (প্রদত্ত) ⇒ x = 1.

97(a): 12, 18 এবং 27-এর গ.সা.গু. = 108
(12 – 10) = (18 – 16) = (27 – 25) = 2
চার অঙ্কবিশিষ্ট বৃহত্তম সংখ্যা = 9999
9999-কে 108 দ্বারা 92 বার ভাগ করা যায়
নির্ণেয় সংখ্যা = (108 × 92) – 2 = 9936 – 2 = 9934.

98(c): অনুপাতের পার্থক্য = 9 – 2 = 7
7 একক = 28 বছর ⇒ 1 একক = $\frac{28}{7}$ = 4 বছর
রমা → 2 × 4 = 8 বছর, মা → 9 × 4 = 36 বছর
6 বছর পরে, রমা →8 + 6 =14 বছর
মা →36 + 6 = 42 বছর ⇒ অনুপাত = 14 : 42 = 1 : 3.

99(a): তিনটি ঘনকের মিলিত আয়তন = $3^3 + 4^3 + 5^3 = 27 + 64 + 125 = 216$ ঘনসেন্টিমিটার = (6 × 6 × 6) ঘনসেন্টিমিটার
∴ বড় ঘনকের ধার = 6 সেন্টিমিটার।

100(c): যদি আসল = P হয়, তবে সুদ = $\frac{3}{5}$P
আগের সূত্রে r = সুদের হার
$P = \frac{100\times 3P/5}{r\times 5} = \frac{60P}{r\times 5} = \frac{12P}{r} \Rightarrow r\times P = 12P \Rightarrow r = 12\%$.

প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## স্কলারশিপের খোঁজখবর

### কাইন্ড স্কলারশিপ ফর ইয়ং উইমেন

নবম শ্রেণি বা উচ্চতর শ্রেণিতে পাঠরত এবং আর্থিকভাবে অনগ্রসর ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে বাডি ফর স্টাডি ইন্ডিয়া ফাউন্ডেশন।

**আবেদনের যোগ্যতা:** অন্তত নবম শ্রেণিতে পাঠরত হতে হবে। শেষ দেওয়া পরীক্ষায় অন্তত ৬০ শতাংশে নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখের নিচে।

**স্কলারশিপের পরিমাণ:** নবম ও দশম শ্রেণির ক্ষেত্রে প্রতি বছরে ৬,০০০ টাকা, একাদশ ও দ্বাদশ শ্রেণির ক্ষেত্রে প্রতি বছরে ১২,০০০ টাকা এবং পলিটেকনিক, আই টি আই, ডিপ্লোমা, গ্র্যাজুয়েশন বা অন্যান্য কোর্সের ক্ষেত্রে প্রতি বছরে ১৮,০০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/BKS1 আবেদনের শেষ তারিখ ৩১ মে।

### এইচ ডি এফ সি ব্যাঙ্ক এডুকেশনাল ক্রাইসিস স্কলারশিপ সাপোর্ট ২০১৯

আর্থিকভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এইচ ডি এফ সি ব্যাঙ্ক। পারিবারিক সংকট, দৈহিক প্রতিবন্ধকতা কিংবা পরিবারের উপার্জনকারী সদস্যের মৃত্যু বা অসুস্থতার কারণে পড়াশোনা চালিয়ে যাওয়ার ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হওয়া ছাত্রছাত্রীদের এই স্কলারশিপ দেওয়া হবে।

**আবেদনের যোগ্যতা:** অন্তত ষষ্ঠ শ্রেণিতে পাঠরত হতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর ক্ষেত্রে এককালীন ১০,০০০ টাকা এবং পলিটেকনিক, আই টি আই, ডিপ্লোমা, গ্র্যাজুয়েশন বা অন্যান্য কোর্সের ক্ষেত্রে এককালীন ২৫,০০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/HEC6 আবেদনের শেষ তারিখ ১৫ জুন।

### ব্রিটিশ কাউন্সিল গ্রেট এডুকেশন ফুল স্কলারশিপস, সেপ্টেম্বর ২০১৯

ব্রিটেনে গ্র্যাজুয়েশন ও পোস্ট-গ্র্যাজুয়েশন করতে ইচ্ছুক ৩৫ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে ব্রিটিশ কাউন্সিল ইন্ডিয়া। উভয় কোর্সের ক্ষেত্রেই প্রথম বর্ষের পড়াশোনার খরচ বহন করবে ব্রিটিশ কাউন্সিল ইন্ডিয়া। প্রার্থীকে অবশ্যই ব্রিটেনের কোনও বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার সুযোগ পেয়ে থাকতে হবে।

**আবেদনের যোগ্যতা:** অন্তত উচ্চমাধ্যমিক পাশ। প্রার্থীকে অবশ্যই ল্যাঙ্গুয়েজ প্রফিশিয়েন্সি পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/BCGE254 বিশ্ববিদ্যালয়ের তালিকা পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। আবেদনের শেষ তারিখ ১৫ মে।

### জি ই ভি মেমোরিয়াল মেরিট স্কলারশিপ ২০১৯

আইন নিয়ে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ডক্টর গুলাম ই বাহনবতী স্কলারশিপ ফান্ড ট্রাস্ট। স্কলারশিপ বাবদ দেওয়া হবে বছর প্রতি ৫০,০০০ টাকা থেকে ২ লাখ টাকা পর্যন্ত।

**আবেদনের যোগ্যতা:** এল এল বি বা এল এল এম কোর্স পাঠরতরা আবেদনের যোগ্য। প্রার্থীকে ২০১৯-এ হওয়া ক্ল্যাট বা ল স্কুল অ্যাডমিশন টেস্ট বা এ আই এল ই টি বা সমতুল আইন-সংক্রান্ত প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশে নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১০ লাখের নিচে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/GMM2 আবেদনের শেষ তারিখ ৩১ মে।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## আই টি বি পি-তে ১২১ খেলোয়াড়

*প্রথম পাতার পর*

বা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে পদক জিতে থাকতে হবে।

**বয়স:** ২১-৬-২০১৯ তারিখে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সি-রা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (গোর্খা এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, উগ্র বামপন্থী অধ্যুষিত এলাকার তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫২.৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি ও উগ্র বামপন্থী অধ্যুষিত এলাকার তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭.৫ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ৭৭ সেমি ও ৮২ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। সবক্ষেত্রেই বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে।

**দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-সিক্স, খারাপ চোখে এন-নাইন। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। প্রার্থীকে শারীরিকভাবে সক্ষম হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, তির্যক চাউনি, শিরাস্ফীতি থাকলে চলবে না।

**বেতন:** প্রতি মাসে ২১,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে খেলাধুলার যোগ্যতা, দৈহিক মাপজোক যাচাই এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment.itbpolice.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২২ এপ্রিল থেকে ২১ জুন পর্যন্ত। দরখাস্তের সময় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইনে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা ও তফসিলিদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালস ট্রাবাঙ্কোরে ১৩৭

*প্রথম পাতার পর*

উপজাতি ২, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশে নম্বর-সহ মেকানিক্যাল বা প্রোডাকশন বা ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং অথবা ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক।

পোস্ট কোড ১৭: **ম্যানেজমেন্ট ট্রেনি (ইলেক্ট্রিক্যাল):** ৩টি (তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশে নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক।

পোস্ট কোড ১৮: **ম্যানেজমেন্ট ট্রেনি (ইনস্ট্রুমেন্টেশন):** ৫টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশে নম্বর-সহ ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশনে স্নাতক।

পোস্ট কোড ১৯: **ম্যানেজমেন্ট ট্রেনি (সিভিল):** ৪টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশে নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক।

পোস্ট কোড ২১: **ম্যানেজমেন্ট ট্রেনি (ফায়ার অ্যান্ড সেফটি):** ৩টি (সাধারণ ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশে নম্বর-সহ ফায়ার অ্যান্ড সেফটি ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক।

পোস্ট কোড ২৩: **ম্যানেজমেন্ট ট্রেনি (হিউম্যান রিসোর্স):** ৩টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশে নম্বর-সহ হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা লেবার ওয়েলফেয়ারে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা পার্সোনেল বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ সোশ্যাল ওয়ার্ক বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা।

পোস্ট কোড ২৪: **ম্যানেজমেন্ট ট্রেনি (মেটেরিয়ালস):** ৮টি (সাধারণ ৬, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশে নম্বর-সহ ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় স্নাতক বা যে-কোনও শাখায় পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি অথবা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা।

**বয়স:** ২৬ বছরের মধ্যে হতে হবে। জন্মতারিখ ১-৪-১৯৯৩-এর পরে হতে হবে।

**বেতনক্রম:** ট্রেনিংয়ের প্রথম বছরে প্রতি মাসে নির্দিষ্ট ৩০,০০০ টাকা ও দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩৫,০০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে। তখন বেতনক্রম ২০,৬০০-৪৬,৫০০ টাকা।

সব ক্ষেত্রেই তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা শিক্ষাগত যোগ্যতার নম্বরে ১০ শতাংশে ছাড় পাবেন।

পোস্ট কোড ২৫: **টেকনিশিয়ান (প্রোসেস):** ২৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রিতে ডিগ্রি অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজিতে ডিপ্লোমা, সঙ্গে কোনও ফার্টিলাইজার বা কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল প্ল্যান্টে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড ২৬: **টেকনিশিয়ান (মেকানিক্যাল):** ১৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে কোনও ফার্টিলাইজার বা কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা থার্মাল পাওয়ার প্ল্যান্টে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা।

পোস্ট কোড ২৭: **টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল):** ১৯টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে কোনও ফার্টিলাইজার বা কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা থার্মাল পাওয়ার প্ল্যান্টে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড ২৮: **টেকনিশিয়ান (ইনস্ট্রুমেন্টেশন):** ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে কোনও ফার্টিলাইজার বা কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল প্ল্যান্টে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা।

পোস্ট কোড ২৯: **টেকনিশিয়ান (সিভিল):** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে কোনও ফার্টিলাইজার বা কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল প্ল্যান্টে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। জন্মতারিখ ১-৪-১৯৮৪-র পরে হতে হবে। **বেতনক্রম:** ৯,২৫০-৩২,০০০ টাকা।

সব ক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ম্যানেজমেন্ট ট্রেনি (ফায়ার অ্যান্ড সেফটি) এবং টেকনিশিয়ান (প্রোসেস) পদের জন্য আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, অফিসার এবং ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে পরীক্ষা নেওয়া হবে হায়দরাবাদ, চেন্নাই ও কোচিতে। প্রশ্ন হবে অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ, জেনারেল নলেজ এবং টেকনিক্যাল অ্যাপ্টিটিউড বা সংশ্লিষ্ট বিষয়ে। অন্যান্য পদগুলির ক্ষেত্রে পরীক্ষাকেন্দ্র কোচি। প্রশ্ন হবে অ্যাপ্টিটিউড অ্যান্ড রিজনিং এবং সংশ্লিষ্ট বিষয়ে। সব ক্ষেত্রেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fact.co.in দরখাস্তের শেষ তারিখ ২০ মে। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ইনকাম অ্যান্ড অ্যাসেট সার্টিফিকেট আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, অফিসার ও ম্যানেজমেন্ট ট্রেনির ক্ষেত্রে ১,০০০ টাকা এবং অন্যান্য পদের ক্ষেত্রে ৫০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সেন্ট্রাল ম্যানুফ্যাকচারিং টেকনোলজি ইনস্টিটিউটে ইঞ্জিনিয়ারিং অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকলে, এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে এবং ১ বছর বা তার বেশি কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

**স্টাইপেন্ড:** গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে প্রতি মাসে ৪,৯৮৪ টাকা এবং টেকনিক্যাল অ্যাপ্রেন্টিসদের ক্ষেত্রে প্রতি মাসে ৩,৫৪২ টাকা।

অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১০ মে। রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সচিত্র পরিচয়পত্র, আধার কার্ড, ব্যাঙ্ক অ্যাকাউন্টের তথ্যাদি দিতে হবে। রেজিস্ট্রেশন সম্পূর্ণ হওয়ার পর একটি স্টুডেন্ট এনরোলমেন্ট নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। এর পর এস্টাব্লিশমেন্ট সার্চে গিয়ে সেন্ট্রাল ম্যানুফ্যাকচারিং টেকনোলজি ইনস্টিটিউট (সি এম টি আই), ব্যাঙ্গালোর-কে সিলেক্ট করবেন। এর পর আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.cmti-india.net আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা আবেদনপত্র স্ক্যান করে ১৫ মে-র মধ্যে ই-মেল করবেন এই ঠিকানায়: training.cmti@nic.in আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### ফল বেরোল

**সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়ায় অফিসার গ্রেড-এ (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার) পদে নিয়োগের চূড়ান্ত ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে:** www.sebi.gov.in


## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**জুন-এর প্রতিযোগিতার জন্য মে মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ জুন-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**